চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 29, Issue No.: 70 Friday, 9 February, 2024 ❋ ২৯ বর্ষ, ৭০ সংখ্যা ❋ ২৫ মাঘ, ১৪৩০, শুক্রবার, ৯ ফেব্রুয়ারি, ২০২৪ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

খাতায়-কলমে তারা সংস্থার ডিরেক্টর। কিন্তু সর্বোচ্চ পদে থেকেও সংস্থার আয়-ব্যয়, এমনকি কাজের ধরণটুকুও পর্যন্ত তারা জানেন না ! ...বিস্তারিত পাতা ৩

একেই বলে রক্ষক'ই ভক্ষক! নবদ্বীপের একটি অন্যতম প্রাচীন ও হেরিটেজ হিসেবে স্বীকৃত মন্দিরে চুরির ঘটনায় গ্রেপ্তার পুরোহিত। ...বিস্তারিত পাতা ৫

পাকিস্তান জুড়ে বৃহস্পতিবার সকাল ৮টা থেকে ভোটগ্রহণ পর্ব শুরু হয়। তবে তারই মধ্যে ফের ঘটল জোড়া বিস্ফোরণে। বালুচিস্তান এবং খাইবার পাখতুনখাওয়া। ...বিস্তারিত পাতা ৬

ভারতীয় তারকা পেসার মহম্মদ সামি কি চান তাঁকে নিয়ে একটি বায়োপিক হোক? আর তেমনটা হলে কোন অভিনেতার মুখ্য চরিত্রে থাকা উচিত? ...বিস্তারিত পাতা ৮

বিধানসভায় রাজ্য বাজেট পেশ চন্দ্রিমার

৪ শতাংশ বাড়ল ডিএ, দ্বিগুণ লক্ষ্মীর ভাণ্ডার

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ ফেব্রুয়ারিঃ রাজ্য সরকারি কর্মচারীদের আরও চার শতাংশ হারে মহার্ঘ ভাতা বৃদ্ধি করা হল। বৃহস্পতিবার বিধানসভার বাজেট অধিবেশনে সে কথা ঘোষণা করা হয়েছে। এই নিয়ে একই বছরে দু'বার ডিএ বৃদ্ধি করল রাজ্য সরকার। বাজেট অধিবেশনে রাজ্যের অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বাজেট পাঠ করেন। সেখানেই জানানো হয়, আরও চার শতাংশ হারে রাজ্য সরকারি কর্মচারীদের ডিএ বৃদ্ধি করা হবে। গত জানুয়ারি মাসেও ডিএ বৃদ্ধির ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সে বারও চার শতাংশ ডিএ বেড়েছিল। কেন্দ্রীয় সরকারি কর্মচারীরা বর্তমানে ৪৬ শতাংশ হারে ডিএ পান। বৃহস্পতিবারের ঘোষণার পর রাজ্য সরকারি কর্মচারীদের ডিএ বেড়ে হল ১৪ শতাংশ। অর্থাৎ, এখনও ডিএ-র ক্ষেত্রে কেন্দ্র-রাজ্য ফারাক থাকছে ৩২ শতাংশ। গত ২১ ডিসেম্বর পার্ক স্ট্রিটে বড়দিনের উৎসবের উদ্বোধন করতে গিয়ে সরকারি কর্মচারীদের জন্য চার শতাংশ ডিএ বৃদ্ধির কথা ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী। ঘটনাচক্রে ওই দিনই কলকাতা হাই কোর্ট সংগ্রামী যৌথ মঞ্চের সদস্যদের ডিএর দাবিতে নবান্নের সামনে বিক্ষোভে বসার অনুমতি দিয়েছিল। মহার্ঘ ভাতা বৃদ্ধি এবং কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতার দাবিতে দীর্ঘ দিন ধরে বিক্ষোভ দেখাচ্ছেন সরকারি কর্মচারীদের একাংশ। বৃহস্পতিবার রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের ঘোষণা তাঁদের জন্য কিছুটা স্বস্তির বার্তা দেবে। এত দিন রাজ্য সরকারি কর্মচারীরা ৬ শতাংশ হারে ডিএ পেতেন। ডিসেম্বরের ঘোষণার পর সেই ডিএ বেড়ে হয় ১০ শতাংশ। জানুয়ারি থেকে সেই বর্ধিত ডিএ কার্যকর হয়েছিল। আবার বৃহস্পতিবারের ঘোষণায় ডিএ বেড়ে ১৪ শতাংশ হয়ে গেল। এই বর্ধিত হারে ডিএ আগামী মে মাস থেকে কার্যকর হবে। ডিসেম্বরে ডিএ বৃদ্ধির ঘোষণার সময়েই মমতা এ বিষয়ে কেন্দ্র-রাজ্য ফারাক বুঝিয়েছিলেন। তিনি জানিয়েছিলেন, কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে ডিএ বাধ্যতামূলক। কিন্তু রাজ্য সরকারের ক্ষেত্রে তা নয়।

রাজ্যে ডিএ ঐচ্ছিক। রাজ্য সরকারি কর্মচারীদের ৪ শতাংশ ডিএ বৃদ্ধির ফলে সরকারের ২,৪০০ কোটি টাকা খরচ হবে বলে জানান তিনি। এতে উপকৃত হবেন রাজ্যের ১৪ লক্ষ সরকারি কর্মী। বৃহস্পতিবারের বাজেট নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন বিজেপির রাজ্য সরকারি কর্মচারী সংগঠন 'সরকারি কর্মচারী পরিষদ'। তাঁদের তরফে বলা হয়েছে, ''কেন্দ্র-সহ একাধিক রাজ্য ৪৬ শতাংশ হারে ডিএ পায়। এ রাজ্যে মে মাস থেকে মাত্র ১৪ শতাংশ ডিএ দেওয়া হবে। কেন্দ্র ডিএ আরও বৃদ্ধি করবে। ফলে ব্যবধান আরও বাড়বে। ফলে আমরা মনে করি, এই চার শতাংশ ডিএ বাড়িয়ে রাজ্য সরকারি কর্মীদের ভিক্ষা দেওয়া হল। তীব্র অসন্তোষ প্রকাশ করছি।'' এদিন রাজ্য বাজেটে লক্ষ্মীর ভাণ্ডারের ভাতা বৃদ্ধি করল রাজ্য। ৫০০ টাকা থেকে বাড়িয়ে লক্ষ্মীর ভাণ্ডারের ভাতা করা হল ১ হাজার টাকা। এবং যাঁরা এতদিন ১ হাজার টাকা ভাতা পেতেন, তাঁরা এবার থেকে ১২০০ টাকা ভাতা পাবেন। ক্ষমতায় আসার পর রাজ্যের মা, বোনেদের স্বার্থে এই লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্প চালু করেন মমতা বন্দ্যোপাধ্যায়। এই মুহূর্তে রাজ্যের প্রায় ২ কোটি ১১ লক্ষ মহিলা এই প্রকল্পে ভাতা পেয়ে থাকেন। এক লপ্তে ৫০০ টাকা থেকে ভাতা ১০০০ টাকা অর্থাৎ ডাবল হয়ে যাওয়ায় মহিলারা অনেকখানি উপকৃত হবেন বলেই মনে করছে রাজ্য। অন্যদিকে তফসিলি জাতি ও তফসিলি উপজাতি এবং অনগ্রসর শ্রেণির মহিলাদের জন্য বরাদ্দ বেড়ে হল ১০০০ টাকা থেকে ১২০০ টাকা। তবে এই বর্ধিত ভাতা পাওয়া যাবে ২০২৪ সালের মে মাস থেকে পাওয়া যাবে। কারণ, এটা আগামী অর্থবর্ষের জন্য বাজেট ঘোষণা করা হল। অর্থাৎ এই বাজেট ১ এপ্রিল থেকে বাস,স্তবায়িত হওয়ার কথা। এজন্য লক্ষ্মীর ভাণ্ডার খাতে সরকারের অতিরিক্ত ১২ হাজার কোটি টাকা খরচ হবে। সিভিক ভলান্টিয়ারদের জন্য বড় ঘোষণা এবারের বাজেটে। বাড়ানো হল রাজ্য পুলিশে তাদের যুক্ত হওয়ার কোটাও। মাসিক বেতন আরও ১ হাজার টাকা বাড়ানোর প্রস্তাব দেওয়া হয়েছে। এতদিন তাঁরা ৯ হাজার টাকা বেতন পেতেন। এবার তা বেড়ে ১০ হাজার টাকা হল। রাজ্য পুলিশে যুক্ত হওয়ার কোটা বাড়িয়ে ১০ শতাংশ থেকে ২০ শতাংশ করার প্রস্তাব দেওয়া হয়েছে। ১৮০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব দেওয়া হয়েছে এই ক্ষেত্রে। সিভিক ভলান্টিয়ার বা গ্রিন পুলিশ বা ভিলেজ পুলিশ-সহ যে সমস্ত চুক্তিভিত্তিক কর্মীরা অবসরকালীন সুবিধা হিসাবে ২ লক্ষ টাকা অথবা ৩ লক্ষ টাকা পাওয়ার যোগ্য, তাদের সেই টাকার পরিমাণ বাড়িয়ে ৫ লক্ষ টাকা পর্যন্ত করার প্রস্তাব দেওয়া হয়েছে। একইসঙ্গে চুক্তিভিত্তিক গ্রুপ ডি ও গ্রুপ সি কর্মীদের মাসিক পারিশ্রমিক যথাক্রমে ৩ হাজার টাকা ও সাড়ে ৩ হাজার টাকা করে বৃদ্ধির প্রস্তাব দেওয়া হয়েছে এই বাজেটে। ২৮৮ কোটি টাকা বরাদ্দ হয়েছে এর জন্য। অন্যদিকে মিডডে মিলের রাঁধুনিদের মাসিক ভাতাও বাড়ানো হয়েছে। ১ হাজার টাকা থেকে তা বাড়িয়ে দেড় হাজার টাকা করা হয়েছে।

'সব মিথ্যাচার, কথার খেলায় মানুষকে টুপি পরানোর চেষ্টা'

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ ফেব্রুয়ারিঃ সামাজিক প্রকল্পগুলিতে অর্থ বরাদ্দ বাড়ানো-সহ একাধিক সুযোগ-সুবিধা নিয়ে বৃহস্পতিবার বিধানসভায় পেশ হয়েছে চলতি অর্থবর্ষের রাজ্য বাজেট। বিভিন্ন জনমুখী প্রকল্পগুলির সুবিধা বাড়ানো হয়েছে বলে এদিন ঘোষণা করা হয়েছে বাজেটে। কিন্তু বাজেট পেশের পরেই এই বাজেটকে 'লোকসভা ভোটের প্রচার' বলে আক্রমণ করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি দাবি করেছেন, এই বাজেট 'দিশাহীন', কথার

রাজ্য বাজেট নিয়ে সমালোচনা শুভেন্দুর

খেলায় মানুষজনকে বোকা বানানোর চেষ্টা হয়েছে। বাজেট অধিবেশনের শুরুতেই উত্তপ্ত হয়ে উঠেছিল বিধানসভা। অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বাজেট পড়তে শুরু করা মাত্রই হই হট্টগোল শুরু করেছিলেন বিরোধীরা। এসবের পর নির্বিঘ্নে বাজেট পেশ করেন অর্থমন্ত্রী। তা শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই বিধানসভায় নির্দিষ্ট কক্ষে সাংবাদিক বৈঠক শুরু করেন বিরোধী দলনেতা। তিনি বলেন, ''শাসকদলের মন্ত্রী-বিধায়করা জেলে। সন্দেশখালিতে জনজাগরণ ঘটেছে। তাই আতঙ্কিত হয়ে এই বাজেট পেশ করা হয়েছে।'' শুভেন্দুর দাবি, ''এই বাজেটে পশ্চিমবঙ্গে কর্মসংস্থান, শূন্যপদে নিয়োগ, শিল্প ও বাণিজ্যের পরিবেশ, রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার কোনও দিশা নেই। বাজেটে আছে শুধু কথার খেলা। আর কিছু অর্থ বিলোনোর চেষ্টা হয়েছে। বাজেটে লক্ষ্মীর ভাণ্ডারের টাকার পরিমাণ

ও সিভিক ভলান্টিয়ারদের ভাতা যা বাড়ানো হয়েছে তা প্রয়োজনের তুলনায় খুবই কম।'' শুভেন্দু আরও বলছেন, 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রকল্পে ১০০০ টাকা পাবেন সাধারণ শ্রেণির মহিলারা। আর তফসিলি জাতি-উপজাতিদের জন্য তা ১২০০ টাকা। অর্থাৎ উভয়ের ফারাক মাত্র ২০০ টাকা। এই ২০০ টাকা বাড়িয়ে তফসিলি জাতি-উপজাতির মহিলাদের অপমান করা হয়েছে বলে দাবি করেছেন তিনি। বিরোধী দলনেতা বলছেন, ''রাজ্য বাজেটে দার্জিলিংয়ের পাহাড়, জঙ্গলমহল, সুন্দরবন, কৃষকরা উপেক্ষিত। সিভিক ভলান্টিয়ারদের মাত্র ৯ হাজার টাকা দিয়ে পুলিশের সমান কাজ করানো হয়। বাজেটে তাঁদের বেতন মাত্র ১ হাজার টাকা বাড়ানো হয়েছে।'' পেট্রল, ডিজেলে কোনও ছাড়ের উল্লেখ নেই বাজেটে। এলপিজি সিলিন্ডারে রাজ্য ৩০০ টাকা করে কর নেয়। রাজস্থান ৪০০ টাকা ছাড় দিয়েছে। রাজ্য সরকারের বাজেটে এলপিজি সিলিন্ডারের ছাড়ের কোনও উল্লেখই নেই। বাজেটে ৫ লক্ষ চাকরির কথা ঘোষণা করা হলেও কবে কোন দফতরে কত নিয়োগ হবে তার কোনও উল্লেখ নেই, এমনটাই দাবি করেছেন শুভেন্দু অধিকারী। তাঁর বক্তব্য, ''এই বাজেটে ৪ শতাংশ ডিএ দেওয়ার পরেও কেন্দ্রের সঙ্গে রাজ্যের কর্মচারীদের ডিএ-র ফারাক ৪০ শতাংশ। তাছাড়া ডিএ পাওয়া যাবে সেই ভোট গণনার পর।'' শুভেন্দু বলছেন, শিল্পের কোনও দিশা নেই বাজেটে। সংখ্যালঘু মুসলিমদের উন্নয়নের জন্য কোনও ঘোষণা নেই। আদিবাসী, লেপচা, ভুটিয়ারাও এই বাজেটে উপেক্ষিত। হাসপাতাল, শিক্ষার খাতেও বাজেটে কোনও বরাদ্দ করা হয়নি। এই বাজেট মিথ্যাচার ছাড়া কিছুই নেই বলে দাবি করেছেন তিনি।

'ডেডলাইন' এপ্রিল, কেন্দ্র না দিলে ১১ লক্ষের আবাসের টাকাও মমতাই দেবেন

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ ফেব্রুয়ারিঃ আবাস যোজনা নিয়ে বড় পদক্ষেপের কথা ঘোষণা হল বৃহস্পতিবার। ঘোষণাটি কার্যকর হলে প্রকল্পের আওতায় থাকা ১১ লক্ষ মানুষ উপকৃত হবেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানান, বাজেটে আলাদা করে আবাস যোজনার জন্য ভাবা হয়েছে। শুধু কেন্দ্রীয় সরকার কী সিদ্ধান্ত নেয় তার জন্য অপেক্ষা করা হচ্ছে। মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ''কেন্দ্রীয় সরকার আবাস যোজনায় টাকা পাঠাচ্ছে কিনা তা দেখার জন্য আর এক মাস অপেক্ষা করা হবে। তারপরও যদি টাকা না আসে তাহলে রাজ্য সরকারের তরফ থেকে মে মাসের ১ তারিখ থেকে আবাস যোজনার জন্য টাকা দেওয়া হবে।'' প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে বাড়ি না পাওয়া রাজ্যবাসীর বঞ্চনা প্রসঙ্গে এর আগেও সরব হয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। দাবি করেছিলেন, কেন্দ্রীয় সরকার এই প্রকল্পে কোনও টাকাই দিচ্ছে না। মমতা জানিয়েছিলেন, বারবার বলা সত্ত্বেও কেন্দ্রের তরফে কোনও প্রতিক্রিয়া মেলেনি। এবার বাজেট ঘোষণার দিনে আবাস যোজনা নিয়ে বড় পদক্ষেপ নিল রাজ্য সরকার। লোকসভা ভোটের আগে, অর্থাৎ আগামী এপ্রিল মাসের আগে বাংলার ১১ লক্ষ ৩৬ হাজার পরিবারকে বাড়ি বানানোর জন্য নগদ টাকা দেবে

মমতা বন্দ্যোপাধ্যায় সরকার, এমনটা আগেই জানিয়েছিল সংবাদমাধ্যম। দুটি কিস্তিতে প্রতিটি পরিবার ১ লক্ষ ২০ হাজার টাকা করে পাবে। মোদি সরকারের মুখাপেক্ষী না থেকে বাংলার নিজের তহবিল থেকেই এই অর্থ বরাদ্দ করার প্রস্তুতি অনেক আগে থেকেই নিয়েছিল নবান্ন। এ জন্য রাজ্যের খরচ হবে প্রায় সাড়ে ১৩ হাজার কোটি টাকা। শুধু তাই নয়, এই বাড়ি তৈরি জন্য গ্রামের মানুষকে একশ দিনের প্রকল্পের আওতায় কাজ দেওয়া হবে বলেও আন্দাজ করা যায়। অর্থাৎ বাড়ি বানানোর জন্য একশ দিনের কাজে নথিভুক্ত শ্রমিকরা কাজ করবেন এবং তাঁরা মজুরি পাবেন। অর্থাৎ এক প্রকল্প থেকে দু'রকম সুবিধা পাবেন মানুষ, এই আশা তাঁরা করতে পারেন।

তোলাবাজি ও খুনের অভিযোগে গ্রেফতার আরাবুল

দুরন্ত বার্তা, ভাঙড়, ৮ ফেব্রুয়ারিঃ বাংলায় তৃণমূল জমানায় ভাঙড় ও আরাবুল ইসলাম সমার্থক হয়ে উঠেছিল। ভাঙড়ে আইএসএফ নেতা নওসাদ সিদ্দিকি জেতার পর সেই সংজ্ঞা বদলেছে। এহেন আরাবুল ইসলামকে বৃহস্পতিবার গ্রেফতার করল পুলিশ। তাঁর বিরুদ্ধে তোলাবাজির অভিযোগ রয়েছে। অন্য একটি সূত্রে জানা গেছে, তাঁকে খুনের অভিযোগে গ্রেফতার করা হয়েছে। গত বছর পঞ্চায়েত নির্বাচনের সময়ে ভাঙড়ে লাগাতার হিংসার ঘটনা ঘটেছিল। ১৫ জুন, পঞ্চায়েতের মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন খুন হন মইনুদ্দিন মোল্লা নামে এক আইএসএফ কর্মী। খুনের অভিযোগ ছিল তৃণমূলের এই দুর্দণ্ডপ্রতাপ নেতা সহ আরও কয়েক জনের বিরুদ্ধে। সেই ঘটনার ৮ মাস পর গ্রেফতার আরাবুল। এছাড়া তাঁর বিরুদ্ধে আরও অভিযোগ, ভাঙড়ের এক অঞ্চলে নির্মাণ কাজ চলছিল। আরাবুল সেখান থেকে লক্ষ লক্ষ টাকা তোলাবাজি করেছেন। উত্তর কাশীপুর থানার পুলিশ তাঁকে গ্রেফতার করে লালবাজার নিয়ে গেছে জানা গেছে। সেখানেই তাঁকে জিজ্ঞাসাবাদ করা হবে। আরাবুলের বিরুদ্ধে আইএসএফ-এর অভিযোগ নতুন নয়। দক্ষিণ চব্বিশ পরগনার ভাঙড় আসন থেকে জিতে বিধানসভার সদস্য হওয়ার পরও ভাঙড়ে ঢুকলেই তাঁকে হেনস্থা করা হচ্ছে, বলে বারবার অভিযোগ করেছিলেন নওসাদ। দীর্ঘদিন বিধায়ক হয়েও ভাঙড়ে ঢুকতে পারেননি তিনি। তবে আরাবুলের স্পষ্ট বার্তা এটাই ছিল যে, নওসাদ থাকলে ভাঙড়ে অশান্তিই হবে। সেই আরাবুলকে তোলাবাজি, খুনের মামলায় গ্রেফতার করল কলকাতা পুলিশ। যদিও বিজেপির দাবি, এটা রাজনৈতিক অভিসন্ধি ছাড়া কিছুই নয়। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই ঘটনার পিছনে রাজনৈতিক অভিসন্ধি দেখতে পাচ্ছেন। তাঁর কথায়, আরাবুলকে দিয়ে ভোট লুট করবে তৃণমূল। সবটাই হচ্ছে ভোটের জন্য। এই ঘটনা পরিকল্পিত।

আমার শেষ দিন..., থ্যাঙ্ক ইউ দিদি দেব

নয়াদিল্লি, ৮ ফেব্রুয়ারিঃ লোকসভায় তাঁর বরাদ্দ আসনের ছবি বুধবার পোস্ট করে ঘাটালের তৃণমূল সাংসদ তথা অভিনেতা দীপক অধিকারী (দেব) লিখেছিলেন, 'আর কয়েক ঘণ্টা'। বৃহস্পতিবার চূড়ান্ত ঘোষণা করে দিলেন দেব। সংসদের ভিডিয়ো সমাজমাধ্যমে পোস্ট করে লিখলেন, 'সংসদে আমার শেষ দিন। ধন্যবাদ দিদি। ধন্যবাদ ঘাটালবাসীকে।' এর আগে বৃহস্পতিবার দুপুরে সংসদের বক্তৃতায় দেব বলেছিলেন, ''আমি থাকি বা না থাকি, ঘাটাল আমার হৃদয়ে থেকে যাবে।'' যে বাক্যবন্ধকে অনেকেই সমাপ্তি বক্তৃতা বলেই ভেবেছিলেন। হলও তাই। পাশাপাশিই দেব বলেছিলেন, ''১০ বছর সাংসদ হিসাবে কাজ করতে দেওয়ার জন্য আমি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাতে চাই।'' অধিবেশনের পরে নতুন সংসদ ভবনের বাইরে বৃহস্পতিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে দেব বলেছিলেন, ''ভোটে দাঁড়ানোর বিষয়ে আমার কী বক্তব্য তা এক বছর আগেই আমি নেত্রীকে জানিয়েছিলাম। কয়েক দিন আগেও তা জানিয়েছি। এখন এ নিয়ে কিছু বলব না।'' যদিও পরে সমাজমাধ্যমে তা স্পষ্ট করে দেন। সংসদের বক্তৃতায় দেব এ-ও বলেন, ''ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য ১০ বছর ধরে কেন্দ্রীয় সরকার কোনও অর্থ দেয়নি। যা করার রাজ্য করেছে।'' বস্তুত, ঘাটাল মহকুমায় প্রতি বছর বর্ষায় বন্যা পরিস্থিতি তৈরি হয়। তা রুখতেই মাস্টার প্ল্যানের কথা বহু দিন ধরেই আলোচনার মধ্যে রয়েছে। কিন্তু গত কয়েক দশক ধরে ভোটের সময়ে তা 'ইস্যু' হলেও কার্যকর হয় না। সম্প্রতি বিজেপির তরফে অভিযোগ তোলা হয়েছিল, কেন্দ্রীয় সরকার ১৬০০ কোটি টাকা দিলেও কাটমানির ভাগাভাগির লড়াইয়ে সেই টাকা ফেরত চলে গিয়েছে। সেই অভিযোগ উড়িয়ে দেব বলেন, ''কারা বলছে আমি জানি না। তবে সংসদেও বলেছি, কেন্দ্র কোনও টাকা দেয়নি। যতটুকু হয়েছে তা রাজ্যের টাকাতেই হয়েছে।'' উল্লেখ্য, দেব নিজেও ঘাটালের

ভূমিপুত্র। দেব ভোটে দাঁড়াবেন কি না তা নিয়ে অনেক দিন ধরেই গুঞ্জন চলছে। শাসকদলের মধ্যে এই আলোচনা রয়েছে, রাজ্যের এক মন্ত্রীর উপর দেব ক্ষুব্ধ। তাঁর ছবি নন্দনে জায়গা না পাওয়া নিয়েই নাকি সেই ক্ষোভের সূত্রপাত। যদিও অভিনেতা-সাংসদ কখনও, কোথাও প্রকাশ্যে এ বিষয়ে কিছু বলেননি। তবে তাঁর ঘনিষ্ঠেরা জানিয়েছিলেন, তিনি ক্ষুব্ধ। আবার অনেকের মতে, দেব-ঘনিষ্ঠেরা মন্ত্রীর উপর ক্ষোভের কথা বললেও নেপথ্যে অন্য কারণ রয়েছে। সেই কারণ কী? তাঁদের বক্তব্য, গরু পাচার মামলার তদন্তের সূত্রে দেবকে ডেকেছিল সিবিআই। অভিযোগ, গরু পাচারের টাকা দেবের ছবিতে বিনিয়োগ হয়েছিল। দেব কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে এড়াতেই আর ভোটে দাঁড়াতে চান না বলে বক্তব্য ওই অংশের। তবে তৃণমূল সূত্রে খবর, মমতা বন্দ্যোপাধ্যায় দেবকে ভোটে দাঁড় করানোর বিষয়ে আগ্রহী। কালীপুজোর পরের দিন দিদির বাড়িতে দধিকর্মা খেতে গিয়েছিলেন দেব। সে দিন বেশ খানিক ক্ষণ দু'জনের মধ্যে কথা হয়েছিল। কিন্তু শাসকদলের একাধিক নেতার বক্তব্য, দেব মমতার সামনেও ভোটে দাঁড়ানোর বিষয়ে হ্যাঁ, না কিছুই বলেননি। তবে জনশ্রুতি, বিশ্বকাপে ইডেনে ভারত-দক্ষিণ আফ্রিকা ম্যাচ দেখতে গিয়ে দেব তাঁর ঘনিষ্ঠদের জানিয়েছিলেন, তিনি আর ভোটে দাঁড়াতে চান না।

ডান হাতে বন্দুক, বাঁহাতে মদের বোতল বাচ্চাদের! থানা ঘেরাও সন্দেশখালি গ্রামের বাসিন্দাদের

দুরন্ত বার্তা, সন্দেশখালি, ৮ ফেব্রুয়ারিঃ 'বাঘ' শেখ শাহজাহান এখনও অধরা। তাঁকে এখনও গ্রেফতার করতে পারেনি পুলিশ। কিন্তু সন্দেশখালি এখন ফুঁসছে। না, কেবল শেখ শাহজাহান নয়, সন্দেশখালির গ্রামের মহিলাদের মুখে উঠে আসছে এলাকারই আরও একাধিক 'গুন্ডার' নাম। অভিযোগ, ১৩ বছর ধরে তাদের অত্যাচারের শিকার হয়েছেন তাঁরা। পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে লক্ষ্মীবারেই ঝাঁটা-লাঠি হাতে রাস্তায় নামলেন সন্দেশখালির হাজার হাজার 'লক্ষ্মীরা'। প্রকাশ্যে নাম বললেন বেশ কয়েকজনের। যেমন উত্তম সর্দার, শিবু হাজরা। পাশাপাশি তাঁদের মুখেই উঠে এসেছে শাহজাহানের 'হর্তাকর্তা' আমির গাজি, উপপ্রধান পিন্টু বোস, দেবাশিস, লাল্টু বোসের নাম। কিন্তু কেন? ঠিক কী ধরনের অত্যাচার তারা গ্রামে চালাত? গ্রামের মহিলারাই করছেন ভয়ঙ্কর অভিযোগ। স্কুলের বাচ্চাদের নাকি পড়াশোনা বন্ধ করে হাতে বন্দুক ধরিয়ে দিত ওরা। আরও ভয়ঙ্কর অভিযোগ করলেন এক মহিলা। তিনি বললেন, ''আমাদের ছোটো ছোটো বাচ্চাদের ডেকে নিয়ে বলছে রাজনীতি করতে হবে। রাজনীতি না করলে ভাত হবে না তোদের। ভাত দিচ্ছে তো দিদি। তাহলে রাজনীতি

না করলে ভাত পাবি কোথা থেকে?'' তিনিও বললেন, ''আমাদের বাচ্চাগুলোকে স্কুল থেকে নিয়ে গিয়ে ডান হাতে বন্দুক আর বাঁ হাতে মদের বোতল দিয়ে দিচ্ছে। এবার বলে তোর মাকে মার, তোর বাবাকে মার, কোনও পরিচিত নেই, যাকে ইচ্ছা তাকে মারার নির্দেশ দিত ওরা। আমাদের বাচ্চাগুলোকে বলা হয়, চল ঘর ভাঙতে যেতে হবে, চল ওকে মারতে হবে, জমি আদায় করে নিতে হবে। এভাবেই চলছে বছরের পর বছর। বেশি কথা বললে, পুরুষ মানুষকে তুলে নিয়ে এসে কোদালের বাঁট দিয়ে মারছে।'' সকাল থেকেই ব্যাপক তেঁতে রয়েছে পরিস্থিতি। বাঁশ, লাঠি, ঝাঁটা হাতে রাস্তায় মহিলারা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে পুলিশ। পুলিশ তাঁদের আশ্বস্ত করেন, ''তদন্ত চলছে। ২ জনকে গ্রেফতার করা হয়েছে।'' কিন্তু তাতে ব্যর্থ হয়। পুলিশকে মহিলারা একটাই প্রশ্ন করেন, ''কাকে কাকে গ্রেফতার করেছেন?'' উত্তর দিতে পারেননি পুলিশ কর্তারা। তদন্ত চলছে বলেই দায় সেরেছেন। মহিলারা বলছেন, ''পুলিশ একেবারে কাঠের পুতুল। ওরা চুপ। ওদের কিচ্ছু করার নেই। বললেই বলে মিটিয়ে নেও তোমরা।'' সন্দেশখালির মহিলাদের এখন একটাই দাবি। তাঁরা শান্তি চান। তবে সন্ধে নামলেও তেতে থাকল সন্দেশখালি। থানা ঘেরাও করে রয়েছেন একাধিক গ্রামের বাসিন্দারা। তাঁদের দাবি, শেখ শাজাহান, শিবপ্রসাদ হাজরা ও উত্তম সর্দারকে গ্রেফতার করে, আদালতে হাজির না করা পর্যন্ত থানা ঘেরাও করে আন্দোলন চলবে। ৩৪ দিন ধরে বেপাত্তা শাহজাহানের নাগাল পাচ্ছে না ইডি। দু'বার সমন পাঠিয়েও হাজিরা দেননি। এদিকে শাহজাহানের অনুপস্থিতিতে তারই বিরুদ্ধে বিদ্রোহী হয়ে উঠছে সন্দেশখালির মানুষ। আর এদিনের বিক্ষোভ প্রসঙ্গে রাজ্যের মন্ত্রী ব্রাত্য বসু বলেন, ''এজেন্সি গেলে কী হচ্ছে জানি না, সংবাদমাধ্যম গেলে কী হচ্ছে জানি না। তবে আইন আইনের পথেই চলছে।''

কী ছিল, আর কী হয়েছে! মোদি সরকারের শ্বেতপত্রে ক্ষতবিক্ষত কংগ্রেস

নয়াদিল্লি, ৮ ফেব্রুয়ারিঃ ভারতীয় অর্থনীতি নিয়ে শ্বেতপত্র পেশ করল মোদি সরকার। বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি), লোকসভায় এই শ্বেতপত্র পেশ করেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। শ্বেতপত্রে মোদি সরকারের অভিযোগ, বাজপেয়ী সরকারের কাছ থেকে উত্তরাধিকারসূত্রে একটি 'সুস্থ অর্থনীতি' পেয়েছিল কংগ্রেসের নেতৃত্বাধীন ইউপিএ সরকার। কিন্তু, ১০ বছর আগে তার ভারতীয় অর্থনীতিকে শুধু খারাপ অবস্থায় নয়, 'সঙ্কটাপন্ন' অবস্থায় ছেড়ে গিয়েছিল। ভারতীয় অর্থনীতিকে স্থিতিশীল করতে এবং অর্থনীতির মৌলিক বিষয়গুলিকে 'সুস্থ' করতে বহুমুখী চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছিল মোদি সরকার। সেই সময় বিশ্বের অন্যতম ভঙ্গুর অর্থনীতির একটি ছিল ভারতের অর্থনীতি। পরের দশ বছরে, মোদি সরকার ভারতকে বিশ্বের তৃতীয় সর্ববৃহ অর্থনীতিতে পরিণত করেছে। ২জি কেলেঙ্কারি এবং কয়লা কেলেঙ্কারি-সহ ইউপিএ সরকারের ১০ বছরে হওয়া বেশ কয়েকটি দুর্নীতির ঘটনাও উল্লেখ করা হয়েছে শ্বেতপত্রে। সেইসঙ্গে দুই অঙ্কের সংখ্যার মূল্যবৃদ্ধি, বৈদেশিক মুদ্রার সংকট এবং একটি পক্ষাঘাতগ্রস্ত আর্থিক নীতির মতো বিষয়েরও উল্লেখ করা হয়েছে। এই শ্বেতপত্র অনুযায়ী, ২০১৪ সালের তুলনায় ২০২৪-এ কতটা বদলে গিয়েছে ভারতীয় অর্থনীতি? আসুন দেখে নেওয়া যাক-

- সেই সময় ভারতের অর্থনৈতিক সম্ভাবনা এবং গতিশীলতার উপর আস্থা হারিয়েছিল গোটা বিশ্ব। এখন, ভারতের অর্থনৈতিক স্থিতিশীলতা এবং বৃদ্ধির সম্ভাবনা, বিশ্বের অন্যান্য দেশকে আশাবাদী

করে তুলছে।
- ইউপিএ আমলে ভারত দেখেছিল কেলেঙ্কারিতে ভরা ১২ দিনের কমনওয়েলথ গেমস। আর মোদি সরকারের আমলে ২০২৩-এ সারা বছরব্যাপী চলেছে জি২০-র সভাপতিত্ব। যার মাধ্যমে ভারতকে গোটা বিশ্বের সামনে সর্বোত্তমভাবে তুলে ধরা হয়েছে এবং আন্তর্জাতিক সমস্যাগুলির গ্রহণযোগ্য সমাধানও দিয়েছে ভারত।
- ইউপিএ আমলে ২জি কেলেঙ্কারী ছিল। এখন, ভারতের জনসংখ্যার অধিকাংশ সর্বনিম্ন মূল্যে ৪জি যোগাযোগের সুবিধা পান। ২০২৩-এ গোটা বিশ্বের মধ্যে সবথেকে দ্রুত ৫জি রোলআউট হয়েছে।
- সেই সময় কয়লা কেলেঙ্কারি ছিল। আজ প্রাকৃতিক সম্পদকে কাজে লাগাতে, স্বচ্ছ এবং উদ্দেশ্যমূলক নিলাম ব্যবস্থা তৈরি করা হয়েছে।
- ইউপিএ আমলে মূল্যবৃদ্ধির হার ছিল দুই অঙ্কের। এখন, মূল্যবৃদ্ধিকে পাঁচ শতাংশের কিছু উপরে নামিয়ে আনা হয়েছে।
- সেই সময়, আমাদের বৈদেশিক মুদ্রার সংকট ছিল। এখন, ভারতের ঘরে রেকর্ড পরিমাণ, ৬২০ বিলিয়নের বেশি বৈদেশিক মুদ্রা রয়েছে।
- শ্বেতপত্রে মোদি সরকার আরও দাবি করেছে, সেই সময় ভারতের আর্থিক নীতি পক্ষাঘাতগ্রস্ত হয়ে পড়েছিল। পরিকাঠামোর উন্নয়নকে অগ্রাধিকার দেওয়া হত না। এখন ভারতের অর্থনীতি বিনিয়োগ, বৃদ্ধি, কর্মসংস্থান এবং উদ্যোগ ও সঞ্চয়ের মধ্য দিয়ে এগিয়ে চলেছে।
- অর্থমন্ত্রী নির্মলা সীতারামন দাবি করেছেন, মোদি সরকার দশ বছরে, ইউপিএ সরকারের আগের দশ বছরের আর্থিক অস্বস্তি এবং পক্ষাঘাত কাটিয়ে উঠেছে। ২০১৪-য় সরকার অর্থনীতি নিয়ে দ্বিধায় ভুগত। ২০২৪ সালে, তার জায়গায় সরকারের কাছে রয়েছে অর্থনীতি বিষয়ে আত্মবিশ্বাস এবং উদ্দেশ্য।

হাতে সময় আর কিছু দিন, দেবী সরস্বতীর রূপদানে এখন ব্যস্ততা কুমোরটুলিতে

কলকাতা, ৮ ফেব্রুয়ারি ঃ আগামী ১৪ ফেব্রুয়ারি সরস্বতী পুজো। বসন্ত পঞ্চমীর আগে হাতে রয়েছে আর মাত্র কিছু দিন। স্বাভাবিক কারণেই চূড়ান্ত ব্যস্ততা কুমোরটুলিতে। মাটির কাজ প্রায় শেষ। রঙের কাজও সেরে ফেলেছেন অনেকে। কোথাও কোথাও চোখ আঁকাও হয়ে গিয়েছে। বাকি কাজ বলতে রয়েছে শাড়ি পরানো আর অঙ্গসজ্জা।সময়ে কাজ ' দিতে দিন-রাত কাজ করছেন সাজশিল্পীরাও। সরস্বতী পুজোর আগে কুমোরটুলিতে এখন দম ফেলার ফুরস নেই শিল্পীদের। শুধুমাত্র কুমোরটুলিই নয়, রাজ্যের নানা প্রান্তে মৃৎশিল্পীদের ব্যস্ততাও এখন তুঙ্গে। খড় দিয়ে কাঠামো তৈরি করে ছোট বড় দেবীমূর্তি তৈরি হয়েছে নানা জায়গায়। তবে, সরস্বতী পুজোয় ছাঁচের মূর্তির চাহিদাও তুঙ্গে থাকে। স্কুল, কলেজ-সহ নানা শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন ক্লাবে বড় প্রতিমা হয় ঠিকই। তবে, বাংলার বাড়িতে বাড়িতে ছোট ছাঁচে তৈরি সরস্বতী মূর্তির কদরই বেশি।

দিল্লির গোকুলপুরী মেট্রো স্টেশনের একাংশ ভেঙে দুর্ঘটনা, আহত ৪ জন

নয়াদিল্লি, ৮ ফেব্রুয়ারি ঃদিল্লির গোকুলপুরী মেট্রো স্টেশনের একাংশ ভেঙে ঘটে গেল মর্মান্তিক দুর্ঘটনা। বৃহস্পতিবার সকালে গোকুলপুরী মেট্রো স্টেশনের সীমানা পাঁচিলের একটি পাশের স্ল্যাব আচমকাই ভেঙে পড়ে, এই ঘটনায় আহত হয়েছেন ৪ জন। তাঁদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক।উত্তর-পূর্ব দিল্লির ডিসিপি জয় তিরকে বলেছেন, অন্তত্পক্ষে ৩-৪ জন আহত হয়েছেন। একজন ধ্বংসস্তূপের

বিশ্ব ক্রিকেটের অন্যতম এক সেরা বোলারের জন্মদিন আজ

কলকাতা, ৮ ফেব্রুয়ারি ঃগ্লেন ডোনাল্ড ম্যাকগ্রা। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বোলারদের একজন হিসেবে বিবেচিত হন।আগামীকাল তিনি জন্মগ্রহণ করেন। ১৯৯০-এর দশকের মাঝামাঝি থেকে ২০০০-এর দশকের শেষভাগ পর্যন্ত বিশ্ব ক্রিকেট শাসন করেছেন তিনি। অস্ট্রেলিয়ার হয়ে পরপর তিনটি বিশ্বকাপ ১৯৯৯,২০০৩ ও ২০০৭ ক্রিকেট বিশ্বকাপ জিতেছিলেন। ২০০৬ আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি জয়ী দলের সদস্যও ছিলেন।কিন্তু ক্রিকেটার হওয়ার কথা ছিল না তার। কৃষক বাবা চেয়েছিলেন নিজের সন্তানকে তার মতোই একজন কৃষক তৈরি করতে। কিন্তু পরবর্তীতে তার সন্তান হয়ে গেলেন অস্ট্রেলিয়ার ক্রিকেট ও বিশ্ব ক্রিকেটের এক অন্যতম কিংবদন্তি পেসার। ১৯৯৩ সালে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক তার। পুরো ক্রিকেট ক্যারিয়ারে তাঁর অদম্য মানসিকতা ও আত্মবিশ্বাসই তাকে বানিয়েছে এক বোলিং গ্রেট। নিজের ১৪ বছরের ক্রিকেট ক্যারিয়ারে ১০০ টেস্ট খেলে নিয়েছেন ৫৬৩ উইকেট, যা এই ফরম্যাটে কোনো ফাস্ট বোলারের সর্বোচ্চ। এ ছা।াও ওয়ানডেতে ৩৮১ উইকেট নিয়ে তিনি এখন পর্যন্ত অজিদের হয়ে সর্বোচ্চ উইকেট শিকারি।২০০০ সালে গ্লেন এবং জেন ম্যাকগ্রা ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন , অস্ট্রেলিয়াতে একটি স্তন ক্যান্সার সহায়তা এবং শিক্ষা দাতব্য, যা সমগ্র অস্ট্রেলিয়া জুড়ে ম্যাকগ্রা ব্রেস্ট কেয়ার নার্সদের জুন ২০০৮ সালে জেনের মৃত্যুর পর, গ্লেন ম্যাকগ্রা ফাউন্ডেশনের বোর্ডের চেয়ারম্যানের স্বেচ্ছাসেবী ভূমিকা গ্রহণ করেন এবং তিনি ফাউন্ডেশনের দৃষ্টিভঙ্গির পূর্ণতা নিশ্চিত করার জন্য তার সমর্থনে অনেক কার্যক্রমে অংশগ্রহণ করেন। ২০০৭ সালে ম্যাকগ্রা ছিলেন অস্ট্রেলিয়ান ইনস্টিটিউট অফ স্পোর্ট বেস্ট অফ দ্য বেস্ট তালিকায় অন্তর্ভুক্ত হওয়া মাত্র ২১ জন অস্ট্রেলিয়ান ক্রীড়াবিদদের একজন।ম্যাকগ্রা ২০১১ সালে স্পোর্ট অস্ট্রেলিয়া হল অফ ফেমে এবং ২০১৩ সালের জানুয়ারিতে আইসিসি ক্রিকেট হল অফ ফেমে অন্তর্ভুক্ত হন। এছাড়া তিনি ২০১৩ সালে সিএ দ্বারা অস্ট্রেলিয়ান হল অফ ফেমেও অন্তর্ভুক্ত হন। আর ওই বছর অস্ট্রেলিয়ার সর্বশ্রেষ্ঠ ওডিআই দলে বোলার হিসেবে নাম লেখান তিনি ।

আমাদের সরকারের ১০ বছর বড় ও সিদ্ধান্তমূলক সিদ্ধান্তের জন্য স্মরণীয় হয়ে থাকবেঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৮ ফেব্রুয়ারি ঃ আমাদের সরকারের ১০ বছর বড় ও সিদ্ধান্তমূলক সিদ্ধান্তের জন্য স্মরণীয় হয়ে থাকবে। জোর দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, কংগ্রেসের ১০ বছরের শাসনকালে ভারতীয় অর্থনীতি ছিল পাঁচটি ভঙ্গুর অর্থনীতির মধ্যে। কংগ্রেস সরকার নীতি পক্ষাঘাতের জন্য পরিচিত ছিল। অন্যদিকে আমাদের সরকারের ১০ বছরে ভারত শীর্ষ পাঁচটি অর্থনীতির মধ্যে একটি হয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের ওপর ধন্যবাদ সূচক বক্তৃতায় বুধবার রাজ্যসভার প্রধানমন্ত্রী মোদী বলেছেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নিজস্ব ভাষণে ভারতের সম্ভাবনা, শক্তি এবং উজ্জ্বল ভবিষ্যত সম্পর্কে কথা বলেছেন। আমি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে ধন্যবাদ জানাচ্ছি।এরপরই প্রধানমন্ত্রী মোদী বলেছেন, আমি সেদিন এই কথা বলতে পারিনি, তবে আমি খাড়গেজির প্রতি আমার বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি সেদিন তাঁর কথা খুব মনোযোগ দিয়ে শুনছিলাম। লোকসভায় আমরা যে বিনোদনের অভাব বোধ করছিলাম, তা তিনি পূরণ করেছিলেন। পশ্চিমবঙ্গ থেকে আপনাদের সামনে একটি চ্যালেঞ্জ উত্থাপন করা হয়েছে, যে কংগ্রেস ৪০ অতিক্রম করতে পারবে না (২০২৪ সালের লোকসভা নির্বাচনে)। আমি প্রার্থনা করি, আপনারা যেন ৪০ সুরক্ষিত করতে সক্ষম হন। প্রধানমন্ত্রী আরও বলেছেন, গত বছরের ঘটনা আমার মনে আছে। আমরা সেই ভবনে বসে থাকতাম, দেশের প্রধানমন্ত্রীর কণ্ঠকে চেপে রাখার চেষ্টা করা হতো... এখনও আপনারা না শোনার প্রস্তুতি নিয়ে এসেছেন। কিন্তু আপনারা আমার কণ্ঠকে দমিয়ে রাখতে পারবেন না। দেশের মানুষ এই কণ্ঠকে শক্তিশালী করেছে... আমিও এবার প্রস্তুত হয়ে এসেছি।প্রধানমন্ত্রী মোদী বলেছেন, মল্লিকার্জুন খাড়গেজি অনেকক্ষণ ধরে রাজ্যসভায় বক্তৃতা করেছিলেন এবং আমি ভাবছিলাম তিনি কীভাবে অনেকক্ষণ কথা বলার সুযোগ পেলেন। তারপরে আমি বুঝতে পারলাম, দু'জন বিশেষ কমান্ডার সেখানে অনুপস্থিত। তাই তিনি সেই সুবিধা নিয়েছেন এবং আমি মনে করি 'এইসা মওকা ফির কাহা মিলেগা' গানটা নিশ্চয়ই শুনেছেন খাড়গেজি। প্রধানমন্ত্রী আরও বলেছেন, যে কংগ্রেস আমাদের ভূমির একটি বড় অংশ শত্রুদের হাতে তুলে দিয়েছিল, যে কংগ্রেস দেশের সেনাবাহিনীর আধুনিকীকরণ বন্ধ করে দিয়েছিল, সেই কংগ্রেসই এখন আমাদের জাতীয় নিরাপত্তা ও অভ্যন্তরীণ নিরাপত্তা নিয়ে বক্তৃতা দিচ্ছে, যে কংগ্রেস স্বাধীনতার পরও বিভ্রান্ত ছিল, শিল্প নাকি কৃষি কোনটা প্রয়োজনীয়। কংগ্রেস সিদ্ধান্ত নিতে পারেনি, জাতীয়করণ গুরুত্বপূর্ণ নাকি বেসরকারীকরণ...যে কংগ্রেস ভারতের অর্থনীতিকে ১০ বছরে ১২ নম্বর থেকে ১১ নম্বরে নিয়ে এসেছিল...আমরা মাত্র ১০ বছরে ভারতের অর্থনীতিকে ৫ নম্বরে নিয়ে এসেছি।

'জেলজীবন' থেকে মুক্তি চান শাহজাহানের ভাই আলমগীর

উত্তর ২৪ পরগনা, ৮ ফেব্রুয়ারি ঃ দাদা পালিয়ে যাওয়ার পর তাঁদের একরকম জেলজীবন চলছে বলে জানালেন শেখ শাহজাহানের ভাই শেখ আলমগীর। তিনি বললেন, আইনের উপর আমাদের পূর্ণ আস্থা আছে। দ্রুত এর একটা নিষ্পত্তি হোক।গত বুধবার আলমগীর সংবাদমাধ্যমকে বলেন, এখন আমরা একটা অস্বাভাবিক জীবন যাপন করছি। বাড়ির সামনে পুলিশ পিকেট। জায়গায় জায়গায় ক্যামেরা। বাড়ির মধ্যেও নজরদারিতে থাকতে হচ্ছে। নিজেদের বাড়িতে নিজেদের কোনও স্বাধীনতা নেই। এমন একটা পরিস্থিতিতে থাকতে আর ভাল লাগছে না। তাহলে পরিবারের লোকই কি এবার চাইছেন ধরা দিক শাহজাহান? আলমগীরের উত্তর, এই সমস্যা যত তাড়াতাড়ি মেটে ততই ভাল।ইডির গোয়েন্দারা হানা দেওয়ার পর থেকেই বেপাত্তা সন্দেশখালির বেতাজ বাদশা শেখ শাহজাহান। মাঝখানে কেটে গেছে ৩২ দিন। শেখ শাহজাহানকে ধরতে তৎপরতার পাশাপাশি তার বাড়িকেও নিশ্ছিদ্র নিরাপত্তায় মুড়ে ফেলা হয়েছে। কোনায় কোনায় লাগানো হয়েছে সিসি ক্যামেরা। সর্বদা নজরদারি চালাচ্ছেন নিরাপত্তা রক্ষীরা। বাড়ির বাইরে পুলিশের কড়া নিরাপত্তা। শেখ শাহজাহানের পরিবারের লোকজনদের আসা যাওয়া করতে হচ্ছে নিরাপত্তা বাহিনীর চোখের সামনে দিয়েই।

বাংলার নারী সুরক্ষা নিয়ে তোপ অগ্নিমিত্রার, পালটা তোপ চন্দ্রিমার

কলকাতা, ৮ ফেব্রুয়ারি ঃসম্প্রতি মুর্শিদাবাদে ১৩ বছরের মেয়েকে খুন করার অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। মালদার ১০ বছরের মেয়ের গলা কাটা দেহ উদ্ধার হয়েছে। গত শনিবার দিঘায় ঘুরতে গিয়ে ধর্ষণের শিকার হয়েছেন এক পর্যটক। এই ঘটনাগুলিকে সামনে রেখেই বাংলার নারী সুরক্ষা নিয়ে দত বুধবার বিধানসভায় মুলতুবি প্রস্তাব আনে বিজেপি। এর পাল্টা প্রতিক্রিয়া ধেয়ে এসেছে শাসক শিবির থেকে।রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, এরা এখানে নারীর সুরক্ষা নিয়ে কথা বলছে। কিন্তু বিলকিস বানো কিংবা মণিপুরের ঘটনা নিয়ে বিজেপি কোনও কথা বলে না কেন? আসলে শান্ত বাংলাকে অশান্ত করার চেষ্টা হচ্ছে। তৃণমূল বিধায়ক তাপস রায় বলেন, বিজেপির বিধায়করা বিধানসভায় অংশগ্রহণ করতে চান না, তাই পরিকল্পিতভাবে বিশৃঙ্খলা তৈরি করেন।এর আগে বগটুই, হাঁসখালি, জয়নগর নিয়েও কথা বলতে দেওয়া হয়নি বলে অভিযোগ করে বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পাল বলেন, বিধানসভা রয়েছে কী জন্য? আমাদের যদি কথাই বলতে না দেওয়া হয়, তাহলে বিধানসভার অধিবেশন ডেকে কী লাভ? প্রয়োজনে আমরা বিধানসভা বয়কট করব।পরে অগ্নিমিত্রা বলেন, বয়কট করা উচিত। কারণ, আমাদের জনপ্রতিনিধিদের কথা বলতে দেওয়া হচ্ছে না। শুধু কি বাজেট পেশ করার জন্য বিধানসভা? তাই এই বিষয়টি দলের উচ্চ নেতৃত্বকে জানাব।প্রসঙ্গত, রাজ্যে নারী নির্যাতনের ঘটনা বাড়ছে, এই অভিযোগে বুধবার নারী সুরক্ষা নিয়ে বিধানসভা অধিবেশনে মুলতুবি প্রস্তাব আনে বিজেপি। প্রস্তাব পড়তে দিলেও আলোচনার অনুমতি দেননি স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। এর প্রতিবাদে বিধানসভায় কালো কাপড় দেখিয়ে বিক্ষোভ দেখান বিজেপির বিধায়করা।

কড়া নিরাপত্তায় নির্বাচন চলছে পাকিস্তানে, ভোট দিলেন নওয়াজ শরীফ ও ইমরান খান

ইসলামাবাদ, ৮ ফেব্রুয়ারি ঃএক বছরেরও বেশি সময় ধরে আর্থিক সঙ্কটে বিপর্যস্ত পাকিস্তান। উপর্যুপরি সন্ত্রাসী হামলা তো চলছেই, এই আবহে বৃহস্পতিবার সকাল আটটা থেকে পাকিস্তানে শুরু হয়েছে সাধারণ নির্বাচন। পাকিস্তানে ভোট শুরু হতেই মোবাইল পরিষেবা সাময়িক ভাবে বন্ধ করে দিয়েছে সে দেশের অভ্যন্তরীণ মন্ত্রক। 'আইনশৃঙ্খলা, পরিস্থিতির অবনতি'র কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভোটগ্রহণ চলবে বিকেল পাঁচটা পর্যন্ত। ইতিমধ্যেই ভোট দিয়েছেন পাকিস্তানের দুই প্রাক্তন প্রধানমন্ত্রী নওয়াজ শরীফ ও ইমরান খান। পোস্টাল ব্যালটে ভোট দিয়েছেন ইমরান। মানুষকে ভোট দেওয়ার অনুরোধ জানান নওয়াজ শরীফ। এদিকে, ইন্টারনেটের ওপর নিষেধাজ্ঞা তুলে নেওয়ার আবেদন জানিয়েছেন বিলাওয়াল ভুট্টো। আফগানিস্তান ও ইরান সীমান্ত ক্রসিং বন্ধ রাখা হয়েছে।পাকিস্তানে দীর্ঘ দিন ধরে চালু রয়েছে ' দেশ এক ভোট' ব্যবস্থা। পাকিস্তান পার্লামেন্টের নিম্নকক্ষ ন্যাশনাল অ্যাসেম্বলির পাশাপাশি বৃহস্পতিবার পাকিস্তানের পঞ্জাব, সিন্ধ, খাইবার-পাখতুনখাওয়া এবং বালুচিস্তানে প্রাদেশিক আইনসভার ভোটগ্রহণও হবে। সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণের পরেই শুরু হবে গণনা। পাক ন্যাশনাল অ্যাসেম্বলিতে এখন মোট আসন ৩৩৬। কিন্তু তার মধ্যে ভোট হয় ২৬৬টি আসনে। বাকি ৭০টি আসন মহিলা এবং ধর্মীয় সংখ্যালঘুদের জন্য সংরক্ষিত থাকবে। এর মধ্যে মহিলাদের জন্য ৬০ এবং ধর্মীয় সংখ্যালঘুদের জন্য ১০টি আসন। এ বার মোট ১৬৭টি নথিভুক্ত রাজনৈতিক দল পাক নির্বাচনে অংশ নিচ্ছে। মোট প্রার্থীর সংখ্যা ৫,১২১। প্রাদেশিক আইনসভার নির্বাচনে লড়াই করছেন মোট ১২ হাজার ৬৯৫ জন প্রার্থী। ৯০ হাজার ৬৭৫টি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদাতার সংখ্যা ১২ কোটি ৭৪ লক্ষেরও বেশি।এ বারের নির্বাচনে মূল প্রতিদ্বন্দ্বতীপ্রাক্তন প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের নেতৃত্বাধীন পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজ (পিএমএলএন) এবং প্রাক্তন বিদেশমন্ত্রী বিলাবল ভুট্টো জারদারির পাকিস্তান পিপলস পার্টি (পিপিপি)-র মধ্যে। রয়েছে কট্টরপন্থী জমিয়ত উলেমা-ই-ইসলাম দলও। তবে ২০১৮-র নির্বাচনে সবচেয়ে বেশি আসন পাওয়া পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই)-এর স্বীকৃতি পাক নির্বাচন কমিশন বাতিল করায় তারা সরাসরি ভোটের ময়দানে নেই। প্রাক্তন প্রধানমন্ত্রী তথা বিশ্বকাপজয়ী পাক ক্রিকেট অধিনায়কের দলের অনেক নেতা ' হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করছেন। তবে দু'টি মামলায় সাজাপ্রাপ্ত ইমরান এখন জেলবন্দি।

ফালাকাটা শহরে হাতির তাণ্ডব, ক্ষতিগ্রস্ত এলাকা

ফালাকাটা, ৮ ফেব্রুয়ারি ঃ আলিপুরদুয়ারের ফালাকাটা শহরের একাধিক ওয়ার্ডে তাণ্ডব চালায় দুটি দাঁতাল। বৃহস্পতিবার ভোর থেকেই ফালাকাটা ৩ নম্বর ওয়ার্ডের ১টি বা।রি একাংশ ভেঙে দেয় হাতিটি।এলাকার বাসিন্দারা জানিয়েছেন, ভোর ৬টা নাগাদ ২টি হাতি পুরসভার খলিসামারি এলাকায় হানা দেয়। পরে ওই হাতি দুটিই শহরের ১৫ নম্বর ওয়ার্ডের ধূপগুড়ি মো।, অধিকারী কলোনী এলাকায় হানা দেয়। ধূপগুড়ি মোড়ে জাতীয় স।কের রেলিং ভেঙে দিয়েছে হাতি। এছাড়াও আশপাশের আলু খেতে হাতির পায়ের ছাপ লক্ষ্য করেছেন বাসিন্দারা। যদিও এ প্রসঙ্গে বন দফতরের কোনও বক্তব্য পাওয়া যায়নি। এমনকি হাতি দুটি এই মুহূর্তে কোন জায়গায় আছে তা জানাতে পারেনি বন দফতর। এদিকে ভোর থেকেই কুয়াশার চাদরে ঢেকেছে ফালাকাটা। এই কুয়াশার মধ্যে কোন এলাকায় হাতি আছে তা নিয়ে শহরজুড়েই চাঞ্চল্য ছড়িয়েছে

মহারাষ্ট্রে কংগ্রেসে ভাঙন ধরালেন বাবা সিদ্দিকী, হাত ছাড়লেন প্রাক্তন এই মন্ত্রী

মুম্বই, ৮ ফেব্রুয়ারি ঃ মহারাষ্ট্রে কংগ্রেসে ভাঙন ধরালেন প্রাক্তন মন্ত্রী বাবা সিদ্দিকী। বৃহস্পতিবার কংগ্রেস ছাড়ার ঘোষণা করেছেন তিনি। সমাপ্তি হল ৪৮ বছরের যাত্রার। মাইক্রোব্লগিং সাইট এক্স-এ এক বার্তার মাধ্যমে তিনি দল ছা।।র কথা ঘোষণা করেছেন। বাবা সিদ্দিকী জানিয়েছেন, আমি একজন তরুণ হিসেবে ভারতীয় জাতীয় কংগ্রেস পার্টিতে যোগ দিয়েছিলাম এবং ৪৮ বছর ধরে একটি উল্লেখযোগ্য যাত্রা

প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে সততার সঙ্গে এগিয়ে চলেছে ভারতঃরবিশঙ্কর প্রসাদ

নয়াদিল্লি, ৮ ফেব্রুয়ারি ঃ কেন্দ্রীয়সরকারের বিরুদ্ধে কংগ্রেসের আনা কৃষ্ণপত্রের তীব্র সমালোচনা করলেন বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ। কংগ্রেসের সমালোচনা করে তিনি বলেছেন, প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে সততার সঙ্গে এগিয়ে চলেছে ভারত। কেন্দ্রের বিরুদ্ধে আক্রমণ শানিয়ে বৃহস্পতিবার কৃষ্ণপত্র প্রকাশ করেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে।এরই প্রতিবাদ করে বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ বলেছেন, আমি শুনেছি কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে নিজেদের কালো কাজগুলিকে আড়াল করার জন্য একটি কৃষ্ণপত্র প্রকাশ করেছেন। এখন প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে ভারত সততার সঙ্গে এগিয়ে চলেছে। এখন ২জি, কয়লা কেলেঙ্কারির গল্প থমকে গিয়েছে। তাই আমরা কংগ্রেসের সমস্যা বুঝতে পারছি।

৬১ হাজার জাল নেপালি নোট-সহ গ্রেফতার এক

পূর্ব চম্পারন, ৮ ফেব্রুয়ারি ঃ বিহারের রাক্সৌলে জাল ভারতীয় নোট উদ্ধারের পর এবার প্রতিবেশী দেশ নেপালের জিতপুর বাজার থেকে ৬১ হাজার জাল নেপালি নোটসহ এক ব্যক্তিকে ধরা হয়েছে। ১০০০ টাকার ৬১ টি নোট উদ্ধার হয়েছে।ধৃত অভিযুক্তের নাম রামচন্দ্র মাহাতো (৪৪), নেপালের সরলাহি জেলার চন্দ্রনগর পৌরসভার বাসিন্দা। তথ্য অনুযায়ী, অভিযুক্ত প্রভু সাহ জাল নোট দিয়ে কালওয়ারের মুদি দোকান থেকে জিনিসপত্র কেনার চেষ্টা করছিলেন। এইসময় ওই দোকানদার বিষয়টি নেপাল পুলিশকে জানায়। এরপর তাকে হেফাজতে নিয়ে তল্লাশি করে তার কাছ থেকে ১০০০ টাকার ৬১ টি নোট উদ্ধার করা পুলিশ ধৃতকে জিজ্ঞাসাবাদ করে তদন্ত শুরু করেছে।

কেন্দ্রের বিরুদ্ধে দিল্লিতে বিক্ষোভে সামিল ডিএমকে, আর্থিক অবিচার নিয়ে সরব তামিল নেতারা

নয়াদিল্লি, ৮ ফেব্রুয়ারি ঃ বঞ্চনার অভিযোগ এনে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বিক্ষোভে সামিল হল ডিএমকে। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আর্থিক অবিচারের অভিযোগ এনে বৃহস্পতিবার সকালে সংসদ চত্বরে গান্ধী মূর্তির পাদদেশে বিক্ষোভে সামিল হন ডিএমকে সাংসদরা। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে স্লোগান দিতে থাকেন তামিলনাড়ুর নেতারা। ডিএমকে সাংসদ টি শিবা বলেছেন, তামিলনাড়ুতে ব্যাপক বন্যা হয়েছিল। আমরা দাবি করছি, কেন্দ্র অবিলম্বে রাজ্যের জন্য বন্যা ত্রাণ তহবিল ছেড়ে দিক। ডিএমকে সাংসদ



টি আর বালু বলেছেন, আমাদের মুলতুবি প্রস্তাবের নোটিশ লোকসভার স্পিকার প্রত্যাখ্যান করেছেন। এর প্রতিবাদে তামিলনাড়ুর সমস্ত দল এবং কংগ্রেস সদন থেকে ওয়াকআউট করেছে। আমাদের দাবি তামিলনাড়ুতে বন্যার ত্রাণ তহবিল ছেড়ে দেওয়া।

কেজরিওয়ালজি একবার তো আদালতের সামনে সত্যি কথা বলুনঃঅনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ৮ ফেব্রুয়ারি ঃ বারবার এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-এর সমন এ।য়ে গিয়েছেন তিনি। প্রতিটি সমনকেই বলেছেন, বেআইনি। এবার ইডি-র আর্জির প্রেক্ষিতে কেজরিওয়ালকে ডেকে পাঠিয়েছে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত। কেজরিওয়ালকে ইডি-র এই সমন প্রসঙ্গে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, কেজরিওয়ালজি একবার তো আদালতের সামনে সত্যি কথা বলুন।কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, যাঁরা একসময় দুর্নীতির বিরুদ্ধে কথা বলতেন, তাঁরা এখন দুর্নীতির জালে জর্জরিত। পাঁচবার তিনি ইডি-র সমন এ।য়ে যাওয়ায় এখন এমন পরিস্থিতি তৈরি হয়েছে যে আদালত তাঁকে ডেকে পাঠিয়েছে। দুর্নীতির এই গম্ভীর অভিযোগ থেকে আর কতদিন পালিয়ে বাঁচবেন কেজরিওয়াল। তাঁকে এবার জবাব দিতেই হবে।উল্লেখ্য, বার বার কেন্দ্রীয় সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-এর সমন এড়ানোর কারণ জানাতে এ বার আম আদমি পার্টি (আপ)-র প্রধান তথা দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালকে তলব করেছে আদালত। আগামী ১৭ ফেব্রুয়ারি কেজরিকে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে হাজির হয়ে এ বিষয়ে জবাবদিহি করার নির্দেশ দিয়েছেন বিচারক দিব্যা মালহোত্রা।

এবারও বাড়ল না রেপো রেট, ৬.৫ শতাংশেই অপরিবর্তিত রাখল আরবিআই

মুম্বই, ৮ ফেব্রুয়ারি ঃএবারও বাড়ছে না রেপো রেট। এই নিয়ে টানা ষষ্ঠবার রেপো রেট অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)। বৃহস্পতিবার সকালে স্বস্তির খবর দিয়েছেন রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)-র গভর্নর শক্তিকান্ত দাস। যার অর্থ, আপাতত রেপো রেটের হার ৬.৫ শতাংশই থাকছে। রিজার্ভ ব্যাঙ্কের এই সিদ্ধান্তের ফলে গৃহঋণ, গাড়ির ঋণ এবং অন্যান্য ঋণে অতিরিক্ত সুদ গুনতে হবে না গ্রাহকদের। আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস জানিয়েছেন, আরবিআই-এর মুদ্রানীতি কমিটি সর্বসম্মতিক্রমে পলিসি রেপো রেট ৬.৫ শতাংশে অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে।আরবিআই-এর মুদ্রানীতি কমিটির সিদ্ধান্ত ঘোষণা করে আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস বলেছেন, ২০২৪ বৈশ্বিক প্রবৃদ্ধি স্থির থাকবে বলে আশা করা হচ্ছে। মুদ্রাস্ফীতি যথেষ্ট মসৃণ হয়েছে এবং ২০২৪ সালে আরও পরিমিত হবে বলে আশা করা হচ্ছে। আরবিআই গভর্নর আরও জানিয়েছেন, এই দশকের শেষ নাগাদ বিশ্বব্যাপী পাবলিক ঋণের সঙ্গে জিডিপি অনুপাত ১০০ শতাংশে পৌঁছবে বলে ধারণা করা হচ্ছে। প্রকৃতপক্ষে, উন্নত অর্থনীতিতে সরকারি ঋণের মাত্রা উদীয়মান বাজার অর্থনীতির তুলনায় অনেক বেশি। উচ্চ-সুদের হার এবং বৈশ্বিক স্তরে নিম্ন বৃদ্ধির পরিবেশে ঋণ স্থায়িত্বের চ্যালেঞ্জগুলি চাপের নতুন উৎস হতে পারে।

প্রধানমন্ত্রী মোদী কখনও জাতিগত জনগণনা হতে দেবেন না, যেহেতু তিনি ওবিসি ননঃরাহুল গান্ধী

নয়াদিল্লি, ৮ ফেব্রুয়ারি ঃ প্রধানমন্ত্রী মোদী কখনও জাতিগত জনগণনা হতে দেবেন না, যেহেতু তিনি ওবিসি সম্প্রদায়ে জন্মগ্রহণ করেননি। জোর দিয়ে বললেন কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী। বৃহস্পতিবার ওড়িশার ঝারসুগুড়ায় কংগ্রেসের ভারত জোড়ো ন্যায় যাত্রা চলাকালীন রাহুল গান্ধী বলেছেন, প্রধানমন্ত্রী মোদী ওবিসি ক্যাটাগরিতে জন্মগ্রহণ করেননি। তিনি গুজরাটে তেলি জাতিতে জন্মগ্রহণ করেন। ২০০০ সালে বিজেপি এই সম্প্রদায়কে ওবিসি ট্যাগ দিয়েছিল। তিনি সাধারণ জাতিতে জন্মগ্রহণ করেছিলেন, তিনি নিজের সারা জীবনে জাতিগত জনগণনা হতে দেবেন না, কারণ তিনি ওবিসিতে জন্মগ্রহণ করেননি, তিনি সাধারণ জাতিতে জন্মগ্রহণ করেছিলেন।দেশের বর্তমান পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক বলেও মন্তব্য করেছেন রাহুল গান্ধী। তাঁর কথায়, দেশে এখন ভয়াবহ সামাজিক অবিচার চলছে। আপনারা জিএসটি প্রদান করেন এবং আদানির মতো লোকেরা তা উপভোগ করেন। কারণ আদানি খনি কেনে, রাস্তা ও সেতুর জন্য টেন্ডার নেয .এবং মিডিয়া নিয়ন্ত্রণ করে। তখন একই মিডিয়া আমাদের প্রশ্ন করে, কেন আপনারা জাতিগত জনগণনার কথা বলছেন?

ট্রেলারের সঙ্গে দু'টি গাড়ির সংঘর্ষ, করণদিঘিতে এক সিভিক ভলান্টিয়ার-সহ মৃত্যু ৩ জনের

উত্তর দিনাজপুর, ৮ ফেব্রুয়ারি ঃগাড়ি আর পিক-আপ ভ্যানের সঙ্গে একটা ট্রেলারের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল একজন সিভিক ভলান্টিয়ার-সহ অন্তত ৩ জনের। জখম হয়েছেন কমপক্ষে ২০ জন। বুধবার রাতে মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটেছে ১২ নম্বর জাতীয় সড়কের ওপর উত্তর দিনাজপুরের করণদিঘি থানার টুঙ্গিদিঘি বাসস্ট্যান্ড মোড়ে এই ঘটনা ঘটেছে। দেহগুলি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ মেডিক্যাল কলেজে পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। আহতদেরও ভর্তি করানো হয়েছে ওই হাসপাতালেই। তাঁদের মধ্যে কয়েক জনের শারীরিক অবস্থা আশঙ্কাজনক।পুলিশ সূত্রে খবর, ১৮ চাকার একটি ট্রেলার করণদিঘির দিক থেকে দ্রুত গতিতে রায়গঞ্জের দিকে যাচ্ছিল। নিয়ন্ত্রণ হারিয়ে সেটি উল্টে যায়। সেই সময়ে পাশে দাঁড়িয়ে থাকা চার চাকার গাড়িকে ধাক্কা মারে ট্রেলারটি। শুধু তাই নয়, রায়গঞ্জের দিক থেকে আসা একটি পিক-আপ ভ্যানকেও ধাক্কা মারে। দুর্ঘটনায় সিভিক ভলান্টিয়ার-সহ অন্তত ৩ জনের মৃত্যু হয়। দুর্ঘটনার পর স্থানীয় বাসিন্দারাই পুলিশে খবর দেন। পুলিশ এবং স্থানীয়রা মিলে আহত যাত্রীদের ভর্তি করান হাসপাতালে।

শ্রীনগরে জঙ্গি হামলায় মৃত্যু বেড়ে দুই, প্রাণ হারালেন পঞ্জাবের আরও বাসিন্দা

শ্রীনগর, ৮ ফেব্রুয়ারি ঃ শ্রীনগরে জঙ্গি হামলার নিহতের সংখ্যা বেড়ে হল দুই। বুধবার সন্ধ্যার জঙ্গি হামলায় গুরুতর জখম হয়েছিলেন পঞ্জাবের আরও এক বাসিন্দা, চিকিৎসকদের সমস্ত প্রচেষ্টা ব্যর্থ করে বৃহস্পতিবার সকালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি। বুধবার সন্ধ্যায় শ্রীনগরের শাল কাদাল এলাকায় পঞ্জাবের বাসিন্দা দু''জনকে লক্ষ্য করে গুলি চালায় জঙ্গিরা। ঘটনাস্থলেই প্রাণ হারান পঞ্জাবের অমৃতসরের বাসিন্দা অমৃত পাল (৩১)।গুরুতর জখম অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয় পঞ্জাবের অপর এক বাসিন্দা রোহিত মাশি (২৭)-কে, তাঁকে ভর্তি করা হয় শ্রীনগরের একটি হাসপাতালে। বৃহস্পতিবার সকালে রোহিতের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে পুলিশ। রোহিতের মৃত্যুর পর জঙ্গি হামলায় মৃতের সংখ্যা বেড়ে হল দুই।

ফের বোমা উদ্ধার বাসন্তীতে, নিষ্ক্রিয় করল পুলিশ

বাসন্তী, ৮ ফেব্রুয়ারি ঃফের বোমা উদ্ধার হল দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে। বাসন্তী থানার অন্তর্গত ফুল মালঞ্চ গ্রাম পঞ্চায়েতের চাত্রাখালি ভূঁইয়া পাড়া গ্রামে বৃহস্পতিবার সকালে বেশ কয়েকটি তাজা বোমা উদ্ধার হয়। বুধবার রাতে এই এলাকায় ব্যাপক বোমাবাজির ঘটনা ঘটে। স্থানীয়রা ঘটনার জেরে আতঙ্কিত হয়ে প।নে।এরপর বৃহস্পতিবার সকালে স্থানীয়র প্রথমে দেখেন

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৯ফেব্রুয়ারি ঃশুক্রবার, ২৫মাঘ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৫ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ২৫মাঘ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২৪মাঘ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২৫মাঘ মাস ১৯৪৪, মৈতৈঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৫১শতকরা। বৃষ্টি হয়নি বৃহঃবার । জোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-১০টে ২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৬ টা ১৫মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৫ টা ১৫ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃআপনার ক্ষমতা শক্তি বেশী থাকবে। আপনার নিষ্ঠা ও কঠোর পরিশ্রম দৃষ্টি গোচর হবে এবং আজ আপনার জন্য কিছু
বৃষভ রাশিঃআপনার আশা একটি সু ঃদর কোমল সুগন্ধি এবং উজ্জ্বল ফুলের মত প্রস্ফুটিত হবে।
মিথুন রাশিঃঅসুস্থতা থেকে সেরে ওঠার সুযোগ বেশী যা আপনাকে প্রতিযোগিতামূলক খেলাধুলাতে অংশ নিতে সাহায্য করবে।
কর্কট রাশিঃআপনার ভদ্র ব্যবহার প্রশংসনীয় হবে। অনেক মানুষ আপনার সামনেই মৌখিক প্রশংসা বর্ষণ করবে।
সিংহরাশিঃআপনার সমস্যা নিয়ে চিন্তাভাবনা করার অভ্যাস এবং তাদের অতিরঞ্জিত করে দেখার ফলে আপনার নীতিবোধ দুর্বল হতে পারে। আপনি যদি বিবাহিত
কন্যারাশিঃবয়স্করা তাঁদের বাড়তি শক্তি কোনো ইতিবাচক কাজে লাগালে শুভ ফল পাবেন।
তুলারাশিঃস্বাস্থ্যের দিক থেকে এটি অত্যন্ত ভালো দিন। শুভদিন
বৃশ্চিক রাশিঃ আপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। সংসারে শান্তি হবে
ধনু রাশিঃ আপনার ঈর্ষাপরায়ণ ব্যবহার আপনাকে দু ঃখিত এবং অবসাদগ্রস্থ করতে পারে। আর্থিক সীমাবদ্ধতা এড়াতে আপনার বাজেটে আটকে থাকুন। শুভদিন
মকর রাশিঃবন্ধুরা সহায়ক হবে এবং আপনাকে খুশি রাখবে। আপনি আজ আপনার অর্থ সঙ্গীর খারাপ স্বাস্থ্যের জন্য ব্যয় করতে
কুম্ভ রাশিঃযেহেতু, আপনি শক্তি নয় ইচ্ছা হারিয়ে ফেলছেন, তাই আপনার প্রকৃত সম্ভাবনা উপলব্ধি করুন। আপনি আজ আপনার মায়ের পক্ষ থেকে আর্থিক সুবিধা পেতে পারেন। আপনার মামা বা মাতামহের পক্ষে আপনাকে ফলের চেয়ে সমস্যা বেশি সৃষ্টি করবে-
মীন রাশিঃমানসিক চর্চার জন্য আকর্ষণীয় কিছু পুন। আপনি যদি ভ্রমণ করে থাকেন তবে আপনার মূল্যবান জিনিসগুলির বিশেষ যত্ন নিন। অযত্নে অভিনয .করা আপনার

রেল লাইন লাগোয়া এলাকায় এক নাবালিকাকে গণধর্ষণের অভিযোগ

দুরন্ত বার্তা, উলুবেড়িয়া, ৮ ফেব্রুয়ারিঃ দক্ষিণ পূর্ব রেলের উলুবেড়িয়া স্টেশনের কাছে রেল লাইন লাগোয়া এলাকায় এক নাবালিকাকে গণধর্ষণের অভিযোগকে ঘিরে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়লো উলুবেড়িয়ায়। বুধবার সন্ধ্যায় ঘটনাটি ঘটেছে উলুবেড়িয়া স্টেশনের ৬ নম্বর প্ল্যাটফর্ম লাগোয়া রেললাইন এলাকায়। স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার সন্ধ্যায় এক নাবালিকা তার জামাই বাবুর সাথে উলুবেড়িয়া স্টেশনে দেখা করে রেললাইন ধরে বাড়িতে ফিরছিল। উলুবেড়িয়া স্টেশন ও উলুবেড়িয়া ওভারব্রিজের মাঝামাঝি এলাকায় ওই নাবালিকাকে গণধর্ষণ করে কয়েকজন যুবক। এছাড়াও ঐ নাবালিকাকে ব্যাপক মারধর করে পালিয়ে যায় দুষ্কৃতীরা। নাবালিকা কোনো রকমে বাড়ি ফিরে পুরো বিষয়টি বাড়িতে জানায় এবং তৎক্ষণাৎ তাকে উলুবেড়িয়া শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। খবর যতায় রেল পুলিশের কাছে,খবর পেয়ে রাতেই ঘটনাস্থলে পৌঁছায় রেল পুলিশ। বৃহস্পতিবার সকালে ঘটনাস্থলে আসেন রেলের উচ্চপদস্থ আধিকারিকরা এবং হাওড়া জেলা গ্রামীন পুলিশের উচ্চপদস্থ কর্মকর্তারা,এই ঘটনায় রেলের নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। জি আর পি সূত্রে জানা গেছে মামলা দায়ের করা হয়েছে এবং একজনকে গ্রেফতার করা হয়েছে।

যুবকের তৎপরতায় উদ্ধার পেঁচা

দুরন্ত বার্তা, জয়নগর, ৮ ফেব্রুয়ারিঃ স্থানীয় এক যুবকের তৎপরতায় উদ্ধার একটি পেঁচা। তুলে দেওয়া হল বন দফতরের হাতে। বৃহস্পতিবার সকালে জয়নগর মিত্রগঞ্জে কুলপি রোডের পাশের একটি পুকুরের ওপর থাকা জালে একটি পেঁচাকে পড়ে থাকতে দেখে স্থানীয় অমিত দাস নামে এক যুবক বন দফতরের বারুইপুর রেঞ্জের মথুরাপুর বিট অফিসে যোগাযোগ করে। আর খবর পেয়ে বন দফতরের মথুরাপুর বিট অফিসের তিন কর্মী এসে উদ্ধারকারী অমিত দাসের কাছ থেকে পেঁচাটিকে উদ্ধার করে নিয়ে যায়। এ ব্যাপারে বন দফতরের কর্মীরা জানান, এটি একটি লক্ষ্মী পেঁচা। জালে জড়িয়ে পায়ে সামান্য চোট পেয়েছে। আমরা ওর শারীরিক পরীক্ষা করে সুস্থ করে নরেন্দ্রপুর অভয়ারণ্যে পাঠিয়ে দোবো। আর এব্যাপারে পেঁচা উদ্ধারকারী অমিত দাস নামে এক যুবক বলেন,এই পেঁচা বর্তমানে বিরল। তাই বন দফতরের হাতে তুলে দিতে পেরে আমি খুশি।

বাজেটে বাড়ল চুক্তিভিত্তিক গ্রুপ ডি ও গ্রুপ সি কর্মীদের মাসিক পারিশ্রমিক

কলকাতা, ৮ ফেব্রুয়ারিঃ রাজ্যের চুক্তিভিত্তিক গ্রুপ ডি ও গ্রুপ সি কর্মচারীদের মাসিক পারিশ্রমিক যথাক্রমে ৩ হাজার ও সাড়ে ৩ হাজার টাকা করে বাড়বে। বৃহস্পতিবার বাজেটে এই ঘোষণা করা হয়েছে। অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, '৪০ হাজার কর্মী উপকৃত হবে। ২৮৮ কোটি টাকা বরাদ্দ। সরকারের আওতায় থাকা আইটি কর্মীদের পারিশ্রমিক ক্যাটাগরি অনুযায়ী বাড়ানো হল।দক্ষিণ ২৪ পরগনায় মুড়িগঙ্গা নদীর উপর ১২০০ কোটি টাকা ব্যয়ে 'গঙ্গাসাগর সেতু' নির্মাণের সিদ্ধান্ত। এর জন্য এই বাজেটে ২০০ কোটি বরাদ্দ করা হল। আগামী তিন বছরে এই সেতু নির্মাণ করবে রাজ্য সরকার। দ্বাদশের বদলে একাদশ শ্রেণি থেকে 'তরুণের স্বপ্নে'র প্রকল্পের অন্তর্ভুক্ত পড়ুয়ারা। অর্থাৎ মাধ্যমিকের পরই হাতে 'ট্যাবলেট' পাবে সরকারি স্কুলের পড়ুয়ারা। এ ছাড়াও বাজেটে জানানো হয়েছে, ৬টি ইকোনমিক করিডোর গড়ছে রাজ্য এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পে ব্যাঙ্ক ঋণ বৃদ্ধি করা হচ্ছে। এদিন বিকেলে বিধানসভায় বাজেট বক্তৃতায় কবিতাপাঠ করেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

লিলুয়ায় আগুন হোগলা বনে

দুরন্ত বার্তা, লিলুয়া, ৮ ফেব্রুয়ারিঃ হাওড়ার লিলুয়া থানার অন্তর্গত ভট্টনগরে হোগলা বনে বিধ্বংসী আগুন। বৃহস্পতিবার ওই ঘটনা ঘটে। ঘটনাস্থলে আসে দমকলের একটি ইঞ্জিন। প্রায় ঘন্টা দুয়েকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। হাওয়ার দাপটে আগুন তাড়াতাড়ি ছড়িয়ে পড়ে। স্থানীয় এক প্রত্যক্ষদর্শী বলেন, কেউ আগুন লাগিয়েছে। আগুন দেখে আমরা বালতিতে জল নিয়ে আগুন নেভাই। প্রতি বছর জমির মধ্যে ইচ্ছে করে আগুন লাগিয়ে দেয়। সেই আগুন ছড়িয়ে পড়ে।

২ জন আইনজীবীকে নিয়ে সিজিওতে পার্থ ঘনিষ্ঠ বাপ্পাদিত্য

কলকাতা, ৮ ফেব্রুয়ারিঃ সিবিআইয়ের পর এবার ইডি। প্রাথমিকের নিয়োগ দুর্নীতি মামলায় হাজিরা দিতে ইডি দফতরে এলেন পার্থ ঘনিষ্ঠ কলকাতা পুরসভার ১০১ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর বাপ্পাদিত্য দাশগুপ্ত। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার নির্দেশ মেনে বৃহস্পতিবার বেলা সওয়া ১১টা নাগাদ দুজন আইনজীবীকে সঙ্গে নিয়ে সিজিও-তে আসেন তিনি। সাংবাদমাদ্যমের কাছে বাপ্পাদিত্যর দাবি, ব্যাঙ্ক স্টেটমেন্ট এবং আয়কর রিটার্ন চাওয়া হয়েছিল। সেগুলো জমা দিতেই এসেছি। ইডি সূত্রের অবশ্য দাবি, নিয়োগ দুর্নীতি মামলায় একাধিক সাক্ষীরা জানিয়েছেন, রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ ছিল বাপ্পাদিত্য। তাই নিয়োগ মামলায় তাঁর যোগ থাকার সম্ভাবনা উড়িয়ে দিচ্ছেন না তদন্তকারীরা। নিয়োগ মামলার তদন্তে নেমে গত বছরের ডিসেম্বরে বাপ্পাদিত্যর বাড়িতে তল্লাশি চালিয়েছিল সিবিআই। পাঁচ ঘন্টারও বেশি সময় ধরে তাঁর বাড়িতে তল্লাশি চালিয়ে নিয়োগ সংক্রান্ত প্রচুর তথ্য উদ্ধার করা হয়েছিল বলে তদন্তকারী সংস্থা সূত্রের খবর।

দুটি সংস্থার পাঁচ ডিরেক্টরের বিরুদ্ধে ইডি তদন্তের নির্দেশ গঙ্গোপাধ্যায়ের

কলকাতা, ৮ ফেব্রুয়ারি ঃ খাতায়কলমে তাঁরা সংস্থার ডিরেক্টর। কিন্তু সর্বোচ্চ পদে থেকেও সংস্থার আয়-ব্যয়, এমনকি কাজের ধরনটুকু পর্যন্ত তাঁরা জানেন না! দু'টি সংস্থার এমন পাঁচ ডিরেক্টরের বিরুদ্ধে ইডি তদন্তের নির্দেশ দিলেন কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। ওই পাঁচ ডিরেক্টরকে বৃহস্পতিবারই জিজ্ঞাসাবাদ করতে বলা হয়েছে কেন্দ্রীয় সংস্থাকে। ইডির পাশাপাশি সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিসের (এসএফআইও) আধিকারিকদেরও এই ঘটনার তদন্ত করতে বলেছেন বিচারপতি। জানিয়েছেন, প্রয়োজনে রাত ১০টা পর্যন্ত তিনি আদালতে থাকবেন। ডেলটা লিমিটেড এবং ওলিসা রিয়্যালিটি প্রাইভেট লিমিটেড নামক দুই সংস্থার বিরুদ্ধে কয়েক জন অবসরপ্রাপ্ত কর্মচারী আদালতে মামলা করেছেন। তাঁদের অভিযোগ, সংস্থার তরফে তাঁদের প্রাপ্য প্রভিডেন্ট ফান্ডের টাকা দেওয়া হচ্ছে না। ওই মামলাতেই দুই সংস্থার পাঁচ জন ডিরেক্টরকে তলব করেছিলেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। বৃহস্পতিবার তাঁরা আদালতে হাজির হয়েছিলেন। বিচারপতি তাঁদের সংস্থা সম্পর্কে কিছু প্রশ্ন করেন। কিন্তু তাঁরা কোনও প্রশ্নেরই উপযুক্ত জবাব দিতে পারেননি।

বিচারপতির পর্যবেক্ষণ, দুই সংস্থা সম্পর্কে তাঁরা প্রায় কিছুই জানেন না এই পাঁচ ডিরেক্টর। সংস্থার আয়-ব্যয়, কার্যপ্রণালী সম্পর্কে কোনও প্রশ্নের উত্তর দিতে পারেননি তাঁরা। জুট মিলের সুপারভাইজার থেকে তাঁরা ডিরেক্টর হয়েছেন। কারা ডিরেক্টর হিসাবে তাঁদের নাম প্রস্তাব করেছেন, তা-ও বলতে পারেননি। পাঁচ ডিরেক্টরকে হাই কোর্টের শেরিফের অফিসে নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদের নির্দেশ দেন

বিচারপতি। সেই সঙ্গে তিনি বলেন, ''এই পাঁচ জন এখনও কোনও অপরাধ করেননি বলে মনে হচ্ছে। তবে জিজ্ঞাসাবাদ প্রয়োজন। হতে পারে, এঁদের বলির পাঁঠা করা হচ্ছে। এঁদের সামনে রেখে পিছন থেকে কেউ কাজ করছেন। এঁরা চাইলে পদত্যাগ করতে পারেন।'' তবে পাঁচ জনকে এখনই গ্রেফতার করার প্রয়োজন নেই বলেও জানান বিচারপতি। শেরিফের প্রতিনিধিকে তাঁর নির্দেশ, পাঁচ ডিরেক্টরের সম্মানহানি যাতে না হয়, তা নিশ্চিত করতে হবে।

সাংসারিক অশান্তি, কাটারীর কোপে মাকে খুন, ধৃত ছেলে

প্রকাশ মণ্ডল, হুগলি, ৮ ফেব্রুয়ারিঃ সাংসারিক অশান্তির জের, কাটারীর কোপে মাকে খুন, গ্রেপ্তার ছেলে। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায় হুগলির হরিপালের নালিকুল এলাকায়।মৃতার নাম সুমিত্রা গরাং(৫২)।অভিযুক্ত ছেলের নাম নিতাই গরাং।পরিবার সূত্রে জানা গেছে বৃহস্পতিবার সকাল থেকেই বাড়ি পরিষ্কার করা নিয়ে অশান্তি হয় পরিবারের সদস্য দের।সেই সময় অভিযুক্ত ছেলের মাথায় ইট পড়তেই অশান্তি চরমে পৌঁছায়।এর পরই হঠাৎ করেই বাড়িতে থাকা কাটারী দিয়ে মায়ের গলায় কোপ বসায় ছেলে নিতাই।রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন সুমিত্রা দেবী।এর পরেই তড়িঘড়ি হরিপাল গ্রামীন হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন সুমিত্রা দেবীকে।পুলিশ কে খবর দেওয়া হলে দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায় পুলিশ।পরিবারের আরো দাবি দীর্ঘ দিন ধরেই মানসিক সমস্যায় ভুগছিলেন নিতাই, পাশাপাশি সম্পত্তি ভাগাভাগি নিয়েও প্ররোচনা দিতে অনেকেই।সম্পত্তি ভাগাভাগি নিয়েও অশান্তি হতো বলে জানায় তার দাদা গৌরাঙ্গ গরাং।হরিপাল থানার পুলিশ জানিয়েছে খুনে ব্যবহৃত কাটারী উদ্ধার করে অভিযুক্ত ছেলে নিতাই গরাং কে গ্রেপ্তার করা হয়েছে।শুক্রবার তাকে আদালতে পাঠানো হবে।

মাদ্রাসার উন্নয়নে বড় অঙ্ক বরাদ্দ রাজ্য সরকারের

কলকাতা, ৮ ফেব্রুয়ারি ঃ রাজ্য বাজেটে শিক্ষাক্ষেত্রে বড় ঘোষণা। মাদ্রাসার উন্নয়নে বড় অঙ্ক বরাদ্দ করল রাজ্য। রাজ্য বাজেটে বলা হয়েছে, তথ্যপ্রযুক্তি ও বৃত্তিমূলক শিক্ষাসমেত অত্যাধুনিক পাঠক্রম প্রণয়নের মাধ্যমে ধাপে ধাপে মাদ্রাসাগুলোকে উন্নত করা হবে। যার জন্য বরাদ্দ করা হয়েছে ৫০ কোটি টাকা। এছাড়া মিড-ডে মিলের রাঁধুনি ও সাহায্যকারীদের বেতনে ৫০০ টাকা বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

রাজ্য বাজেটে বলা হয়েছে, আগে মাসে ১০০০ টাকা করে ১০ মাস টাকা পেতেন রাঁধুনি ও হেল্পাররা। এবার থেকে প্রতিমাসে অতিরিক্ত ৫০০ টাকা করে দেওয়া হবে ২ লক্ষ ৩০ হাজার জনকে। যার জন্য বরাদ্দ ১৪০ কোটি টাকা। দ্বাদশ নয়, এবার মাধ্যমিকের পরই মিলবে মোবাইল, ট্যাবলেট। করোনা কালে আধুনিক শিক্ষা ব্যবস্থার সঙ্গে সরগর হতে 'তরুণের স্বপ্ন' প্রকল্পে রাজ্যের প্রতিটি উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীকে ট্যাব কিংবা স্মার্টফোন দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল সরকার। কারণ, করোনা কালে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় অনলাইনে পড়াশোনা চলছিল অধিকাংশ ক্ষেত্রে। এদিকে সকলের পক্ষে স্মার্টফোন কেনা সম্ভব নয়। সেই কারণে পড়ুয়াদের সুবিধার্থে এই প্রকল্প চালু করা হয়েছিল। যার মাধ্যমে সরাসরি পড়ুয়াদের অ্যাকাউন্টে পাঠানো হয় টাকা। তবে এবার থেকে দ্বাদশ নয়, মাধ্যমিক পাশের পরই মিলবে ট্যাব বা স্মার্টফোন। অর্থাৎ একাদশ শ্রেণিতে উঠলেই পড়ুয়াদের অ্যাকাউন্টে যাবে টাকা। এর জন্য ৯০০ কোটি টাকা বরাদ্দ ঘোষণা করেছে রাজ্য।

সারদাকাণ্ডের আরও একটি মামলায় কুণাল ঘোষকে নির্দোষ সাব্যস্ত

কলকাতা, ৮ ফেব্রুয়ারি ঃ সারদাকাণ্ডের আরও একটি মামলায় তৃণমূলের অন্যতম মুখপাত্র ও রাজ্য সম্পাদক কুণাল ঘোষকে নির্দোষ বলল সাংসদ-বিধায়ক বিশেষ আদালত। তাঁর বিরুদ্ধে ৪০৯ ধারাও প্রযোজ্য নয় বলেই রায় দেয় আদালত। ২০১৩ সালে দায়ের হওয়া পার্ক স্ট্রিট থানার এই মামলায় কুণালকে অভিযোগমুক্ত হিসাবে রায় দিয়েছেন বিচারক জয়শঙ্কর রায়। কুণালের হয়ে সওয়াল করেন তাঁর আইনজীবী অয়ন চক্রবর্তী। উল্লেখ্য, এর আগে ২০২২ সালে সারদার আরেকটি মামলায় স্বস্তি পান কুণাল ঘোষ। তাঁর বিরুদ্ধে রাজ্য পুলিশের সিট প্রতারণা ও বিশ্বাসভঙ্গের অভিযোগ আনে। সেই মামলা খারিজ করে দেয় এমপি এমএলএ আদালত। যে ধারায় মামলাগুলি করা হয়েছিল, তাতে কুণাল ঘোষের বিরুদ্ধে কোনও প্রমাণ নেই বলেই জানিয়েছিলেন বিচারক মনোজ্যোতি ভট্টাচার্য। লক্ষ্মীবারে আরও একটি মামলাতেও স্বস্তি হল তৃণমূল নেতার। রায় ঘোষণার পর কুণাল তাঁর প্রাথমিক প্রতিক্রিয়ায় শুধু বলেছেন, ''ঈশ্বর আছেন!''

১০ কোটি টাকা হাতানোর অভিযোগে আটক কলকাতার নামী স্কুলের সদস্য

কলকাতা, ৮ ফেব্রুয়ারিঃ দক্ষিণ কলকাতার একটি অভিজাত স্কুলের তহবিল থেকে অর্থ নয়ছয়ের নেপথ্যে থাকার সন্দেহে ট্রাস্টি বোর্ডের সদস্য কৃষ্ণা ধামালিকে বৃহস্পতিবার আটক করে গড়িয়াহাট থানার পুলিশ। শুরু হয়েছে বিস্তারিত তদন্ত। অভিযোগ, তিন বছর ধরে ট্রাস্টি বোর্ডের সদস্য থাকার সুযোগে ধীরে ধীরে অ্যাকাউন্ট থেকে তিনি টাকা সরাচ্ছিলেন। শেষমেশ অডিটে গরমিল হওয়ায় কারণ খুঁজতেই সব ধরা পড়ে যায়। তাঁকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তাঁর বিরুদ্ধে আরও একাধিক থানায় অভিযোগ দায়ের হয়েছিল। তার ভিত্তিতে তদন্ত শুরু করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা যাচ্ছে, ২০২০ সাল থেকে ২০২৩ পর্যন্ত বালিগঞ্জের ওই নামী ইংরাজি মাধ্যম স্কুলের ট্রাস্টি বোর্ডের সদস্য ছিলেন ওই অভিযুক্ত মহিলা। অভিযোগ, এই তিন বছরে স্কুলের অ্যাকাউন্ট থেকে ধীরে ধীরে প্রায় ১০ কোটি টাকা সরিয়ে নিজের অ্যাকাউন্টে রেখেছিলেন। দিন কয়েক আগে স্কুলের অডিট করতে গিয়ে এই গরমিল ধরা পড়ে। এত টাকা নয়ছয়ের ঘটনায় উদ্বিগ্ন স্কুল কর্তৃপক্ষ।

একাধিক থানায় এ বিষয়ে অভিযোগ দায়ের হয়। শহরের নামী ইংরাজি মাধ্যম স্কুলে অর্থ তছরূপের এই ঘটনা তাদের শিক্ষার পরিবেশে প্রভাব ফেলতে পারে বলে আশঙ্কা কর্তৃপক্ষের। আর সেই কারণেই দ্রুত এবং স্বচ্ছতার সঙ্গে তদন্ত শেষ হোক, সেটাই চাইছে তারা।

আগামী অর্থবর্ষে রাজ্যে আরও ১২ হাজার কিলোমিটার গ্রামীণ সড়ক

কলকাতা, ৮ ফেব্রুয়ারি ঃ আগামী অর্থবর্ষে রাজ্যে আরও ১২ হাজার কিলোমিটার গ্রামীণ সড়ক নির্মাণ করবে রাজ্য। বৃহস্পতিবার বাজেটে একথা জানান অর্থ প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত) চন্দ্রিমা ভট্টাচার্য। এর জন্য রাজ্যের ব্যয় হবে প্রায় ৩ হাজার ৮৬৮ কোটি টাকা। গ্রামীণ পরিকাঠামোর উন্নয়নেই রাজ্যের এই উদ্যোগ বলে মন্ত্রী জানান। এর আগে পথশ্রী-১ এবং পথশ্রী-২ প্রকল্পে রাজ্য সরকার ৬ হাজার ৪৪৮ কোটি টাকা ব্যয়ে ২৬ হাজার ৪৮৭ কিলোমিটার রাস্তা নির্মাণ এবং সংস্কার করেছে। আগামী অর্থবর্ষ থেকে পথশ্রী-৩ প্রকল্প চালু করতে চলেছে রাজ্য। ওই প্রকল্পেই এই ১২হাজার কিমি রাস্তা তৈরি হবে। চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, ''মনরেগা, প্রধানমন্ত্রী আবাস যোজনা, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা এবং জাতীয় স্বাস্থ্য মিশন-সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে কেন্দ্রের থেকে রাজ্যের বকেয়ার পরিমাণ ১ লক্ষ ১৬ হাজার কোটি টাকা। কেন্দ্র টাকা দিচ্ছে না। তবু পরিকাঠামো উন্নয়নের ধারাকে অক্ষুণ্ণ রাখতেই রাজ্যের এই উদ্যোগ।

নেশাগ্রস্ত মানসিক যুবককে উদ্ধার করে মায়ের কাছে পৌঁছে দিল পুলিশ

দুরন্ত বার্তা, নববারাকপুর,৮ ফেব্রুয়ারিঃ বাবা মরে যাবার পর বন্ধু দের সঙ্গ দোষে মদ্যপান করত। মদ্যপ অবস্থায় বাড়িতে ঢুকে টাকা পয়সা চেয়ে নিজের মা সহ প্রতিবেশী দের মারধর করত। গালি গালিগালাজ করত। মঙ্গলবার রাতে চরম আকার নেয়। যুবক মদ্যপ অবস্থায় আবার মাকে মারধর করে। কেউ বাধা দিতে আসলে তাদের সাথে বচসা তর্কাতর্কি শুরু হয়। বাড়ি থেকে বেরিয়ে যায়। ঐ সময় এলাকার প্রতিবেশীরা যুবককে ধরে রেখে স্থানীয় নিউ বারাকপুর থানার পুলিশ কে খবর দিলে। কর্তব্যরত থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে মোবাইল ভ্যানে নেশাগ্রস্ত যুবক কে উদ্ধার করে থানায় নিয়ে আসে। বারাসত টাকি রোডে মনোবিকাশ চিকিৎসা কেন্দ্রে যুবককে প্রাথমিক চিকিৎসা করানো হয়। বুধবার সন্ধ্যায় নেশাগ্রস্ত মানসিক ভাবে অসুস্থ যুবক প্রাথমিক চিকিৎসার পর সুস্থ করে তার মায়ের কাছে পৌঁছে দেয় নিউ বারাকপুর থানার পুলিশ। থানার ওসি সুমিত কুমার বৈদ্য জানান বাবা মরে যাবার পর নেশাগ্রস্ত হয়ে এক যুবক তার মাকে মারধর করে। বন্ধু দের সঙ্গ দোষে নেশাজাতীয় দ্রব্য সেবন করে। মানসিক ভাবে বিকারগ্রস্ত হয়। মঙ্গলবার রাতে কর্তব্যরত থানার পুলিশ খবর পাওয়া মাত্রই পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের মেইন রোড ইস্টের বি এড কলেজ থেকে যুবক কে উদ্ধার করে তার চিকিৎসা করিয়ে বুধবার সন্ধ্যায় পরিবারের মায়ের সাথে যোগাযোগ করে।আইননানুগ ভাবে মায়ের কাছে ছেলে কে তুলে দেওয়া হয়।ছেলেটির নাম শুভজিৎ দাস(২৩)।বাবা প্রয়াত রামপ্রসাদ দাস। পাঁচ বছর হল মারা গিয়েছে ছেলেটির বাবা। ছেলেটি পেশায় কাঠের কাজ করে।

ভালোবাসার সপ্তাহ যত এগোচ্ছে, ততই দাম বাড়ার উপক্রম গোলাপের

কলকাতা, ৮ ফেব্রুয়ারি ঃ 'ভালোবাসার সপ্তাহ'-এ যত এগিয়ে যাবে ততই দাম বাড়ার উপক্রম গোলাপের। 'ভ্যালেন্টাইন উইকে' বাংলায় গোলাপের চাহিদা ৫০ লাখেরও বেশি! যা শুরু হয়ে গিয়েছে বুধবার 'রোজ ডে' থেকেই। বৃহস্পতিবারও চাহিদা কমেনি। রাজ্যের মিনিপল, ম্যাটগোল্ডে সেভাবে যে মন ভরে না প্রিয় মানুষের। তাই রূপ-গন্ধে আরও দামি ডাচ গোলাপ সঙ্গীনিকে দিতে বেঙ্গালুরু থেকে বিমানে আসছে। এদিকে, 'রোজ ডে' থেকেই গোলাপের দাম চড়তে শুরু করেছে মহানগর থেকে শহরতলি। জেলা সদর ছাড়িয়ে মফস্বলেও। তবে মিনিপলের দাম আগের চেয়ে ঊর্ধ্বমুখী হলেও সেভাবে বাড়েনি। এখানেও সেই আবহাওয়ার খামখেয়ালিপনা। উত্তুরে বাতাসের দাপট একেবারে কমে যাওয়ায় দখিনা বাতাসে গোলাপের ফলন হচ্ছে ব্যাপকভাবে। তাই মিনিপল গোলাপের উৎপাদন বেশি হওয়ায় কলকাতা মল্লিকঘাট ফুলবাজারে পাইকারি দরে দাম একেবারে হাতের নাগালের মধ্যেই রয়েছে। সারা বাংলা ফুল চাষি ও ফুল ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক নারায়ণ চন্দ্র নায়ক বলেন, রোজ ডে থেকে শুরু হয় 'ভ্যালেন্টাইন উইক'। আর ওই দিন থেকেই রাজ্যে গোলাপের চাহিদা বাড়তে থাকে। ফি বছর এই সাত দিনে বাংলায় ৫০ লক্ষের বেশি গোলাপ বিক্রি হয়। এ রাজ্যে মূলত মিনিপল আর ম্যাটগোল্ডের ফলন হয়। কিন্তু এই ভালোবাসার মরশুমে ডাচ গোলাপের চাহিদা কম থাকে না। কিন্তু এই গোলাপ এখানে পরীক্ষামূলকভাবে হলেও বাণিজ্যিক হারে তা হয় না। তাই 'ভ্যালেন্টাইন উইক'-এ বেঙ্গালুরু থেকে বিমানে ডাচ গোলাপ আসছে। লাল মিনিপল ছাড়া অন্যান্য গোলাপের দাম এদিন থেকেই ঊর্ধ্বমুখী। সারা বাংলা ফুল চাষি ও ফুল ব্যবসায়ী সমিতি সূত্রে জানা গিয়েছে, 'রোজ ডে'-তে মিনিপল লাল গোলাপের কুঁড়ি বিক্রি হয়েছে প্রতিটি ১ টাকা। হলুদ গোলাপের কুঁড়ি প্রতিটি ৫ টাকা, গোলাপি রঙের গোলাপের কুঁড়ি প্রতিটি ৬ টাকা, সাদা রঙের গোলাপের কুঁড়ি প্রতিটি ৭ টাকা। ম্যাটগোল্ড প্রজাতির গোলাপের কুঁড়ি প্রতি পিস সাড়ে তিন টাকা দরে বিক্রি হয়। অন্যদিকে, ডাচ গোলাপ বিক্রি হয় প্রতিটি ২৫ টাকা। এ সবই কলকাতা মল্লিকঘাট ফুলবাজারের পাইকারি দর। এখান থেকে ফুল নিয়ে ব্যবসায়ীরা কলকাতা ও শহরতলির নানা প্রান্ত-সহ জেলার বিভিন্ন জায়গায় যাচ্ছেন। এমনকি উত্তরবঙ্গের শিলিগুড়িতেও। খুব স্বাভাবিকভাবেই জেলায়- জেলায় একটি লাল মিনিপল এদিন বিক্রি হয়েছে ১৫ টাকায়। ডাচ গোলাপ বিক্রি হয়েছে ৫০ টাকায়। পুরুলিয়া শহরের চকবাজারের ফুল ব্যবসায়ী সৌমেন সামন্ত বলেন, ''আমাদের এই গোলাপ কলকাতার মল্লিকঘাট ফুল বাজার ছাড়াও পূর্ব মেদিনীপুর থেকে নিয়ে আসতে হয়। রাজ্যের সব জায়গায় তো গোলাপ চাষ হয় না। তাই স্বাভাবিকভাবে দাম বাড়িয়ে বিক্রি করতে হয়। না হলে লাভ দেখতে পাওয়া যায় না। সেই কারণেই আমরা লাল মিনিপল ১৫ টাকা, ডাচ গোলাপ ৫০ টাকায় বিক্রি করছি। মাঝেমধ্যেই বেঙ্গালুরু থেকে ডাচ গোলাপ বাংলায় আসে। মল্লিকঘাট ফুল বাজারেই নামে চোখ জুড়িয়ে যাওয়া এই গোলাপ। তার পর সেখান থেকে বিভিন্ন জায়গায় সরবরাহ হয়।

স্বামী বিবেকানন্দের স্মৃতি বিজড়িত স্মারক দ্বারের ভিত্তিপ্রস্তর স্থাপন হাওড়ার রামকৃষ্ণপুর ঘাটে

শ্রেয়া আদক, হাওড়া, ৮ ফেব্রুয়ারিঃ স্বামী বিবেকানন্দের রামকৃষ্ণপুর ঘাটে পদার্পণের ১২৫ বছর পূর্তি উপলক্ষে বৃহস্পতিবার সকালে করুণা ফাউন্ডেশন এবং রামকৃষ্ণ স্বামীজী স্মৃতি সংঘের সহযোগিতায় স্মারক দ্বারের ভিত্তিপ্রস্তর স্থাপন হলো। এর শিলান্যাস করেন রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের সাধারণ সম্পাদক স্বামী সুবীরানন্দ মহারাজ। উপস্থিত ছিলেন রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তরের মন্ত্রী অরূপ রায় সহ অন্যান্যরা। উল্লেখ্য, তিনটি নৌকাতে গুরু ভাইদের সাথে নিয়ে মাঘী পূর্ণিমার পুণ্য তিথিতে রামকৃষ্ণপুর ঘাটে স্বামী বিবেকানন্দের পদার্পণ ঘটেছিল। এদিন মন্ত্রী অরূপ রায় বলেন, আমি প্রতিটি অনুষ্ঠানে স্বামীজির কথা বলি। যাতে ছাত্র-ছাত্রীরা সমাজকে অবক্ষয় থেকে মুক্ত করতে পারে রক্ষা করতে পারে। স্বামীজি যে পথ দিয়ে হেঁটে গিয়েছেন সেই পথ দিয়ে আমরা হাঁটতে পারছি এটা আমাদের গর্বের। হাওড়ায় আমাদের জন্ম হয়েছে এটা আমাদের গর্বের ব্যাপার। স্বামীজি বেলুড় মঠ তৈরির জন্য হাওড়াকেই বেছে নিয়েছেন। এটা একটা তীর্থক্ষেত্র হিসেবে গড়ে উঠুক। স্বামীজি ১২৫ বছর আগে এখানে আসেন।

রক্ষণাবেক্ষণের জন্য একটা কমিটি তৈরি হবে। তারাই এটার রক্ষণাবেক্ষণ করবেন। এদিন রামকৃষ্ণ মঠ ও মিশনের সাধারণ সম্পাদক স্বামী সুবীরানন্দ মহারাজ বলেন, স্বামীজির শ্রেষ্ঠ প্রণাম মন্ত্রের মাধ্যমে শ্রীরামকৃষ্ণ শুধু নবগোপাল ঘোষের বাড়ি নয় বা হাওড়া নয়, সমগ্র পৃথিবীতে নতুনভাবে প্রতিষ্ঠিত হন। এটা হাওড়াবাসীর কাছে গর্বের ব্যাপার যে স্বামীজি রামকৃষ্ণ মঠের প্রধান কার্যালয় হাওড়াতেই করেছিলেন। স্বামীজি বলেছিলেন এই প্রতিষ্ঠিত করে গেলাম পনেরশো বছর এই সংগঠন থাকবে সমস্ত পৃথিবীর আধ্যাত্মিক প্লাবনে প্লাবিত হয়ে যাবে। সেই আধ্যাত্মিক প্লাবনের প্রাণকেন্দ্র হবে বেলুড় মঠ হাওড়ায়।

খুব ভাল লেগেছে, এজলাসে বিচারপতি গঙ্গোপাধ্যায়ের মন্তব্য শুনে আপ্লুত দেব

কলকাতা, ৮ ফেব্রুয়ারি ঃ তৃণমূল সাংসদ দেবের সিনেমা খুব ভাল লেগেছে। হাই কোর্টে এজলাসে বসে জানালেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। প্রতিক্রিয়ায় দেব জানালেন, এটা 'বিশাল গর্বের বিষয়'। বিচারপতির কথায়, ''গতকাল প্রধান সিনেমা দেখতে গিয়েছিলাম। সিনেমাটা আমার খুব ভাল লেগেছে।'' বিচারপতির মুখে প্রশংসা শুনে দিল্লিতে সংসদে দাঁড়িয়েই মুখ খুললেন দেব। বৃহস্পতিবার বিচারপতি গঙ্গোপাধ্যায় এজলাসে বসে বলেন, ''আমি বুধবার ৭০ টাকা দিয়ে টিকিট কেটে সিনেমাটা দেখলাম। সিনেমাহলের এক জন আধিকারিক আমায় এসে বললেন, আপনি কেন টিকিট কাটছেন? আপনার টিকিটের জন্য টাকা লাগবে না। এমনকি আপনার জন্য আসনও বরাদ্দ রয়েছে। আমি তাঁকে বলেছি, সিনেমা দেখলে টিকিট কাটবই। তবে আপনি যেখানে খুশি আমাকে বসাতে পারেন। তাতে আমার আপত্তি নেই।'' এর পরেই দেবের সেই সিনেমার প্রশংসা করেন বিচারপতি। প্রশংসা শুনে দেব জানালেন, এটা তাঁর কাছে গর্বের বিষয়। তাঁর কথায়, ''যে কোনও চরিত্র যদি কারও ভাল লাগে এবং সেই মানুষটা যদি অভিজিৎদা হয়ে থাকেন, সেটা বিশাল গর্বের বিষয়। ছবির এক জন শিল্পী, অভিনেতা, প্রযোজক হিসাবে খুবই উত্তেজিত ওঁর এই ভালবাসার শব্দগুলো পেয়ে।'' দেব আরও বলেন, ''বিচারপতির এই প্রশংসা অনুপ্রেরণা দেবে, যাতে আগাম ছবিতে আরও ভাল কাজ করতে পারি।''

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৯ বর্ষ, দৈনিক ৭০ সংখ্যা, শুক্রবার, ২৫ মাঘ ১৪৩০

সংসদে প্রধানমন্ত্রী মোদি

বিরোধীদের আক্রমণ করে ছিল, তবুও বলতে হয় যে তিনি সুবক্তা। রাজনীতি করতে এসে যদি সুবক্তা বা সুদক্ষ রাজনীতিবিদ না হওয়া যায় তাহলে তিনি বেশি দিন রাজনীতির মঞ্চে টিকে থাকা খুবই মুশকিল। তার বড় প্রমাণ ইন্দিরা গান্ধি। তিনিও ভালো বক্তব্য রাখতেন পারতেন। পণ্ডিত জওহরলাল নেহরুও ভালো বক্তব্য রাখতে পারতেন। তার কারণ তিনি বিভিন্ন বই পড়তে ভলোবাসতেন এবং সেই বই পড়া নেশা তাঁকে সুবক্তা পরিণত করতে সাহায্য করেছে। যদিও তাঁর বক্তব্যের মধ্যে দর্শন দেখতে পাওয়া যেত। বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যে সুবক্তা তা আর বলার অপেক্ষা রাখে না। তিনি আবার রসিকও বটে। কংগ্রেসের সর্বভারতীয় সভাপতি মল্লিজার্জ্জুন খড়্গেকে নিয়ে রসের কথা বলেছেন। যদি তাতে খানিকটা আঘাত ছিল। তবুও বলতে হয় যে তিনি যেভাবে বিরোধীদের সুর ধরে একের পর এক সূত্র ধরে আক্রমণ করতে শুরু করে দিয়েছিলেন তাতে গোটা সংসদ ভবন নিঃস্তব্ধ হয়ে তাঁর বক্তৃতা শুনেছে। তৃণমূল নেত্রীর কথা ধরেই তিনি কংগ্রেসকে আক্রমণ করেছেন মোদি। নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন কংগ্রেস চল্লিশটির বেশি আসন পাবে কিনা সন্দেহ। সেই চল্লিশ শব্দকে গ্রহণ করে কংগ্রেস দলকে বিদ্ধ করতে ছাড়েননি মোদি। রাজনীতিবিদেরা যদি যুক্তিপূর্ণ বক্তব্য রাখতে না পারে তাহলে সে পরাজিত হয়ে যায়। গুজরাতের মুখ্যমন্ত্রী থাকার সময়ে সেখানে বিরোধী দলের নেতারা মোদির দিকে তাকিয়ে থাকতো। এবারে ভারতের প্রধানমন্ত্রী পদে মোদি বসেই সেই ধরনের রাজনৈতিক চাল দিতে শুরু করে দিয়েছেন। আজকে বিজেপি দলের কোনও বলিষ্ঠ নেতা নেই মোদির মতো। তিনি একাধারে সুবক্তা এবং দক্ষ ধুরন্ধর রাজনীতিবিদ। পশ্চিমবঙ্গ থেকে যখন টাটা বিদায় গ্রহণ করছে তখন ওঁতপেতে মোদি গুজরাতে বসেছিলেন। পশ্চিমবঙ্গ টাটা ত্যাগ করতেই মোদি টাটাকে ধরে ফেলে একেবারে গুজরাতের মাটিতে রোপন করে ফেললেন। তার ফলে আজকে সাননন্দয় টাটার ন্যানো গাড়ি তৈরি করছে। থেমে নেই সেই কারখানা। সেখানে এখন প্রায় হাজার খানেকে বেশি লোকেরা চাকরি করছে। সুযোগ ধরে নেওয়ার জন্য অপেক্ষা করতে রাজি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি এবারে বিজেপির কেন্দ্রীয় স্তরে এসে উপস্থিত হয়ে দেখিয়ে দিলেন যে তাঁর সমকক্ষ হওয়ার মতো আপাতত বিজেপি দলের মধ্যে কেউ নেই। সেই কারণে তিনি বিজেপি দলের প্রধান মুখ হয়ে গিয়েছেন। এটা মোদির ব্যক্তিগত দক্ষতা। সেই দক্ষতা এখন বিরোধী দলের কোনও নেতারা দেখাতে পারছেন না। রাহুল গান্ধি, মল্লিকার্জ্জুন খড়্গে এমনকী সনিয়া গান্ধি কেবলে গেলে মোদির মতো সুবক্তা নন। মোদিকে লক্ষ্য করে বলা হয়েছিল তিনি চাওয়ালা। মোদি তাতে কোনও সময়ে রাগ করেননি। তিনি সহাস্যে তাকে গ্রহণ করে নিয়ে নিজেকে চাওয়ালা বলে নির্বাচনী প্রচার করতে শুরু করেছিলেন। তিনি সেই সময়ে বলেছিলেন যে ভারতের গণতন্ত্র রয়েছে বলেই একজন চাওয়ালা প্রধানমন্ত্রী পদপ্রার্থী হওয়ার মতো যোগ্যতা রাখাতে পারে। একটি কথায় বিরোধীদের মুখে তিনি ঝামা ঘষে দিয়েছিলেন। তারপর থেকে আর কেউ চাওয়ালার ছেলে বলে না। তিনি অতি দরিদ্র পরিবার থেকে উঠে এসেছেন এটাকে অস্বীকার করেননি। তিনি নিজেকে রাজপুত্র বলে প্রচার করেননি। যার ফলে তাকে পরাস্ত করতে কেউই পারছে না। তাঁর মতো দক্ষ রাজনীতিবিদ এখন ভারতে খুবই অভাব। রাজ্যের কোনও মুখ্যমন্ত্রী নেই ভালোভাবে রাজ্যের সমস্যার কথা জনগণের সমানে তুলে ধরতে পারেন। সমস্যার সমাধানের জন্য সবার সহযোগিতা প্রয়োজন। সেই কারণে বারবার মোদি বেশ ঠান্ডা মাথায় সমস্যার সমাধান করতে প্রস্তুত। বিজেপি দল এবারে ২০৪৭ সালের পরিকল্পনা রচনা করতে শুরু করে দিয়েছে। স্বাধীনতা শতবর্ষে ভারতের রাজনৈতিক, সামাজিক এবং অর্থনৈতিক রূপ কী রকম হবে তার বিশ্লেষণ করতে শুরু করে দিয়েছে। এটাই মোদির রাজনৈতিক আর একটি কৌশল

চিন সীমান্ত রেখা সমস্যা

ভারত সিদ্ধান্ত গ্রহণ করেছে যে কারোর সঙ্গে কাশ্মীর নিয়ে কথা নয়। জাতীয় উপদেষ্টা অজিত দোভালের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আলাপ আলোচনা করেছেন। ভারত চিন সীমান্তে কী ধরনের উত্তেজনা বৃদ্ধি পেয়েছিল তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। আবার নেপালও এখন বেশ খানিকটা চিনের দিকে ঝুঁকে পড়েছে। পাকিস্তান তো হাত ধুয়ে বসে রয়েছে। ভারত যখন করোনাভাইরাস আক্রমণ নিয়ে ব্যস্ত তখনই চিন সীমান্তে উত্তেজনা বৃদ্ধি করে চলেছে। আসলে চিন চাইছে ভারত চুপ করে বসে থাকুক। চিন যা ইচ্ছা তাই করতে থাকবে। কাশ্মীরের বেশ কিছু অংশ পাকিস্তান উপঢৌকন দিয়েছে চিনকে। চিন সেখানে আর্থিক করিডর তৈরি করেছে। সেই আর্থিক করিডরকে রক্ষা করতে সেখানে চিনা সেনার উপস্থিতি বৃদ্ধি পেয়েছে। ভারত আর্থিক করিডর থেকে চিনা সেনা সরিয়ে নেওয়ার আবেদন করলেও তাকে অগ্রাহ্য করে চিন তার নিজের কাজ করে চলেছে। এদিকে কাশ্মীরকে দুটোভাগে ভাগ করে দিয়েছে ভারত। কাশ্মীরকাকে কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করেছে এবং লাদাখকেও একটি আলাদা কেন্দ্র শাসিত অঞ্চলে পরিণত করেছে ভারত। আর তাতেই ক্ষিপ্ত পাকিস্তান। তার ওপরে পাকিস্তানের ওপরেও ভারত চাপ সৃষ্টি করতে শুরু করে দিয়েছে যে পাক অধিকৃত কাশ্মীর ভারতকে দিতে হবে। ইতিমধ্যে পাক অধিকৃত কাশ্মীরের আবহাওয়া নিয়ে একটি রিপোর্টও পেশ করেছে ভারত। ভারতের এই সাহসের কাছে পাকিস্তান একেবারে হতভম্ব।

শ্রীশ্রী অনুকূল ঠাকুর



শ্রীশ্রী অনুকূল ঠাকুর বলেন যে মা গবানকে মনে প্রাণে ডাকতে হবে। তিনি তবেই ভক্তের ডাকে সাড়া দিয়ে থাকেন। ঈশ্বর আছেন বলেই মানুষ শারীরিক এবং মানসিক শক্তি লাভ করে। ঈশ্বর আছেন বলেই মানব জগতটা একটি নিয়মে চলাফেরা করে। মানব ধর্মের প্রতিষ্ঠা চাই। মানবধর্মের জয় চাই। জগত মাতাই হচ্ছেন শক্তিদায়িনী। তিনি শক্তি দান করে থাকেন। দেবীর কাছ থেকে শক্তি নিয়ে নিজেকে শক্তিশালী করতে হবে। নিজের শক্তিকে জাগরিত করতে হবে। নিজেকে মানসিক শক্তি দিয়ে অপরকে পরাজিত করতে হবে।

সাধক বামাক্ষ্যাপা



তন্ত্র সাধক বামাক্ষ্যাপা মনে করেন, জ্ঞান অর্জন করতে হবে। শিক্ষা গ্রহণ করতে হবে। সৎ শিক্ষা গ্রহণ করার তার একটি মূল্য আছে। জীবন কোনও সময়ে কঠিন হয়ে উঠবে না যদি সেবা ধর্ম পালন করা যায়। সেবাই হচ্ছে পরম ধর্ম। তার মতো আর কোনও ধর্ম নেই। সব ধর্মের সেরা ধর্ম হচ্ছে সেবা। মানব সভ্যতাকে রক্ষা করতে হবে। মানবজাতিকে রক্ষা করতে হবে। দেশকে রক্ষা করার ব্রত গ্রহণ করতে হবে। দেশকে রক্ষা করতে পারলে তবেই নিজেকে রক্ষা করা সম্ভব। মায়ের শক্তিকে ধারন করতে হবে। জাগরিত করতে হবে মন শক্তিকে। মনের শক্তিকে। মনকে শক্তিশালী করতে হবে। পাপ থেকে মনটাকে দূর করতে হবে। জাগাতে হবে মনের মধ্যে থাকা সৎ শক্তিকে। জাগরিত করতে হবে মানবশক্তি। শুধু নিজেকে শক্তিধারক বা বাহক করলে চলবে না। সবাইকে শক্তিশালী করার দায়িত্ব গ্রহণ করতে হবে। সবাইকে সুখচারে থাকতে হবে। না হলে দেশটা একেবারে পঙ্কিল হয়ে যাবে। শুভতার প্রতীক হতে হবে।

পিতার ইচ্ছাকে বাস্তবে পরিণত করার ক্ষেত্রে জওহরলালের মনে টানাপোড়েন হতে থাকে

রবীন্দ্র কুমার শীল
(পূর্ব প্রকাশের পর)

সেই সময়ে বহু কাশ্মীরা এলাহাবাদে বসবাস করতো এবং তারা দেখতে খুবই সুন্দর ছিল। তারা সবার সঙ্গে স্বাচ্ছন্দে মেলামেশা করতো। তবে সেখানকার মহিলাদের কোনও পর্দা ছিল না যার আড়ালে থাকতে হতো। সবাই লোকসঙ্গীতে পুরুষ এবং মহিলারা অংশ গ্রহণ করতে পারতো। তবে তাদের খাদ্যাভাস একেবারে ভিন্ন ছিল। বালক জওহরলালের মধ্যে তা অনুভব করতেন। সংস্কৃতিকবান এবং শিক্ষিত পরিবার হিসাবে নাম করতে শুরু করে দিয়েছিল আনন্দ ভবনের বসবাসকারীরা। জওহরলাল এই সব তাঁর বাড়ির পার্শ্ববর্তী পরিবেশ দেখে যে অনুভূতি লাভ করেছিলেন তা তিনি তাঁর আত্মজীবনীতে উল্লেখ করেছেন। সেই যুগের এলাহাবাদ সম্পর্কে একটি মনোরম বাস্তবধর্মী চিত্র অঙ্কিত করে তাকে জওহরলাল নিজের আত্মজীবনীতে বর্ণিত করেছেন। ভারতের রাজনীতিতে জওহরলাল নেহরু নিজেকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছিলেন তার সোপান তৈরি করা শুরু হয়ে গিয়েছিল বাল্যকাল থেকে। ধাপে ধাপে নিজেকে প্রস্তুত করেছেন ভারতীয় রাজনীতিতে প্রধান এবং মুখ্য পুরুষ হয়ে দাঁড়াতে। সেই শিক্ষার আয়োজন তৈরি করে দিয়েছিলেন জওহরের পিতা মতিলাল। পণ্ডিত জওহরলাল তাঁর আত্মজীবনীতে লিখেছেন, "It is dificult to realize what one looked like or felt like in one's boyhood, thrity years ago. But I have a fairly strong impression that during these theosophical days of mine I developed the flat and insipid look which sometimes denotes piety and which is (or was) often to be seen among theosophist men and women. I was smug, with a feeling of one-of-the-elect, and altogether I must have been a thoroughly undesirable and unpleasant companion for boy and girl of my age ". ইংল্যাণ্ডে থাকার সময়ে তিনি মানসিক শক্তি লাভ করতে শুরু করে দিয়েছিলেন। তখন তিনি ইংল্যান্ডে ছাত্র। ইংরেজ বন্ধুদের সঙ্গে তাঁর মতের মিল দেখতে পাওয়া যায়। হ্যারো স্কুলে পড়ার সময়ে তিনি ভারতীয় রাজপুত্র এবং অভিজাতদের থেকে দূরে সরে থাকতেন। এই মানসিকতার প্রকাশ দেখতে পাওয়া গিয়েছিল ১৯৪৭ সালে কাশ্মীরের মহারাজা হীরা সিং এর সময়। আসলে তিনি নিজেকে বেশি করে ইংরেজিম্যান ভাবতেন। তার জন্য তিনি ইংরেজ আভিজাত্যকে কোনও সময়ে অপচ্ছন্দ করেননি। ছোটবেলা থেকেই এই রকম মানসিকতার মধ্যে দিয়ে তিনি বড় হয়েছিলেন। তার ফলে দেখতে পাওয়া গিয়েছে তিনি নিজের আভিজাত্যের দিকে বেশি নজর দিতেন। ভারতের রাজনীতিতে দেখতে পাওয়া গিয়েছে যে তিনি দেশের অন্য নেতাদের থেকে একেবারে ভিন্ন পথ গ্রহণ করে চলেছেন যার সঙ্গে তৎকালীন পরিস্থিতির একেবারে কোনও মিল ছিল না। নিজের তৈরি করা পথ্য এবং মতকে বেশি করে প্রাধান্য দিতেন। আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে দেখতে পাওয়া গিয়েছে যে বিদেশি পথকে বেশি করে অনুসরন করেছেন। তিনি সব সময়ে ভারতে বিদেশি শাসনকে ইংরেজদের মতো পচ্ছন্দ করতেন তবে তা সাম্রাজ্যবাদী দৃষ্টিকোন দিয়ে নয়। তিনি বিশ্বাস করতেন যে ভারতের স্বাধীনতা সমাজতান্ত্রিক আর্থিক ভিত্তির ওপরে নির্ভর করে তৈরি হবে। ১৯২৭ সালে তিনি পাশ্চাত্য সমাজতান্ত্রিক পদ্ধতির ওপর দৃষ্টি রাখতে শুরু করলেন মস্কোকে ভিত্তি করে। জওহরলালের বয়স যখন ১৪ বছর তখন তিনি তাঁর বাড়ি পরিবর্তন করলেন। তাঁর এক বয়স্ক কাকা তিনি বাড়ি ত্যাগ করে একটি অন্য বাড়ি প্রস্তুত করেন। এই সময়ে জওহরলালের মানসিক পরিবর্তন দেখা দিল। তিনি তখন ছেলে এবং মেয়েদের সঙ্গে মেলামেশা করতে শুরু করলেন। সুন্দরী কাশ্মীরী মেয়েদেরও সঙ্গী হতেন তিনি। তিনি আবার কোন কোন সময়ে স্বপ্ন দেখতে শুরু করেছিলেন যে আকাশে উড়ে বেড়াচ্ছেন। পরে দেখতে পাওয়া গিয়েছিল যে রাজনৈতিক জীবনেও তিনি নিজের মনে একান্তে কথা বলছেন। তাঁর আত্মজীবনীতে দেখতে পাওয়া গিয়েছে ফ্রয়েডি চিন্তাভাবনার প্রকাশ। এই ধরনের অনুভূতি তিনি লাভ করেছিলেন। ভিয়েনার ডক্টর পল ফেডার্ন এই রকম বহু উল্লেখযোগ্য উড়ে যাওয়ার স্বপ্ন নিয়ে আলোচনা করেছেন। স্বাধীনতা আন্দোলনের সময়ে তাঁর অংশ গ্রহণকে একটি বড় পরিসরে গ্রহণ করতে অভ্যস্ত ছিলেন। পরে দেখতে পাওয়া গিয়েছে যে সেই সব স্বপ্ন তাঁকে ক্লেশ দিয়েছে এবং ব্যথিত করেছে। ১৯০৫ সালের মে মাসে তখন তাঁর বয়স পনেরো বছর ছয় মাস তখন তিনি পিতা, মাতা এবং বোন বিজয় লক্ষ্মী (১৯০০-১৯৯০) বিলাতে গিয়েছিলন। জওহরলাল হ্যারো স্কুলে ভর্তি হলেন। মতিলাল তখন একেবারে বিলেতি সাহেব এবং একজন আইসিএস অফিসারের মতো চলনবলন তাঁর। তাঁর ভাইপো ব্রিজলাল তখন বিলাতে রয়েছেন। তিনি জওহরলালের জন্য স্কুলে ভর্তির ব্যবস্থা করে দেন। জওহরলাল একটি বয়স বেশি ছিল হ্যারো স্কুলের অন্যান্যদের বন্ধুদের চেয়ে। মতিলাল হ্যারো স্কুলে ভর্তির জন্য সেখানকার প্রধান শিক্ষক রেভারেন্ট ডক্টর জোসেফ উডকে ধরেন। প্রধান শিক্ষক উড আবার মতিলালকে বেশ পচ্ছন্দ করতেন। এবং জওহরের থাকার ব্যবস্থা করা হয়েছিল প্রধান শিক্ষকের বাড়িতেই। তবে জওহরলালের সঙ্গে চিঠিপত্রের মাধ্যমে যোগাযোগ রাখতেন। ১৯০৫ সালে ৯ আগস্ট জার্মানীর ফ্রাঙ্কফুট এর ভিলা ব্রান্টিকা থেকে পিতা মতিলাল জহরকে লিখছেন,"It is very good of Dr. Wood to interest himself so far in you as to be concerned with the qualification of your private tutor and show his solicitude for the proress you are making "। প্রধান শিক্ষকের সঙ্গে মতিলালের সুসম্পর্ক থাকার ফলে জওহরলাল স্কুলের সেরা বন্ধুদের সঙ্গে সম্পর্ক স্থাপন করতে সক্ষম হয়েছিল। গৃহ শিক্ষক বরেক্কস আগেই জওহরকে বই পড়ার নেশা তৈরি করে দিয়েছিলেন। যার ফলে হ্যারো স্কুলে ভর্তি হওয়ার পরে দেখতে পাওয়া গেল তাঁর সেই বই পড়ার নেশাটা কাজে লাগাতে পেরেছেন। বিভিন্ন বিষয় নিয়ে তিনি তখন অনায়সে সবার সঙ্গে কথা বলতে পারতেন। তবে এটা ঠিক যে মতিলাল প্রায় সময়ে ছেলের সঙ্গে যোগাযোগ রাখতেন এবং কেমন পড়াশুনা কেমন করছে তার খবর নিতেন। তিনি ভারতে ফিরে আসার আগে ১৬ অক্টোবর ১৯০৫ সালে ছেলে জহরকে তিনি লিখছেন, "I am going back to India with the firm conviction that I have sown the seed of your future greatness and I have not a shadow of doubt that you have a great career before you. We have seen enough of you at Harrow to be satisfied that you will be quite happy there. "। মতিলালের মাথায় তখন একটি চিন্তা ঘুরপাক খেতে শুরু করে দিয়েছে যে করেও হোক ছেলেকে আইসিএস পড়াতে হবে এবং ভারতের ইংরেজ শাসন ব্যবস্থার মধ্যে ছেলেকে নিয়োগ করতে হবে। কিন্তু তিনি কোনও সময়ে ভাবতে পারেননি যে ছেলের ভবিষ্যত অন্যভাবে তৈরি হয়ে গিয়েছে। প্রথম কয়েক মাস হ্যারো স্কুলে পড়তে ভালো লেগেছিল জহরের। তারপরে দেখতে পাওয়া গেল তিনি ক্রমশ শ্লথ হয় পড়তে শুরু করেছেন। এর ফলে মতিলাল আবার ছেলেকে উদ্দেশ্য করে চিঠি লিখলেন,"I find that the Science column is left blank in the Report. Perhaps you will take it up next term. As you know I want you specifically to develop a taste for Science and Mathematics. You are no doubt doing all that can be done and nothing will please me more than to have you in the first Senior Wrangler of your year. The I.C.S. will then be child's play for you. "। হ্যারো স্কুলে পড়ার সময়ে তিনি হাঁপিয়ে উঠতে শুরু করে দিয়েছিলেন। তিনি তখন পিতাকে পরিস্কার করে বলে দিলেন যে তাঁকে ভারতে নিয়ে গিয়ে একটি হিন্দু আদর্শ বিদ্যালয়ে ভর্তি করে দেওয়া হোক। পিতা তাঁর কথা রাজি হলেন না। এক বছর হ্যারো স্কুলে পড়ার কথা বলতে থাকলেন। তিনি ছেলেকে বোঝালেন যে আইসিএস পাশ করতে গেলে তিন বার সুযোগ পাওয়া যায় ২১-২৪ বছরের মধ্যে। এরপরেই আবার মতিলাল প্রধান শিক্ষক উডের শরণাপন্ন হলেন। তখন অইসিএস পার্ট ওয়ান হবে মার্চ মাসে এবং পার্ট টু হবে ১৯০৭ সালের জুন মাসে। সময় মতো কেম্ব্রিজের ট্রিনিটি কলেজে ভর্তি হতে পারবেন। মতিলাল এবারে বিশেষ কোচিং দেওয়ার ব্যবস্থা করলেন ছেলের জন্য। মতিলাল এবারে অন্য চিন্তা করতে শুরু করলেন। তিনি ভাবতে থাকলেন যে তাঁর পুত্র যদি ১৯০৭ সালের মার্চ মাসের পার্ট ওয়ান পরীক্ষায় অতিক্রম না করতে পারে তাহলে কি হবে। সেই কারণে তিনি এ ব্যাপারে ব্রিজলালের সঙ্গে কতা বলে জহরের ওপরে পড়াশুনাকর চাপ বৃদ্ধি করে দিলেন। যদি ১৯০৭ সালের অক্টোবর মাসে কেমব্রিজে ভর্তি হতে পারে তাহলে দুই বছর সময় পাচ্ছে। কেমব্রিজে তিন বছরের আইসিএস পরীক্ষার কোর্স। মতিলাল ব্রিজলালের সঙ্গে পরমার্শ গ্রহণ করে অতিরিক্ত পড়ার চাপ দিতে শুরু করলেন জহরের ওপরে। মতিলাল জহরের ওপরে কড়া নজর রাখতে শুরু করেন এবং ঘোড়া চড়া অভ্যাস করতে শুরু করে দিলেন জহর। ঘোড়া না চড়তে পারলে এবং তা নিয়ে সঠিক প্রশিক্ষণ গ্রহণ না করতে পারলে আইসিএস হওয়া একেবারে অসম্ভব। ১৯০৭ সালে জওহরলাল পাশ করলেন হ্যারো স্কুল থেকে অতি সাধারণভাবে। বিশেষ দৃষ্টি আকর্ষন যোগ্যতা দেখাতে তিনি পারেননি। জওহরলাল তখন ইংরেজ স্কুল বন্ধুদের কাছে 'জো' বলে পরিচিত ছিলেন। কোনও সময়ে তাঁকে বন্ধুরা বিশেষ ভাবে গ্রহণ করে নেয়নি। ভারতীয় ছাত্র বন্ধুরা তাকে বিশেষ পদের বন্ধু বলে মনে করতে শুরু করে দিয়েছিল যার সঙ্গে তারা কোনও রকমভাবে মানসিক মিলন ঘটাতে অক্ষম। জহরের মধ্যে কোনও রকম বিশেষত্ব দেখতে পাওয়া যায়নি যার মাধ্যমে বন্ধুদের আকর্ষিত করতে সক্ষম হবে। এদিকে মতিলাল বারবার ছেলেকে বোঝাতে থাকলেন যে ইংরেজ ছেলেদের সঙ্গে মেশ এবং তাদের সঙ্গে বন্ধুত্ব করো। পিতা মতিলালকে একটি খবর দিয়েছিলেন ছেলে জহর যে তাঁর একজন ইংরেজ ক্লাস বন্ধু তাঁকে নিমন্ত্রণ করে ডিনার খাইয়েছে। তিনি ছেলেকে নির্দেশ দিতে শুরু করে দিলেন যে ইংলিশ ক্লাস বন্ধু তৈরি করতে হবে (ক্রমশ)

ভারতের বিদেশ মন্ত্রক পাকিস্তানের নির্বাচনের দিকে তাকিয়ে রয়েছে, তবে কাশ্মীর ইস্যুই সেখানে মুখ্য

ভারতের বিদেশ মন্ত্রক পাকিস্তানের নির্বাচনের দিকে বিশেষ নজর রাখতে শুরু করেছে। যদি ভারত আশা করছে যে এবারে পাকিস্তানের কাছ থেকে সদভাব পাবে। কিন্তু তবুও কাশ্মীর নিয়ে যে জলঘোলা হতে থাকবে সেটা নিশ্চিত করে বলে দেওয়া যেতে পারে। ভারত প্রেম করতে গিয়ে প্রাক্তন পাক প্রধানমন্ত্রী ইমরান খান এখন জেলে। ইমরান খানের পরিবর্তে এখন সম্ভবত পাকিস্তানের প্রধানমন্ত্রী হতে চলেছেন নওয়াজ শরিফ। তাঁর ওপরে পাক সেনারা ভরসা করতে শুরু করে দিয়েছে। পাকিস্তানের আর্থিক দুরাবস্থার সময়ে পাক সেনারা অন্য ইসলামিক দেশ থেকে সাহায্য নিয়ে এসে পাকিস্তানের পরিস্থিতিতে রক্ষা করতে সমর্থ হয়েছিল। তার ফলে এখন পাক সেনা প্রধানরা যা বলবে তাই পাকিস্তানের প্রধানমন্ত্রী কেন পুরো পাক প্রশাসন কর্তাদের শুনতে হবে। তবে ভারত থেকে বলে দেওয়া হয়েছে যে পাকিস্তানের যিনিই প্রধানমন্ত্রী হয়ে আসুন না কেন কাশ্মীরের ব্যাপারে তাদের সঙ্গে কোনও আলোচনা নয়। ভারত তার কোনও অংশ নিয়ে বিদেশি রাষ্ট্রের সঙ্গে আলোচনা করতে চায় ন। ভারত কাশ্মীর নিয়ে পাকিস্তানের সঙ্গে আলাপ আলোচনা করতে রাজি নয়। যদিও পাকিস্তানে এবারে নির্বাচনে দেখতে পাওয়া গিয়েছে কাশ্মীর একটি অন্যতম গুরুত্বপূর্ণ ইস্যু তৈরি হয়েছে। পাকিস্তানের মুসলিম লিগ নওয়াজকে প্রধানমন্ত্রী দেখতে চান তার ফলে এবারে পাকিস্তানের নির্বাচনে সম্ভবত পিএমএল-এন জেতার আশঙ্কা দেখা দিতে শুরু করেছে। এবারে নওয়াজ জিতলে চারবার তিনি প্রধানমন্ত্রী হবেন। নয়াদিল্লি মনে করছে যে এবারে সেনারা নওয়াজকে বেশি পচ্ছন্দ করছে প্রধানমন্ত্রী করার। ৭৪ বছরের নওয়াজ এর আগে তিনবার পাকিস্তানের প্রধানমন্ত্রী হয়েছেন। তবে াজনতে পারা গিয়েছে যে নওয়াজ মধ্যপন্থার লোক। তিনি কট্টরবাদী নন। তবে এবারে তাঁর রাজনীতির চাল কি রকম হবে তা বলা একেবারে অসম্ভব। তিনি সম্ভবত কাশ্মীর এবং ভারতের ব্যাপারে বাকা দৃষ্টি দিয়ে দেখতে পারেন। নাহলে আবার তাঁর গদি চলে যেতে পারে যে রকম চলে গিয়েছে ইমরানের গদি। ভারতের পক্ষ নিয়ে কথা বললেই তাঁর পক্ষে পাকিস্তনে টিকে থাকাটা কুবই মুশকিল। সাধারণ মানুষ ভারতের সঙ্গে মৈত্রী সম্পর্ক রাখার ইচ্ছা প্রকাশ করলেও পাকিস্তানের প্রশাসন থেকে শুরু করে বিদেশ মন্ত্রক এবং আইএসআই গুপ্তচর সংস্থার সদস্যরা ভারত বিরোধিতায় মগ্ন থাকে। তার ফলে বহুবার যুদ্ধ হয়েছে ভারত পাকের মধ্যে। পাকিস্তানের নির্বাচন নিয়ে একজন মন্তব্য করেছেন পাকিস্তানের নির্বাচনে কী হবে তা আগে থেকেই বলে দেওয়া যেতে পারে। পাকিস্তানের নির্বাচনে এবারে প্রধানমন্ত্রী হচ্ছেন নওয়াজ শরিফ সেটা পরিস্কার। তবে এই নির্বাচনকে ইলেকশন না বলে সিলেকশন বলা যেতে পারে। বাংলাদেশও এবারে পাকিস্তানের নির্বাচনের দিকে চোখ রাখতে শুরু করে দিয়েছে। যদি বাংলাদেশের কাছে পাকিস্তান শত্রু দেশ বলে পরিচিত। এখনও পাকিস্তান

সরকার বাংলাদেশের মুক্তি যুদ্ধের সময়ে যে ধরনের অকথ্য অত্যাচার করছিল তার জন্য ক্ষমা চায়নি। বাংলাদেশের রাজনীতিবিদেরা মনে করেন যে পাকিস্তান সরকারের এর জন্য ক্ষমা চাওয়া উচিত। ১৯৭১ সালে বাংলাদেশের নৃশংস অত্যাচারের জন্য পাকিস্তান সরকারের অনুতাপ করা উচিত। এদিকে ভারতের বিদেশ দফতর থেকে বলা হয়েছে তারা খুবই আশাবাদী যে পাকিস্তনের নয়া সরকার ভারতের সঙ্গে মৈত্রীভাব বজায় রেখে চলবে। ইমরান খানকে যেভাবে সরিয়ে রেখে দিয়ে পাকিস্তানের নির্বাচন শুরু হল তাতে সেখানকার অধিকাংশ জনগণ বলতে গেলে ক্ষুব্ধ। পাকিস্তানের সত্যিকারের কোনও গণতান্ত্রিক শাসন ব্যবস্থা রয়েছে কিনা তা ভেবে দেখার সময় এসে গিয়েছে। এদিকে ভারতে শুরু হতে চলেছে সাধারণ নির্বাচন। আগামি কয়েক মাসের মধ্যে ভারতের নির্বাচন শুরু হওয়ার পথে। ভারত বাংলাদেশ এবং পাকিস্তানে একই বছরে সাধারণ নির্বাচন। ফলে একন দক্ষিণ এশিয়া একটি গুরুত্বপূর্ণ স্থানে পরিণত হতে শুরু করেছে। কাশ্মীর নীতি থেকে পাকিস্তান সরছে না সেটা পরিস্কার হয়ে যেতে শুরু করে দিয়েছে। এদিকে বিলাবল ভুট্টো জারদারি গুরুত্বপূর্ণ পাক নেতা হয়ে উঠার সম্ভাবনা প্রবল। তাঁর বয়স এখন ৩৫। ফলে তরুণরা সবাই বিলাবল ভুটোটরি দিকে তাকিয়ে রয়েছে। বিলাবল ভুট্টো জারদারি বরবারই কাশ্মীরের ব্যাপারে আগ্রহী। সেখানে গণভোট করার জন্য আন্তর্জাতিক চাপ তৈরি করার চেষ্টা করতে শুরু করে দিয়েছিলেন। যদি তা করতে গিয়ে বিশেষ সুবিধালাভ করতে পারেননি তিনি। তারণ কাশ্মীর যে ভারতের অংশ তা আন্তর্জাতিক মহল স্বীকার করে। যদি তা পাকিস্তান এবং তার বন্ধু রষ্ট্রগুলি স্বীকার করে না। তবুও ভারত মনে করে পাকিস্তানের সঙ্গে সদভাব ভারত বজায় রেখে চলবে। শান্তিপূর্ণ সহবস্থান খুবই প্রয়োজন। এদিকে পাকিস্তানের নির্বাচনের দিকে বিশেষ নজর রাখতে শুরু করেছে চিন, আমেরিকা এবং রাশিয়া। চিন বিশেষ করে পাকিস্তানের নির্বাচনের দিকে নজর দিয়েছে বলে জানা গেছে।

কানাডা এবং মার্কিন দেশে ভারতীয়রা বিপদে

কানাডাতে ভারতবাসীরা ভয়ে ভয়ে তাকতে শুরু করে দিয়েছে বলে জানতে পারা গিয়েছে। এবারে আবার আমেরিকাতে ভারতবাসীদের ওপরে আক্রমণ হতে দেখা যাচ্ছে। খলিস্তানপন্থীদের সমর্থন করার মধ্যে দিয়ে ভারতবাসীরা সেখানে নিজেদের নিরাপদ বলে মনে করতে পারছে না। খলিস্তানপন্থীরা সেখানে অতি সক্রিয়। তারা প্রায় সময়ে ভারত বিরোধী পদযাত্রা করে। সেখানে যদি কোনও ভারতীয় জাতীয় পতাকা নিয়ে দাঁড়ায় তাহলে তার ওপরে আক্রমণ এসে পড়ে। কানাডায় ভারতীয়দের বসবাস করার যোগ্যতম স্থান হতে পারছে না। খলিস্তানপন্থীদের মদত দিতে শুরু করে দিয়েছে সেখানকার বসবাসকারী ব্যক্তিরা। তারাই খলিস্তান আন্দোলনকে জিইয়ে রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এদিকে কানাডা সরকার ভারতের বিরুদ্ধে অপরাধের দোষ চাপাতে শুরু করেছে। কানাডার নাগরিক নিজ্জরকে খুন করার পিছন ভারতের গুপ্তচরের হাত ছিল বলে কানাডা সরকারের প্রধানমন্ত্রী ট্রুডো াদবি করেছেন। তিনি বলেছেন যে ভারতের এজেন্ট কানাডার নাগরিক নিজ্জরকে খুন করেছে। যদিও ভারত এর তীব্র প্রতিবাদ করেছে। প্রমাণ দিতে বলেছে কানাডা সরকারকে। যদিও কানাডা সরকার এর কোনও প্রমাণ দিতে পারেনি। এদিকে আমেরিকাতে ভারতীয় বসবাসকারীদের ওপরে শারীরিক নিগ্রহ হতে দেখা দিচ্ছে। শিকাগোয় ভারতীয় পড়ুয়া সইদ মাজাহির আলি আক্রান্ত হয়েছেন। সমাজমাধ্যমে তার একটি ভিডিও ভাইরাল হয়েছে। ভাইরাল হওয়া ভিডিতে দেখতে পাওয়া গিয়েছে যে মুখ মাথা দিয়ে রক্তের ধারা পড়ছে। চেখে ভয় জড়িয়ে রয়েছে। সেই দেশে পড়তে যাওয়া তরুণ তরুণীরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছে। তারা নিরাপত্তার অভাব বোধ করতে শুরু করেছে। রাতের বেলায় খাবার কিনতে গিয়ে তিনি আক্রান্ত হন। এর আগের দিন ইণ্ডিয়ানায় রহস্যজনকভাবে মৃত্যু হয়েছিল ভারতীয় বংশোদ্ভূত তরুণ সমীর কামথের। সইদ তাঁর জবানিতে জানায় সে রাতের বেলায় খাবার কিনতে গিয়েছিল। দুস্কৃতিরা তাকে মারধার করে এবং ফোন ও ওয়ালেটটি কেড়ে নেয়। হারদ্রাাবদে রয়েছেন তাঁর স্ত্রী এবং সন্তান। হামলায় উদ্বিগ্ন সইদের স্ত্রী সইদা রুকইয়া ফতিমা রাজভি। তিনি বিদেশ মন্ত্রতকে চিঠি লিখেছেন জরুরি ভিসা দেওয়ার। এর আগেই প্রাক্তন প্রেসিডেন্ট ট্রাম্পের আমলে ভারতীয়দের ওপরে হামলা শুরু হয়ে গিয়েছিল। প্রাক্তন প্রেসিডেন্ট ট্রাম্প চেষ্টা করছিলেন আমেরিকা থেকে ভারতীয়দের চাকরি করার লোকের সংখ্যা কমিয়ে দিতে। আমেরিকার অধিকাংশ চাকরিতে অংশ গ্রহণ করে রয়েছে ভারতীয়রা। তারা আমেরিকায় এসে চাকরি করার ফলে সেখনে কোনও আমেরিকার নাগরিকেরা চাকরি পাচ্ছে না। তার ফলে গ্রীন ভিসা দেওয়ার ওপরে কড়াকড়ি করার কথা ভাবছে

কলকাতার কথা ঃ অন্নপূর্ণা মন্দির

কলকাতায় বেশ কয়েকটি অন্নপূর্ণা মন্দির রয়েছে। রবীন্দ্র সরণিতে রয়েছে একটি বিশাল অন্নপূর্ণা মন্দির। এই মন্দিরটি তৈরি করেছিলেন রায় চৌধুরীর পরিবারের এক সদস্য। এখানে চারটি প্রাচীন মন্দির রয়েছে। এই সব মন্দির কবে প্রতিষ্ঠা লাভ করেছিল তা অবশ্য কেউই বলতে পারে না। অন্নপূর্ণার দেবীটি বহু প্রাচীন কালের সেটা দেখলে বুঝতে পারা যায়। এর পাশে

রয়েছে শিবলিঙ্গ। শিবলিঙ্গটিকে পুজো করতে বহু ভক্তরা এসে উপস্থিত হয়ে থাকে রোজ। রয়েছে পুরোহিত। তিনি শিব এবং অন্নপূর্ণা পুজো করে থাকেন। আটচালার শিব মন্দির। অন্নপুর্ণা মন্দিরটিও আটচালার তৈরি করা। কলকাতার বেশির ভাগ মন্দির তৈরি হয়েছে আটচালার রীতি অনুসারে। তার কারণ হচ্ছে ব্রিটিশ যুগে আটচালার মন্দিরটি নির্মাণ কৌশল সবার জানা ছিল। যদিও বেশ কয়েকটি ব্যতিক্রমি রয়েছে। তবে সেটা হাতে গোনা যায়।

চিঠি ঃ চিনের সঙ্গে 'কাশ্মীর' প্রসঙ্গ নয়

পাকিস্তান নিয়ে কোনও কথা হবে না বলে জানান দিয়েছে ভারত। কিন্তু তবুও সবার আগ্রহ রয়েছে চিন ভারত কথার মধ্যে যদি কোনও সময়ে কাশ্মীর প্রসঙ্গ উঠে আসে তাহলে ভারত কী করবে। ভারত কি পারবে বৈঠক ছেড়ে উঠে আসতে। কিন্তু বলা হচ্ছে এবারে ভারত চিন আলোচনায় কাশ্মীর নিয়ে কোনও কথা হবে না। আলোচনার নির্ঘন্টে কাশ্মীরের কোনও উল্লেখ থাকছে না। ফলে নির্ঘন্টে যদি কাশ্মীর নিয়ে কোনও বিষয় উল্লেখ না থাকে তাহলে সেই বিষয়ে কোনও আলোচনা হবে না বলে ধরে নেওয়া যেতে পারে। আসলে এখন কাশ্মীর হচ্ছে আন্তর্জাতিক মহলে সবচেয়ে বেশি হট কেক। এই কাশ্মীর নিয়ে চিনের আগ্রহ কম নয়। কারণ চিন কাশ্মীরের একটি অংশ নিয়ে বসে রয়েছে। তারা কাশ্মীরের এই অংশটি পেয়েছে পাকিস্তানের কাছ থেকে উপঢৌকন হিসাবে। ফলে পাকিস্তান হচ্ছে চিনের একেবারে নিকট বন্ধু। পাকিস্তান নিয়ে চিন ভোটো পর্যন্ত দিয়েছে রাষ্ট্রপুঞ্জে। মাসুদ আজাহারকে সন্ত্রাসবাদী বলা যাবে না বলে ঘোষণা দেয় চিন। চিনই পাকিস্তানের বিপদের বন্ধু হয়ে দাঁড়িয়েছে। ফলে চিন চাইবে ভারতকে যদি ঠাণ্ডা রেখে কিছু সুবিধা আদায় করা যেতে পারে। তবে সেটা পাকিস্তানের কতটা লাভ হবে তা বলা সম্ভব হচ্ছে না

রতিকান্ত চৌধুরী, কলকাতা

আবারও বন্যপ্রাণীর দেহাংশ পাচার রুখে দিল বনকর্মীরা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৮ ফেব্রুয়ারি ঃ আবারও বন্যপ্রাণীর দেহাংশ পাচার রুখে দিল বনকর্মীরা। প্যাঙ্গোলিনের আঁশ সহ চামড়া উদ্ধার করল বৈকুণ্ঠপুর ডিভিশনের আমবাড়ি রেঞ্জের বনকর্মীরা। পাচারের অভিযোগে গ্রেফতার এক পাচারকারী। ধৃত পাচারকারীকে এদিন জলপাইগুড়ি জেলা আদালতে তুলবে বনদপ্তর। বনদপ্তর সূত্রে জানা গেছে, গোপন সূত্রে খবর ছিল বন্যপ্রাণীর দেহাংশ পাচারকারীর কাছে প্যাঙ্গোলিনের আঁশ আছে। এবং সে এই দেহাংশ পাচারের চেষ্টা করছে। বেশ কিছুদিন ধরেই প্যাঙ্গোলিনের আঁশ মজুত রাখা ছিল। সেই খবরের ভিত্তিতে আমবাড়ি ফালাকাটা রেঞ্জ অফিসের রেঞ্জার আলমগীর হক তার টিম নিয়ে ক্রেতা সেজে ডুয়ার্সের ওদলাবাড়িতে ঘাটি গেড়ে বসে ছিলেন। বুধবার বিকেল থেকে রাত পর্যন্ত ওত পেতে বসে বিসে সাফল্য আসে রাতে। তিন ব্যক্তি বাইক নিয়ে এসে ব্যাগ থেকে প্যাঙ্গোলিনের আঁশ বের করতেই হাতে নাতে ধরে ফেলে বনদপ্তরের কর্মীরা। বাকি দুজন পাচারকারী পালিয়ে যায়। তারপর সেই বন্য পাচারকারীকে রেঞ্জ অফিসে নিয়ে এসে জিজ্ঞেসাবাদ করার পর জানা যায় বন্যপ্রাণীর দেহাংশ পাচারের সাথে যুক্ত দীর্ঘদিন থেকে। এই পাচারকারীর সাথে আরো কেউ যুক্ত রয়েছে কি না তা ক্ষতিয়ে দেখা হচ্ছে। পাশাপাশি বাকি দুই পালিয়ে যাওয়া পাচারকারীর উদ্দেশ্যে তল্লাশি চলছে। এই বিষয়ে বৈকুণ্ঠপুর বনবিভাগের আমবাড়ি ফালাকাটা রেঞ্জ অফিসার আলমগীর হক জানান, আমাদের কাছে বেশ কিছু দিন ধরে খবর আসছিল ডুয়ার্সের এক বাসিন্দা বন্যপ্রাণী দেহাংশ পাচারের সাথে যুক্ত রয়েছে। গতকাল রাতে ক্রেতা সেজে তাকে হাতে নাতে ধরে ফেলা হয়েছে। পাচারের কাছে ব্যবহৃত একটি বাইক বাজেয়াপ্ত করা হয়েছে। বাইকে করে এসেছিল তিন পাচারকারীরা। আগেই প্যাঙ্গোলিনের আঁশ দু লক্ষ টাকায় বিক্রি করার ছক ছিল এই পাচারকারীদের। আঁশ ভর্তি ব্যাগ নিয়ে আসার পরেই ধরে ফেলা হয়। তদন্তের স্বার্থে ধৃতের নাম গোপন করা হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদ করে আমরা বাকিদের খোঁজ চালাচ্ছি। এর সাথে আরও লোক যুক্ত আছে বলে আমাদের আশঙ্কা।

রক্ষক'ই ভক্ষক, হেরিটেজ মন্দিরে চুরির ঘটনায় গ্রেপ্তার পুরোহিত

দেবাশীষ কংশবণিক, নবদ্বীপ, ৮ ফেব্রুয়ারি ঃ একেই বলে রক্ষক'ই ভক্ষক! নবদ্বীপের একটি অন্যতম প্রাচীন ও হেরিটেজ হিসেবে স্বীকৃত মন্দিরে চুরির ঘটনায় গ্রেপ্তার পুরোহিত। সম্প্রতি ফাঁসিতলা স্টিমার ঘাট রোডে হেরিটেজ স্বীকৃত মন্দিরে চুরির ঘটনা ঘটে। সেই ঘটনায় মাস্টার মাইন্ড এক পুরোহিতকে মায়াপুর থেকে গ্রেফতার করল পুলিশ। পুলিশ জানায় ধৃত পুরোহিতের নাম নিতাই চন্দ্র দাস। তার বাড়ি নদীয়ার হরিণঘাটা থানার মহাদেবপুর গ্রামে। বুধবার সন্ধ্যায় গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে মন্দির নগরী মায়াপুর থেকে অভিযুক্তকে গ্রেপ্তার করে বৃহস্পতিবার দুপুরে নবদ্বীপ আদালতের জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের এজলাসে পেশ করে পুলিশ। পাশাপাশি তদন্তের স্বার্থে ৩ দিনের পুলিশি হেপাজতের আবেদন জানানো হলে, বিচারক ২ দিনের মঞ্জুর করেন। পুলিশ ও স্থানীয় সূত্র মারফত জানতে পারা যায়, গত ৪ জানুয়ারি সকালে নবদ্বীপ পৌরসভার ২২ নম্বর ওয়ার্ডের ফাঁসিতলা স্টিমার ঘাট রোডে হেরিটেজ হিসেবে স্বীকৃত শ্রীশ্রী সিদ্ধ পুরুষ রামহরি দাস বাবাজী রাম হরি আশ্রমের রাধা গোবিন্দের বিগ্রহ সহ অন্যান্য বিগ্রহের সোনার গহনা সহ বিভিন্ন গহনা গায়েব হয়ে যায়। পাশাপাশি বিগ্রহের গহনার মতো গায়েব হয়ে যায় ওই মন্দিরের পুরোহিতও। এদিন সকালেই বিষয়টি নজরে আসতেই মন্দিরের অন্যতম সেবায়েত তথা স্থানীয় কাউন্সিলর গোষ্ঠ ভট্টাচার্য্য নবদ্বীপ থানায় পুরোহিত নিতাই চন্দ্র দাসের বিরুদ্ধে চুরির লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে তদন্ত শুরু করে নবদ্বীপ থানার পুলিশ। দীর্ঘ একমাস পর বুধবার সন্ধ্যায় গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে মন্দিরনগরী মায়াপুরের একটি গোপন ডেরা থেকে অভিযুক্ত পুরোহিত নিতাই চন্দ্র দাস কে গ্রেপ্তার করে পুলিশ। এ বিষয়ে মন্দিরের অন্যতম সেবায়েত তথা স্থানীয় কাউন্সিলর গোষ্ঠ ভট্টাচার্য্য জানান, গত ৪ জানুয়ারি সকালে ঘুম থেকে উঠে দেখি মূল মন্দিরের দরজা খোলা। মন্দিরে থাকা রাধা গোবিন্দের বিগ্রহ সহ অন্যান্য বিগ্রহের সোনা ও রুপোর গহনা গায়েব হয়ে গেছে। পুরোহিতের খোঁজ করতে গিয়ে দেখি তিনিও গায়েব। ওইদিন দুপুরেই পুরোহিত নিতাই চন্দ্র দাসের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করি থানায়। গোষ্ঠ ভট্টাচার্য্যের দাবি চুরির মাস্টারমাইন্ড ওই পুরোহিত নিতাই চন্দ্র দাস। আজ থেকে বছর দুয়েক আগে পুরোহিত হিসেবে নিয়োগ করা হয়েছিল শহরের অন্যতম প্রাচীন এবং ইতিমধ্যেই হেরিটেজ হিসেবে স্বীকৃত এই মন্দিরে। তিনি আরও জানান, চুরি যাওয়া সোনা ও রুপোর গহনার আনুমানিক বাজার মূল্য প্রায় লক্ষাধিক টাকা।

ওষুধের দোকানে হানা মহকুমা প্রশাসনের

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ৮ ফেব্রুয়ারি ঃ হঠাৎই ইসলামপুর মহকুমা হাসপাতাল চত্বরে ওষুধের দোকানে হানা মহকুমা প্রশাসনের। সিল করলো দুটি দোকান। অন্যদিকে মহকুমা প্রশাসনের এমন আচরণে ক্ষুব্ধ ওষুধ ব্যবসায়ীরা। বৃহস্পতিবার দুপুরে ইসলামপুর মহকুমা হাসপাতালে হঠাৎ ইসলামপুর মহকুমা প্রশাসনের আধিকারিকরা হানা দেয়। এরপর পরপর দুটি দোকান সিল করে দেয় মহকুমা প্রশাসনের আধিকারিকরা। তবে কি কারণে দোকান সিল করলো প্রশাসনের আধিকারিকরা তা বুঝে উঠতে পারছেন না ব্যবসায়ীরা। ওষুধ ব্যবসায়ীরা জানিয়েছেন মহকুমা প্রশাসনের তরফ থেকে বলা দোকানে ডিসপ্লে টাঙানো নেই কেন একথা বলে দোকান সিল করে দেওয়া হয়। যদিও ওষুধ ব্যবসায়ীদের দাবি সমস্ত রকম কাগজ পত্র থাকা সত্যেও দোকান সিল করে দেওয়া হয়। এমনকি সময় পর্যন্ত দেওয়া হয়নি বলে অভিযোগ ব্যবসায়ীদের। এতে ক্ষুব্ধ ব্যবসায়ীরা।

NIQ No-07/DPD-VI, DPMU-II, WBMIFMP of 2023-24 dt. 08/02/2024

Sealed quotation is invited by Deputy Project Director(Civil)-VI, DPMU-II, WBMIFMP, I & W Dte, Jalasampad Bhawan, 9th Floor, Kol-91 from Bonafied Agencies/Organization, Contractors & General order suppliers for "Procurement of Cartridge for SPMU and DPMU-II" Last date of receiving application is-**19/02/2024 up to 2.00 P.M.** All document and details can be obtained from the office of DPMU-II, WBMIFMP, 9th Floor, Jalasampad Bhawan, Kol-91".

Sd/- Deputy Project Director (Civil)-VI, DPMU-II, WBMIFMP Irrigation & Waterways Dte.

NOTICE INVITING QUOTATION

NIQ No. 04 of 2023-2024/ HCSD-III of the A.E. Hooghly Construction Sub-Division- III, P.W.D. are invited from benefited agencies. Last date of Application is 12.02.2024 up to 2.00 pm. Others details may be seen from the office notice board and also in website www.wbpwd.gov.in

Sd/-Assistant Engineer P.W.D
Hooghly Construction Sub-Division No-III
Baliguri, Tarakeswar, Hooghly

PRONTO INDUSTRIAL SERVICES LIMITED
"Centre Point", 21, Hemant Basu Sarani, Third Floor, Room No. 306, Kolkata- 700001
CIN: L67120WB1982PLC035476

NOTICE

Notice is hereby given pursuant to Regulation 29 of SEBI (Listing Obligations & Disclosure Requirements) Regulations 2015 that a meeting of the Board of Directors of the Company will be held at the Registered Office of the Company on 14th February, 2024 at 1:00 P.M. inter alia, to consider and approve the Unaudited Financial Results of the Company for the quarter and nine months ended 31st December, 2023.

With reference to notice of Board Meeting as above, this is to further inform you that as per the Company's Code of Conduct for Prohibition of Insider Trading, the trading window for dealing in the securities of the Company will be closed for all directors / KMP/ officers / designated employees of the Company till 16th February, 2024.

For Pronto Industrial Services Ltd.
Suraj Ratan Bagree
Wholetime Director
Place: Kolkata **DIN: 02515173**
Date : 08.02.2024

CORRIGENDUM

In the notice of **Yashman Deepak Limited** published on 08.02.2024 where the Board Meeting date should be read as **14th February, 2024,** at 6.30 P.M. instead of 15th February, 2024, at 3:30 P.M. The error is regretted.

OFFICE OF THE CHAKALTORE GRAM PANCHAYAT
P.O.-CHAKALTORE, PURULIA-I DEV. BLOCK, PURULIA

E- Tenders are hereby invited by the Pradhan Chakaltore Gram Panchayat under Purulia-I Dev. Block Dist:-Purulia (W.B.) ie. **WBPUR/CGP/NIET-10/23-24 vide memo no 566 /CGP /2023-24**. Dated 27.1.2024. , Documents download/sale start date 03.2.2024 FROM 2.30 PM Bid Submission closing date 13.2.2024 upto 5.15 pm. Date of Opening of E- Tender on 16.2.2024 (at 11.30 AM) at G.P.Office Meeting Hall. For more details contact with the Pradhan Chakaltore GP in office hours.

Office of The Block Development Officer Joypur Development Block, Joypur, Purulia
NOTICE INVITING TENDER No: NIeT-11/BDO/JDB/2023-24

E-Tenders are invited by the undersigned from eligible bonafied contractors having requisite credential and other valid documents up to 5.00 PM of 16/02/2024 for 01 no. of work. (Bid submission closing date may change as per available slot in etender portal while publishing). For details intending participants may contact to the office of The undersigned or visit website www.wbtenders.gov.in in any working day before the Last date for submission of bid documents.

Sd/- Block Development Officer
Joypur Development Block

Office Of The Para Gram Panchayet
PO: Para PS: Para Dist: Purulia
NOTICE INVITING e-TENDER No. 3rd call of 10/2023-24/5Th SFC

e-tenders are hereby invited from the experienced and resourceful bidders for execution of various schemes under different development fund. **i) Date of Sale of tender document: From 09/02/2024. ii) Last date of submission of e-tender with documents: 17/02/2024**. For further details please contact with the Office of the Para Gram Panchayet.

Sd/- Pradhan
Para Gram Panchayet

OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER
Udaynarayanpur, Howrah
PRESS NOTICE

E-Tender for 01 no. scheme within the jurisdiction of Udaynarayanpur Development Block. Tender ID- **2024_ZPHD_662635_1**. Detail information will be available from the website **https://wbtenders.gov.in**.

Sd/- Block Development Officer
Udaynarayanpur Dev. Block

নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেসে ভাঙন

দুরন্ত বার্তা, মালদা, ৮ ফেব্রুয়ারি ঃ আগামী লোকসভা নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেসে আবারো ভাঙ্গন ধরালো বিজেপি। বৃহস্পতিবার গাজোল ব্লকে ১৫০ জন টোটো চালক তৃণমূল কংগ্রেস ছেড়ে ভারতীয় জনতা পার্টিতে যোগদান করলেন। দলীয় সূত্রে জানা গেছে, গাজোলের আলমপুর শিবাজি নগর তৃণমূল কংগ্রেসের টোটো ইউনিয়ন থেকে ভারতীয় জনতা পার্টির পতাকা ধরে যোগদান করেন। গাজোল বিজেপির মন্ডল সভাপতি অজয় বিশ্বাস ও বিধায়ক চিন্ময় দেব বর্মনের নেতৃত্বে এই যোগদান কর্মসূচি অনুষ্ঠিত হয়।

সংশোধনী

যশমান দীপকের নোটিশে ০৮.০২.২০২৪ তারিখে প্রকাশিত লিমিটেড যেখানে বোর্ড সভার তারিখ ১৪ ফেব্রুয়ারি হিসাবে পড়া উচিত, ২০২৪, সন্ধ্যা ৬.৩০ এ পরিবর্তে ১৫ তম ফেব্রুয়ারি, ২০২৪, বিকাল ৩.৩০ এ ভুল অনুশোচনা করা হয়।

SHIBRAMPUR GRAM PANCHAYAT
NAMKHANA * SOUTH 24 PARGANAS
NIT NO.-578(12)/SGP/2024 Dated-08/02/2024 and NIT NO.-579(12)/SGP/2024 Dated-08/02/2024

Last date of submission on or before **15/02/2024(up to 04.30PM)**. Date of Opening-**17/02/2024 (From 04.30 P.M.)**. (For viewing Tender: www.wbtenders.gov.in)

Sd/- Pradhan
Shibrampur Gram Panchayat

পূর্ব রেলওয়ে

সংশোধনী

চিফ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার/কন, পূর্ব রেলওয়ে, কলকাতা কর্তৃক পূর্বে প্রকাশিত সংক্ষিপ্ত টেন্ডার নং. ইপিসি-০১-সিএও-সি-ইআর-২০২৩ঃ ওপেন ইপিসি ই-টেন্ডার ইন সিঙ্গল স্টেজ-টু প্যাকেট সিস্টেম-এর সংশোধনী স্লিপ নং. ২। কাজের নামঃ বাসুকিনাথ-পুসালা নতুন রেল লাইনঃ ইপিসি মোডে বৈদ্যুতিকরণ এবং সিগন্যালিং ও টেলিকম কাজ সহ ইএক্স. বাসুকিনাথ স্টেশন [বাসুকিনাথের সিএসবি (জসিডি-দুমকা শাখায় জসিডি থেকে কিমি ৪৮.৯৬৮) থেকে দুমকা অভিমুখে সিএইচ.০.৯৪২ কিমি)] থেকে ইএক্স. পুসালা স্টেশন (বাসুকিনাথ স্টেশনের সিএসবি থেকে সিএইচ. ১৩.৫৬০ কিমি)-এর মধ্যে ফর্মেশনে মাটির কাজ, মাইনর ব্রিজ, মেজর ব্রিজ, ড্রেন, রিটেনিং ওয়াল, সুরক্ষা কাজ, অ্যাপ্রোচ সহ আরইউবি/আরওবি-র কাজ সম্পাদন, স্টেশন বিল্ডিং, স্টাফ কোয়ার্টার, অফিস এবং অন্যান্য সার্ভিস বিল্ডিং নির্মাণ, ট্র্যাক ব্যালাস্ট সরবরাহ, পি.ওয়ে লিংকিং তৎসহ রেল ব্যতীত সকল পি.ওয়ে সামগ্রী সরবরাহ এবং অন্যান্য সংশ্লিষ্ট কাজ। উপরোক্ত টেন্ডার নম্বরে **টেন্ডার বন্ধের তারিখ এবং সময়** ১৯.০৩.২০২৪ তারিখ সকাল ১১টার পরিবর্তে **৩১.০৫.২০২৪ তারিখ সকাল ১১টা** পড়তে হবে। টেন্ডার নথিপত্র এবং অন্যান্য বিবরণ **www.irpes.gov.in** ওয়েবসাইট থেকে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ইপিসি মোডে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে টেন্ডারের জন্য বিডিং জমা করতে হবে। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল অফার অনুমোদিত নয় এবং কোনও ম্যানুয়াল অফার গৃহীত হলে তা গ্রাহ্য হবে না এবং সরাসরি বাতিল করে দেওয়া হবে। অন্যান্য নিয়ম ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

CON-98/2023-24

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

টেন্ডার নং. এসডিএসটিই-জিআইআর-বিবিল্যুপ-২৩-২৪, তারিখঃ ০৭.০২.২০২৪। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, রেলওয়ে স্টেশনের নিকটে ডিআরএম বিল্ডিং, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের জন্য **টেন্ডার নং. এসডিএসটিই-জিআইআর-বিবিল্যুপ-২৩-২৪**-এর পরিপ্রেক্ষিতে ওপেন ই-টেন্ডার আহ্বান করছেন। বিডদাতারা কেবলমাত্র বন্ধের তারিখ এবং সময় পর্যন্ত তাঁদের অরিজিনাল/ সংশোধিত বিড জমা করতে পারবেন। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল অফার অনুমোদিত নয় এবং এরূপ কোনও ম্যানুয়াল অফার গৃহীত হলে তা গ্রাহ্য হবে না। **কাজের নামঃ** হাওড়া ডিভিসনে বালির নিকটে ব্রিজ নং. ১৭, শেওড়াফুলির নিকটে ব্রিজ নং. ৪২, গুপ্তিপাড়ার নিকটে ব্রিজ নং. ৫১, মেমারির নিকটে ব্রিজ নং. ১৬৬ এবং বি.বি. ল্যুপে ব্রিজ নং. ২৩০-তে ব্রিজ গার্ডার প্রতিস্থাপন। **বিজ্ঞাপিত মূল্যঃ** ৭৫,০৭,১৫৫.০৬ টাকা। **বায়নামূল্যঃ** ১,৫০,২০০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্যঃ** ০.০০ টাকা। **বিডিং সিস্টেমঃ** সিঙ্গল প্যাকেট সিস্টেম। **সম্পূর্ণ করার সময়সীমাঃ** ১৮ মাস। **প্রস্তাবের বৈধতাঃ** ১২০ দিন। **টেন্ডার আপলোডিংয়ের তারিখ এবং সময়ঃ** ০৭.০২.২০২৪ তারিখ দুপুর ১২.৫৬ মিনিটে। **বিডিং শুরুর তারিখঃ** ১৯.০২.২০২৪। **টেন্ডার বন্ধের তারিখ এবং সময়ঃ** ০৪.০৩.২০২৪ তারিখ দুপুর ৩টে। টেন্ডারের বিস্তারিত বিবরণ **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

HWH-487/2023-24

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নংঃ ইএলডি-৩০০-ডব্লুসি-২২-২০২৩-২৪-আর, তারিখঃ ০২.০২.২০২৪। সিনিয়র ডিভিসনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/টিআরডি, শিয়ালদহ, পূর্ব রেলওয়ে, কন্ট্রোল বিল্ডিং, ২য় তল, ডিআরএম অফিস, কাইজার স্ট্রীট, কলকাতা-৭০০ ০১৪ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেনঃ **টেন্ডার নং.ঃ ইএলডি-৩০০-ডব্লুসি-২২-২০২৩-২৪-আর। কাজের নামঃ** শিয়ালদহ ডিভিসনের নর্থ এবং মেন শাখায় ''(১) ব্যারাকপুর ও বারাসাত স্টেশনে এবং (২) গেদে ও চাঁদপাড়া স্টেশনে ১২ মিটার চওড়া ফুট ওভারব্রিজের ব্যবস্থার জন্য'' ২৫ কেভি ওএইচই এবং সম্প্রসারিত বৈদ্যুতিক কাজ। **টেন্ডার মূল্যঃ** ২,৭৮,৪৩,১০৮ টাকা। **বায়না মূল্যঃ** ২,৮৯,২০০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্যঃ** শূন্য, **সম্পূর্ণ করার সময়সীমাঃ** স্বীকৃতিপত্র ইস্যুর তারিখ থেকে ১৮ (আঠেরো) মাস। **বন্ধের তারিখঃ** ২৬.০২.২০২৪ তারিখ দুপুর ২টো। টেন্ডার বিজ্ঞপ্তির বিস্তারিত বিবরণ এবং সময়ে সময়ে ইস্যুকৃত সংশোধনী **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে।

SDAH-372/2023-24

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

GOVT OF WESTBENGAL
OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER
SHYAMPUR –II DEVELOPMENT BLOCK
SASATI,HOWRAH,711312

দুরন্ত বার্তা, মালদা, ৮ ফেব্রুয়ারি ঃ জল জীবন মিশন প্রকল্পের মাধ্যমে বাড়ি বাড়ি পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ শুরু হয়েছে। সেই অনুযায়ী চাকনগর গ্রাম পঞ্চায়েতের ডোবা খোকসান গ্রামের জন্য একটি প্রকল্প বরাদ্দ হয়। প্রকল্পের নম্বর এম এস - ১৩৭২১। কিন্তু হঠাৎ করে গ্রামবাসীরা দেখতে পান সেই জায়গায় না করে ওই পানীয় জল প্রকল্পটি নিয়ে আসা হয় ন্যাংড়া শিমুল এলাকায়। আর এতেই ক্ষোভে ফেটে পড়েন জোত ভৈরব গ্রামের বাসিন্দারা। তাদের দাবি - যে এলাকার জন্য প্রকল্প ঘোষণা করা হয়েছে, সেই এলাকাতেই করতে হবে পানীয় জল প্রকল্পের কাজ। বিষয়টি নিয়ে বিডিওর দ্বারস্থ হয়েছেন গ্রামবাসীরা। সমস্ত কিছু খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন বিডিও। গ্রামবাসীদের অভিযোগ রাজনৈতিক স্বার্থে কে বা কারা এই প্রকল্পটি অন্যত্র সরিয়ে নিয়ে যাচ্ছে প্রশাসন যদি এর বিরুদ্ধে ব্যবস্থা না করে তাহলে গ্রামের মানুষ সহ সঙ্গবদ্ধ হয়ে আগামী দিনে বৃহত্তর আন্দোলনে নামবে। ডোবা খোকশান গ্রামের বাসিন্দারা জানালেন আমাদের গ্রামের জন্য একটি পানীয় জল প্রকল্পের অনুমোদন করা হয়েছিল এই প্রকল্পের মাধ্যমে বাড়ি বাড়িতে পাইফ করে পানীয় জল পৌঁছে দেওয়ার ব্যবস্থা রয়েছে। কিন্তু হঠাৎ করে আমরা দেখতে পেলাম আমাদের এলাকার প্রকল্প নিয়ে যাওয়া হচ্ছে অন্য এলাকায় স্বাভাবিকভাবেই ক্ষুব্ধ ডোবা খোকশান এলাকার বাসিন্দারা। এই বিষয়ে নিয়ে ভিডিওর দারস্থ হয়েছি জেলাশাসক আমরা দিব। এবিষয়ে তদন্তের দাবি জানাই। চাকনগর গ্রাম পঞ্চায়েতের বিজেপির প্রধান দিপু ওরাও জানান বিষয়টি আমার জানা নেই আমি বিডিও সাহেব কিভাবে তদন্ত করছে সেটাই এখন দেখার বিষয়। গাজোল বিধানসভা কেন্দ্রের বিজেপি বিধায়ক চিন্ময় বর্মন জানান, কেন্দ্রীয় সরকারের জল জীবন মিশন প্রকল্প যেখানে করার কথা সেখানে হচ্ছে না আজকে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলি নাম পরিবর্তন করে চালাচ্ছে। আজকে চাকনগর গ্রামে জল যাতে মানুষ পায় সে ক্ষেত্রে জল জীবন মিশন প্রকল্প করার কথা কিন্তু আজকে এই তৃণমূল সরকারের যারা আমলা বা আধিকারিক তারা কি করে আজকে অন্যত্র এই জল জীবন মিশন প্রকল্প সরিয়ে নিয়ে যাচ্ছে সেই বিষয়ে আমি তদন্তের দাবি জানাই। পাল্টা দিয়েছেন গাজোল পঞ্চায়েত সমিতির তৃণমূলের সভাপতি মোজাম্মেল হোসেন তিনি জানান বিষয়টি আমি জানিনা এলাকাবাসীর মুখ থেকে শুনতে পেলাম। আমরা এই বিষয়ে তদন্ত করে দেখব যেখানে প্রকল্পটি হওয়া দরকার সেখানেই যাতে হয় বিষয়টি দেখব এলাকাবাসীর সাথে আমরা রয়েছি।

কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে তৈরি হচ্ছে প্রথম ডিজিটাল লাইব্রেরী হাব

দুরন্ত বার্তা, কোচবিহার, ৮ ফেব্রুয়ারি ঃ আইআইটি খড়গপুরের ন্যাশনাল ডিজিটাল লাইব্রেরী অফ ইন্ডিয়ার সহযোগিতায় কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ে প্রথম ডিজিটাল লাইব্রেরী হাব তৈরি হচ্ছে। বৃহস্পতিবার থেকে কোচবিহার রবীন্দ্রভবনে খড়গপুর ন্যাশনাল ডিজিটাল লাইব্রেরী অফ ইন্ডিয়া ও ন্যাশনাল ডিজিটাল লাইব্রেরী অফ ইন্ডিয়ার তত্বাবধানে এবং আইআইটি খড়গপুর ও কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে ডিজিটাল লাইব্রেরী হাফ নিয়ে বিশেষ সেমিনারের শুভ সূচনা হয়। আজ ও আগামীকাল শুক্রবার

দুদিন ব্যাপী এই সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনারে উপস্থিত ছিলেন কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ নিখিলেশ চন্দ্র রায়, রেজিষ্টার ডক্টর আব্দুল কাদের স্যাফলি, প্রধান অতিথি চেয়ারম্যান সেন্ট্রাল লাইব্রেরী আইআইটি খড়্গাপুর অফিসার কেপি সিনহা মহাপাত্র, সম্মানিত অতিথি লাইব্রেরিয়ান সেন্ট্রাল লাইব্রেরী আইআইটি খড়গপুর ডঃ বি সূত্রধর , সভাপতি প্রদীপ কুমার কর সহ অন্যান্যরা।

বাজেটে ঘাটাল মাস্টার প্লানে কোনও অর্থ বরাদ্দ না হওয়ায় দুই মেদিনীপুরের বানভাসি বাসিন্দাদের মধ্যে তীব্র ক্ষোভ

দুরন্ত বার্তা, মেদিনীপুর, ৮ ফেব্রুয়ারি কেন্দ্র ও রাজ্য বাজেটে বহু প্রতিক্ষিত ঘাটাল মাস্টার প্ল্যানে অর্থ বরাদ্দের দাবী জানিয়ে গত ১৭ জানুয়ারি ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ণ সংগ্রাম কমিটির পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় জলশক্তিমন্ত্রকের ভারপ্রাপ্ত মন্ত্রী গজেন্দ্র সিং সেখাওয়াত ও মূখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং সেচমন্ত্রী পার্থ ভৌমিকের নিকট স্মারকলিপি দেওয়া হয়েছিল। কিন্তু গত ১ ফেব্রুয়ারি অন্তর্বর্তী কেন্দ্রীয় বাজেটে অর্থমন্ত্রী নির্মলা সীতারমন ওই প্রকল্পের বিষয়ে কোন উচ্চবাচ্য করেন নি। বানভাসি মানুষজন আশা করেছিল, কেন্দ্র বরাদ্দ না করলেও রাজ্য সরকার তার বাজেটে শীলাবতী নদী এলাকার নিম্নাংশ খনন করার জন্য অন্ততঃ টাকা মঞ্জুর করবেন। ঘাটাল মাস্টার প্ল্যান রূপায়ণ সংগ্রাম কমিটির যুগ্ম সম্পাদক নারায়ণ চন্দ্র নায়ক ও দেবাশীষ মাইতি তীব্র ক্ষোভ ব্যক্ত করে বলেন, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার তেরোটি ব্লকের স্থায়ী বন্যা নিয়ন্ত্রণে প্রায় কুড়ি লক্ষাধিক অধিবাসীকে প্রতি বছরের বন্যার হাত থেকে মুক্তি দিতে তৈরি ঘাটাল মাস্টার প্ল্যানে কেন্দ্র এবং রাজ্য সরকার নানা অজুহাতে টালবাহানা করে এখনো পর্যন্ত কোন অর্থ বরাদ্দ করে নি। ফলস্বরূপ দুই জেলার লক্ষ লক্ষ মানুষ প্রত্যেক বছর বর্ষার সময় সর্বস্বান্ত হচ্ছেন। নারায়নবাবু বলেন, প্রকল্পের জন্য চলতি অর্থ বছরে কেন্দ্র ও রাজ্য কোনও সরকারের পক্ষ থেকেই কোনও টাকা মঞ্জুর করা হল না। আমরা গত ৫ ই ফেব্রয়ারি ঘাটালে কেন্দ্রীয় বাজেটের প্রতিলিপি পুড়িয়ে বিক্ষোভ দেখিয়েছি। শীঘ্রই কমিটির সাধারণ সভা আহ্বান করে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

প্ল্যাটফর্মে পড়ে মৃত্যু হল এক যাত্রীর

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৮ ফেব্রুয়ারি ঃ বন্দেভারত এক্সপ্রেস ট্রেনে করে কলকাতা যাওয়ায় পথে নিউ জলপাইগুড়ি স্টেশনের ট্রেন ধরতে গিয়ে মৃত্যু হল এক রেল যাত্রীর। বৃহস্পতিবার দুপুর ৩ টা নাগাদ এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায় নিউ জলপাইগুড়ি স্টেশন চত্বরে । মৃত ওই রেল যাত্রীর নাম উজ্জ্বল ভৌমিক। জানা গেছে এদিন তিনি বন্দেভারত এক্সপ্রেস ট্রেনে করে কলকাতায় তার যাওয়ার কথা ছিল। কিন্তু প্ল্যাটফর্মে পৌঁছতেই ট্রেন যাত্রা শুরু করে দেওয়ায় ট্রেন ধরতে ট্রেনের পেছনে দৌড়াতে গিয়ে এই দুর্ঘটনা।

পূর্ব বর্ধমানে অস্বাভাবিক মৃত ৩

দুরন্ত বার্তা, বর্ধমান, ৮ ফেব্রুয়ারি ঃ পৃথক কয়েকটি ঘটনায় পূর্ব বর্ধমানে মৃত্যু হল ৩ জনের। প্রথম ঘটনায় বাথরুমে পরে মৃত্যু হয় এক প্রৌঢ়ার। মৃতার নাম দূর্গা দত্ত (৫৪)। তার বাড়ি বর্ধমানের হরিনায়ারণপুরে। বৃহস্পতিবার তিনি বাড়ির বাথরুমে পড়ে গিয়ে আঘাত পান বলে পরিবারের দাবি। তাকে বর্ধমান হাসপাতালে নিয়ে আসা হলে সেখানেই তাকে মৃত ঘোষণা করা হয়। পুলিশ ঘটনায় একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে দেহটি ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। দ্বিতীয় একটি ঘটনায় গাড়ির ধাক্কায় মৃত্যু হল এক প্রৌঢ়ের। মৃতের নাম অতুল ঘোষ (৫৪)। তার বাড়ি ভাতারের মাহাতা গ্রামে। তিনি ঝর্ণা এলাকার একটি বস্তা কারখানার কর্মী ছিলেন। বৃহস্পতিবার রাতে সাইকেল নিয়ে কাজে যাওয়ার সময় তাকে একটি গাড়ি ধাক্কা মেরে পালায়। আহত অবস্থায় তাঁকে উদ্ধার করে বর্ধমান হাসপাতালে নিয়ে আসা হলে সেখানেই তাকে মৃত ঘোষণা করা হয়। অন্য একটি ঘটনায় বিষ খেয়ে মৃত্যু হল এক প্রৌঢ়ের। মৃতের নাম আইনাল শেখ (৫৫)। তার বাড়ি রায়নায়। সপ্তাহখানেক আগে তিনি বিষ খান। তাকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখানেই শুক্রবার সকালে তিনি মারা যান। পারিবারিক কারণে তিনি আত্মহত্যা করেছেন বলে পরিবার জানিয়েছেন।

বেআইনিভাবে মাটি কাটার অভিযোগে ৬ অভিযুক্ত গ্রেপ্তার

দুরন্ত বার্তা, শান্তিপুর, ৮ ফেব্রুয়ারি ঃ যত্রতত্র মাটি কাটা আটকাতে সম্প্রতি নিষেধাজ্ঞা জারি করেছিল প্রশাসন। প্রশাসনের নিষেধাজ্ঞাকে বুড়ো আঙ্গুল দেখিয়ে শান্তিপুরে ফের সক্রিয় মাটি মাফিয়া। বেআইনিভাবে মাটি কাটার অভিযোগে ৬ জনকে গ্রেফতার করল শান্তিপুর থানার পুলিশ। স্থানীয় সূত্রে জানতে পারা যায়, নদীয়ার শান্তিপুর থানার নৃসিংহপুর চৌধুরীপাড়া ভাগীরথী নদীর চরে চাষের জমি থেকে অবাদে বেআইনিভাবে মাটি কাটার অভিযোগ নিয়ে প্রশাসনের দ্বারস্থ হয়েছিল এলাকার একাংশ কৃষক। কৃষকদের অভিযোগের ভিত্তিতে নড়েচড়ে বসে প্রশাসন। পরবর্তীকালে চৌধুরীপাড়া ভাগীরথী নদীর চর বরাবর চাষের জমি থেকে কোনও ভাবে মাটি না কাটতে পারে, তার জন্য পুলিশ ও প্রশাসনের পক্ষ থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। সেই বিজ্ঞপ্তি বা নিষেধাজ্ঞাকে এক প্রকার উপেক্ষা করেই বুধবার থেকে শুরু হয়েছিল চাষের জমি থেকে মাটি মাফিয়াদের মাটি কাটা। বুধবার পুনরায় মাফিয়াদের মাটি কাটার খবর পৌঁছাতেই নৃসিংহপুর, চৌধুরীপাড়া ভাগীরথী চরে হানা দেয় শান্তিপুর থানার পুলিশ। সেখান থেকে একটি মাটি বোঝাই ট্রলার সহ ৬ জনকে গ্রেফতার করে পুলিশ। বৃহস্পতিবার ধৃতদের রানাঘাট বিচার বিভাগীয় আদালতে পেশ করে পুলিশ। পুলিশ সূত্রে জানতে পারা যায়, ধৃতদের নাম দুর্গা মাহাতো, রামপ্রসাদ মাহাতো, দিলীপ মাহাতো, রাজেশ মাহাতো, সুধাম মাহাতো ও সত্যনারায়ণ মাহাতো। যদিও পুলিশের ভূমিকায় স্থানীয় পঞ্চায়েত প্রধান বীরেন মাহাতো বলেন, পুলিশের সদর্থক ভূমিকায় খুশী এলাকার মানুষ। তিনি বলেন, আগামী দিনে যাতে কেউ বেআইনিভাবে মাটি কাটাতে না পারে সেদিকে নজর রাখার আবেদন করছি পুলিশ প্রশাসনকে।

দুঃস্থ মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষার সহায়তায় উদ্যোগী শিলিগুড়ি পুর নিগম

সজল দাশগুপ্ত, শিলিগুড়ি, ৮ ফেব্রুয়ারি ঃ শিলিগুড়ি পুর নিগমের আন্তরিক প্রয়াস হলো নবম ও দশম শ্রেণীর দুঃস্থ মেধাবী শিক্ষার্থীদের জন্য

নিঃশুল্ক শিক্ষা-সহায়তা শিবির , নাম 'আলোর দিশারি'। উক্ত শিবিরের পরিসর আরো বড়মাপে করবার লক্ষ্যে ৩৪ টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও শিক্ষিকা, বিদ্যালয় পরিচালন সমিতির সদস্য মন্ডলীর সাথে বৈঠক হলো রামকিঙ্কর হলে বুধবার সন্ধ্যায়। উপস্থিত ছিলেন মেয়র গৌতম দেব , ডেপুটি মেয়র রঞ্জন সরকার, শিলিগুড়ি ১৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তথা এম এম আই শ্রী শ্রাবণী দত্ত, আরো উপস্থিত ছিলেন বিভিন্ন স্কুলের শিক্ষক - শিক্ষিকা ও স্কুলের পরিচালন কমিটির সদস্যগণ। এই বছর উক্ত শিবিরের উদ্যোগ ও সহায়তায় এই শিবির থেকে বেশ কিছু সংখ্যক পরীক্ষার্থী মাধ্যমিক পরীক্ষা দিয়েছে । এই শিবিরের সহায়তা যাতে আরো বেশি সংখ্যক দুঃস্থ ও মেধাবী ছাত্রছাত্রীরা পেতে পারে সেই বিষয় নিয়ে আলোচনা করা হয়।

বাজেটে বর্ধিত লক্ষ্মীর ভাণ্ডারের ভাতায় খুশি

দুরন্ত বার্তা, বীরভূম, ৮ ফেব্রুয়ারি ঃ বাজেটে বর্ধিত লক্ষ্মীর ভাণ্ডার ভাতা ঘোষিত হয়েছে সবেমাত্র। টিভির সামনেই বসে শুনছিলেন কয়েকজন। খবরটি চাওড় হতেই অনেকের মতোই খুশিতে ফেটে পড়লেন রামপুরহাট -দুই ব্লকের মাড়গ্রাম এক পঞ্চায়েতের রুমেল খাতুন, নাসিমা খাতুন, তাসলিমা বিবি, জান্নাতুল ফেরদৌস, জরিনা বিবি, সাহানারা খাতুনরা। তাঁরা বলেন, দিদি সবার জন্য পাঁচশো থেকে হাজার ও তপশিলী জাতি উপজাতি মহিলাদের জন্য বারোশা টাকা ভাতা করেছেন। আমরা খুবই খুশি। পরিবারের টাকার হিসেব লাগে। কিন্তু দিদির টাকার হিসেব লাগে না। দিদির টাকা আমাদের টাকা। জেলা মহিলা সভানেত্রী সাহারা মণ্ডল বলেন, পরিচিত মহিলাদের অনেকেই বর্ধিষ্ণু পরিবারের। পাড়ায় সমাধান মিটিংয়ে তাঁদের অনেকের মুখেই দেখেছি, শুনেছি লক্ষ্মীর ভাণ্ডার নিয়ে উচ্ছ্বাস। কেউ কেউ বলেন, বাবা! আমাকে বই, খাতা, সব কিছুই দিতেন। কিন্তু কোনদিন পাঁচশো টাকা হাতে দিয়ে বলেন নি, হাতে পাঁচশো টাকা ধর। খরচ করিস। আবার কোন গৃহবধূরা বলেন, স্বামীরা সংসারের খরচ চালান। আমাদের হাতে পয়সা থাকে না। কিন্তু কোনদিন বলে না, পাঁচশো টাকা হাতে রাখো। খরচ করো। এর কোন হিসেব লাগবে না। কিন্তু মমতা দিদি আমাদের দিয়েছেন। জেনারেল মহিলাদের পাঁচশো থেকে হাজার এবং তপশিলী জাতি উপজাতি মহিলাদের বারোশো করা হয়েছে। এটা খুবই খুশির। স্বামীরাও কখনও লক্ষ্মীর ভাণ্ডারের টাকা হাত পেতে নেন।

স্বর্ণ ব্যবসায়ীদের নিয়ে বৈঠক

দুরন্ত বার্তা, মালদা, ৮ ফেব্রুয়ারি ঃ স্বর্ণ ব্যবসায়ীদের দোকানে ডাকাতি খুন ও অন্যান্য ব্যবসায়ীদের উপর হামলার প্রতিবাদে মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্সে বৈঠকের আয়োজন। বুধবার রাতে মালদা শহরের রথবাড়ি এলাকায় বাণিজ্য ভবনে সভার আয়োজন করা হয়। আগামী ১৫ ফেব্রস্নারি জেলার বিভিন্ন প্রশাসনিক দপ্তরে নিজেদের দাবি লেখা স্মারকলিপি জমা করবেন ব্যবসায়ী সংগঠন এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় সভায়।

নোটিশ

যে আমার মক্কেল শ্রাবণ কুমার রামপ্রসাদের ছেলে চৌধুরী ও গৌতম কুমার ঘোষ শিশির কুমার ঘোষের ছেলে, দুজনেই থাকেন নৈহাটি, গরিফা, এ.টি. রাস্তা ঘোষ পাড়া, কলকাতা-৭৪৩১৬৬, উত্তর ২৪ পরগণা মূল নিবন্ধিত দলিল হারিয়েছে ২০০৯ সালের জন্য নং ০৩২৭০ এবং এছাড়াও বারাসতে সাধারণ ডায়েরি করেছেন ৩১-০১-২০২৪ তারিখে থানা পুলিশ G.D. এন্ট্রি নং ২২৫৪. যে কোন ব্যক্তির আছে কোনো দাবি, ভাগ, অধিকার, শিরোনাম, আগ্রহ, বিষয় বা কোনো আপত্তি সংক্রান্ত যাইহোক না কেন একই অবহিত করা আবশ্যক সাপোর্টিং ডকুমেন্টারি সহ নিম্ন স্বাক্ষরিত প্রমাণ, এই তারিখ থেকে ৭ দিনের মধ্যে যেখানে দাবি করার পরে যদি থাকে মওকুফ করা হয়েছে বলে মনে করা হয়েছে এবং আর কোন দাবি নেই আপ্যায়ন করা হবে।

পল্লবী কর্মকার
অ্যাডভোকেট
ফোন নং ৯০০৭৮২৪৯৫৭

Abridged Notice Inviting e-Tender

Online tender is hereby invited by the undersigned from bonafied and experienced agencies for const. of 10 nos. various works. For details visit www.wbtenders.gov.in Tender ID: 2024_ZPHD_659487_1 to 2024_ZPHD_659487_10. Last Date and time 13/02/2024, 11:00 A.M.

Sd/-Executive Officer
Namkhana Panchayat Samiti
District South 24 Parganas

Abridged Notice Inviting e-Tender

Online tender is hereby invited by the undersigned from bonafied and experienced agencies for const. of 13 nos. rural roads. For details visit www.wbtenders.gov.in Tender ID: 2024_ZPHD_658180_1 to 2024_ZPHD_658180_13. Last Date and time 15/02/2024, 01:00 P.M.

Sd/-Executive Officer
Namkhana Panchayat Samiti
District South 24 Parganas

পূর্ব রেলওয়ে

ই-অকশন বিজ্ঞপ্তি

সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ডিআরএম বিল্ডিং, রুম নং ৪৪, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ আইআরইপিএস পোর্টাল অর্থাৎ **www.ireps.gov.in** -এর মাধ্যমে শিয়ালদহ ডিভিসনে ১৫টি বিভিন্ন স্থানে পে অ্যান্ড ইউজ টয়লেটের পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য ই-অকশন আহ্বান করছেন। ই-অকশন ক্যাটালগের বিস্তারিত বিবরণ নিম্নরূপঃ **ক্যাটেগরিঃ** পে অ্যান্ড ইউজ-টয়লেটস্। **এসইকিউ. নং., লট নং., বিবরণ, লট বন্ধের তারিখ ও সময়ঃ এএ/১,** পিএনইউ-এসডিএএইচ-এলকেএফ-টিওআই-৯৭-২৪-১, শিয়ালদহ ডিভিসনের লেক গার্ডেন্স (এলকেএফ) রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এরিয়ায় জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১২টা। **এএ/২,** পিএনইউ-এসডিএএইচ-এমজেটি-টিওআই-৭৫-২৪-১, শিয়ালদহ ডিভিসনের মাঝেরহাট (এমজেটি) রেলওয়ে স্টেশনে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১২.১০ মিনিট। **এএ/৩,** পিএনইউ-এসডিএএইচ-আইপি-টিওআই-৮৩-২৩-১, শিয়ালদহ ডিভিসনের ইছাপুর (আইপি) রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং. ২ এবং ৩-তে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১২.২০ মিনিট। **এএ/৪,** পিএনইউ-এসডিএএইচ-সিএইচটি-টিওআই-১০২-২৪-১, শিয়ালদহ ডিভিসনের চম্পাহাটি (সিএইচটি) রেলওয়ে স্টেশনে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১২.৩০ মিনিট। **এএ/৫,** পিএনইউ-এসডিএএইচ-কেবিজিবি-টিওআই-১০০-২৪-১, শিয়ালদহ ডিভিসনের কে. বজবজ (কেবিজিবি) রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এরিয়ায় জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১২.৪০ মিনিট। **এএ/৬,** পিএনইউ-এসডিএএইচ-বিআরজে-টিওআই-৯৯-২৪-১, শিয়ালদহ ডিভিসনের ব্রেস ব্রিজ (বিআরজে) রেলওয়ে স্টেশনে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১২.৫০ মিনিট। **এএ/৭,** পিএনইউ-এসডিএএইচ-একেআরএ-টিওআই-১১৫-২৪-১, শিয়ালদহ ডিভিসনের আকড়া (একেআরএ) রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং. ০১ (বুকিং অফিসের নিকটে)-তে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১টা। **এএ/৮,** পিএনইউ-এসডিএএইচ-এসএমএক্স-টিওআই-৪৪-২৪-১, শিয়ালদহ ডিভিসনের শিমুরালি (এসএমএক্স) রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং. ০২-তে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১.১০ মিনিট। **এএ/৯,** পিএনইউ-এসডিএএইচ-টিএএলএ-টিওআই-৭৭-২৩-১, শিয়ালদহ ডিভিসনের টালা (টিএএলএ) রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এরিয়ায় জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১.২০ মিনিট। **এএ/১০,** পিএনইউ-এসডিএএইচ-বিআইজে-টিওআই-১-২৪-১, শিয়ালদহ ডিভিসনের বীরনগর (বিআইজে) রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং. ০১-তে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১.৩০ মিনিট। **এএ/১১,** পিএনইউ-এসডিএএইচ-টিকেএনআর-টিওআই-২-২৪-১, শিয়ালদহ ডিভিসনের ঠাকুরনগর (টিকেএনআর) রেলওয়ে স্টেশনের প্ল্যাটফর্ম নং. ০১-তে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১.৪০ মিনিট। **এএ/১২,** পিএনইউ-এসডিএএইচ-পিটিকেআর-টিওআই-৭-২৩-১, শিয়ালদহ ডিভিসনের পাতিপুকুর (পিটিকেআর) রেলওয়ে স্টেশনে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ১.৫০ মিনিট। **এএ/১৩,** পিএনইউ-এসডিএএইচ-এমজিএম-টিওআই-৫৪-২৩-২, শিয়ালদহ ডিভিসনের মুড়াগাছা (এমজিএম) রেলওয়ে স্টেশনে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ২টো। **এএ/১৪,** পিএনইউ-এসডিএএইচ-বিএফটি-টিওআই-১১৯-২৩-১, শিয়ালদহ ডিভিসনের ভাবতা (বিএফটি) রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এরিয়ায় জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ২.১০ মিনিট। **এএ/১৫,** পিএনইউ-এসডিএএইচ-এনএআই-টিওআই-৭৯-২৩-২, শিয়ালদহ ডিভিসনের নুঙ্গি (এনএআই) রেলওয়ে স্টেশনে জনসাধারণকে সুবিধা প্রদানের মাধ্যমে পরিষেবা যেমন বাথরুম, ওয়াশরুম, ল্যাভেটরি, ইউরিনাল অথবা শৌচালয় সুবিধার ব্যবস্থা, ২৩.০২.২০২৪ তারিখ দুপুর ২.২০ মিনিট। **রেট ইউনিটঃ** বার্ষিক লাইসেন্সিং ফি (প্রতিটির জন্য)। **চুক্তির সময়সীমাঃ** ৩ বছর (প্রতিটির জন্য)। **ন্যূনতম আইএনসিআর. (%)ঃ** ০.২ (প্রতিটির জন্য)। **ইএমডি (%)ঃ** ৫ (প্রতিটির জন্য)। **টার্নওভার আবশ্যকঃ** ০ (প্রতিটির জন্য)। বিস্তারিত নিয়ম এবং শর্তাবলীর জন্য সম্ভাব্য বিডদাতাদের **www.ireps.gov.in** -এর ই-অকশন মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।

SDAH-373/2023-24

পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in – এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

SCRAP BREAKING & PROCESSING (INDIA) LTD.

CIN - L27109WB1981PLC034108
Registered Office: 219 Chittaranjan Avenue, Kolkata-700 006
Email : scrapbreakipl@gmail.com, Wesbite : www.scbp.in

EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED DECEMBER 31, 2023

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter Ended 31.12.23 Unaudited	Quarter Ended 30.09.23 Unaudited	Nine Month Ended 31.12.23 Unaudited	Year Ended 31.03.23 Audited
1	Total Income from Operations	2.26	-	2.26	1.78
2	Net Profit/ (Loss) for the period before Tax	0.62	(1.72)	(4.70)	(7.96)
3	Net Profit/ (Loss) for the period after tax	0.62	(1.72)	(4.70)	(7.85)
4	Total Comprehensive Income for the period [comprising profit /(Loss) for the period after tax and Other Comprehensive Income after tax]	0.62	(1.72)	(4.70)	(7.85)
5	Equity Share Capital	20.00	20.00	20.00	20.00
6	Other Equity	0.00	0.00	0.00	0.00
7	Earnings per Share (EPS) (of Rs.10/-each)(for continuing and discontinuing operations) a.Basic(Rs.)	0.31	(0.86)	(2.35)	(3.93)
	b.Diluted(Rs.)	0.31	(0.86)	(2.35)	(3.93)

Notes:
The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI(Listing Obligations and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the Stock Exchange website (www.cse-india.com) on the company website (www.scbp.in)

For **Scrap Breaking & Processing (India) Limited**
Sd/-
Sulagna Ghosh
Managing Director
(DIN: 07543484)

Place : Kolkata
Date: February 07, 2024

SPANGLE MARKETING LIMITED

CIN: L51311WB1984PLC050209
Regd. Office :P-103, Princeep Street, 3rd Floor,Room No.24, Kolkata-700072
Email:parida.1995@rediffmail.com **Website:** www.spanglemarketing.in

STATEMENT OF UNAUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED ON 31ST DECEMBER, 2023

(Rs. in Lakhs)

SI	Particulars	Quarter Ended			Nine Months ended		Year ended
		31.12.2023	30.09.2023	31.12.2022	31.12.2023	31.12.2022	31.03.2023
		(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Audited)
1	**Income from Operations**						
	Net sales/ Income from Operations	-13.77	15.14	-11.08	1.65	-9.86	-10.31
2	Other Operating Income	0.12	0.03	0.16	0.17	0.26	0.26
3	**Total Income (I+II)**	**-13.65**	**15.17**	**-10.92**	**1.82**	**-9.60**	**-10.05**
4	**Expenses**						
	(a) Cost of Meterials Consumed	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	(b) Purchase of Stock-in-trade	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	(c) Changes in inventories of finished goods, work-in-progress and stock-in-trade	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	(d) Employee Benefits Expenses	2.16	2.14	1.34	6.24	3.18	5.11
	(e) Finance Cost	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	(f) Depreciation and amortisation expenses	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	(g) Other expenses	0.55	0.65	0.20	2.53	1.63	4.25
	Total Expenses	**2.71**	**2.79**	**1.54**	**8.77**	**4.81**	**9.36**
5	**Profit / (Loss) from operations before exceptional and extraordinary items and tax (3-4)**	**-16.36**	**12.38**	**-12.46**	**-6.95**	**-14.41**	**-19.41**
6	Exceptional items	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
7	**Profit/ (Loss) from ordinary activities before extraordinary items & tax (5-6)**	**-16.36**	**12.38**	**-12.46**	**-6.95**	**-14.41**	**-19.41**
8	Extraordinary items	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
9	**Profit / (Loss) from Ordinary activities before Tax (7-8)**	**-16.36**	**12.38**	**-12.46**	**-6.95**	**-14.41**	**-19.41**
10	**Tax expenses**	**0.00**	**0.00**	**0.14**	**0.00**	**0.14**	**0.14**
	Current year Tax	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	Income Tax for Earlier Years	0.00	0.00	0.14	0.00	0.14	0.14
	Deferred Tax	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
11	**Net Profit / (Loss) from Ordinary activities after tax (9-10)**	**-16.36**	**12.38**	**-12.60**	**-6.95**	**-14.55**	**-19.55**
12	**Profit/(Loss) from discontinuing operation**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**
13	**Tax expenses of discontinuing operations**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**
14	**Profit /(Loss) from discontinuing operations (after Tax) (12-13)**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**	**0.00**
15	**Net Profit / (Loss) for the period (11+14)**	**-16.36**	**12.38**	**-12.60**	**-6.95**	**-14.55**	**-19.55**
16	Other Comprehensive Income (net of Taxes)						
	A. (i)Items that will not be reclassified to Profit & Loss	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	(ii) Incometax relating to items that will not be reclassified to Profit & Loss	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	B. (i) Items that will be reclassified to Profit & Loss	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	(ii) Incometax relating to items that will be reclassified to Profit & Loss	0.00	0.00	0.00	0.00	0.00	0.00
	Total Comprehensive Income for the Period (15+16) (Comprising profit (Loss) and other comprehensive income for the Period)	**-16.36**	**12.38**	**-12.60**	**-6.95**	**-14.55**	**-19.55**
17	Paid-up equity share capital (Shares of Rs 10/- each)	220.22	220.22	220.22	220.22	220.22	220.22
18	Reserve excluding Revaluation Reserves as per balance sheet of previous accounting year	0.00	0.00	0.00	0.00	0.00	148.36
19	**Earnings per Equity share (Rs. 10/- each) for continuing operation : (not annualised)**						
	(a) Basic	-0.074	0.056	-0.057	-0.032	-0.066	-0.089
	(b) Diluted	-0.074	0.056	-0.057	-0.032	-0.066	-0.089
	See accompanying notes to the financial results						

Notes:
1 The above statement of Unaudited Standalone financial results for the quarter and 9 Month ended 31st December, 2023 are specified incompanies (Indian Accounting Standrard) Rules 2015 and SEBI Regulation with Subsequent amandments. Prepared in compliance with(Indian Accounting Standard) es, 2015 and SEBI Regulation with subsequent Amandements.
2 The above unaudited financial results have been reviewed by Audit Committee and approved by Board of Director at their meeting held on 8th February, 2024.
3 The above financial results has bben subjected to limited review by the statutary auditer of the company.
4 The figure for the previous period has been regrouped /rearranged where considered necessary to conform to the current year classification .
5 This statement is as per Regulation 33 of SEBI (Listing obligation and disclosure obligation) Regulation, 2015 as amended.
6 There is no invester Complaints received or pending as on quarter ending 31st December ,2023

For and on behalf of the Board of Directors
For Spangle Marketing Limited

Sd/- P C Karmakar, Director, DIN:06514584
Sd/- S. K. Parida, Whole Time Director, DIN:00062443
Sd/-Pradosh Ranjan Biswal, CFO, PAN: CSHPB5555Q
Sd/- Amit Kumar Giri, Company Secretary, M NO: A65846

Place : Kolkata
Date : 08.02.2024

পাঞ্জাব নেশনল বৈংক (भारत सरकार का उपक्रम) — punjab national bank (Govt. of India Undertaking) — Oriental — United

[রুল ৮(১)]
দখলের নোটিশ
(স্থাবর সম্পত্তির জন্য)

শাস্ত্র সার্কেল অফিস,দক্ষিণ ২৪ পরগণা
আমতলা রোড, পদ্মপুকুর মোড়ের কাছে, পোঃ বারুইপুর, জেলা - ২৪ পৃষ্ঠা (দক্ষিণ), কলকাতা - ৭০০ ১৪৪
টেলিফোন ০৩৩ ২৪৩৩ ৫০৪৬, ই-মেইলঃ cs8319@pnb.co.in

যেখানে,
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে অনুমোদিত অফিসারগুলি এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর বিধি ৩-এর সাথে পড়া ১৩ ধারার অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগের জন্য , প্রতিটি অ্যাকাউন্টের বিপরীতে উল্লিখিত তারিখগুলিতে ডিমান্ড নোটিশ জারি করে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদেরকে নোটিশের তারিখ উক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে প্রতিটি অ্যাকাউন্টের বিপরীতে উল্লিখিত অর্থ পরিশোধ করার আহ্বান জানায়।
ঋণগ্রহীতা (রা) অর্থ পরিশোধে ব্যর্থ হয়েছে, এতদ্বারা ঋণগ্রহীতা (দের) এবং সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী তার অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগে এখানে বর্ণিত সম্পত্তি (গুলি) দখল করেছে। আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৪) নীচে উল্লেখিত তারিখগুলিতে নিরাপত্তা স্বার্থ প্রয়োগ) বিধিমালা, ২০০২-এর বিধি ৮ সহ পঠিত।
ঋণগ্রহীতা / জামিনদার/ বন্ধক-এর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে এই আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৮) এর বিধানগুলির প্রতি সুরক্ষিত সম্পদগুলি খালাসের জন্য উপলব্ধ সময়ের জন্যবিশেষ করে ঋণগ্রহীতাকে এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে তারা পপ-অপারটিআইএসের সাথে লেনদেন করবেন না এবং সম্পত্তি/আইজের সাথে যেকোনও লেনদেনের পরিমান এবং সুদের জন্য **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের** চার্জ সাপেক্ষে হবে।

ক্রম নং.	ক) শাখার নাম খ) অ্যাকাউন্ট নম্বর গ) ঋণগৃহীতার নাম (সম্পত্তির মালিক)	বন্ধককৃত সম্পত্তির বিবরণ	ক) ডিমান্ট নোটিশের তারিখ খ) দখলের তারিখ গ) বকেয়ার পরিমান (ডিমান্ট নোটিশের তারিখ অনুযায়ী)
১।	ক) বানতলা শাখা খ) মি. বিদ্যুৎ কুমার ভুঁইয়া এস /ও, হৃষিকেশ ভুঁইয়া এ /সি নম্বর ঃ ১৩৩৭১০ এনসি ০০০০০০১৫ (টিএল) গ) মি. বিদ্যুৎ কুমার ভুঁইয়া, এস / ও. হৃষিকেশ ভুঁইয়া হোল্ডিং নং. ১৯৭৩, ধালুয়া নয়াবাদ রোড, মৌজা-- ধালুয়া, পিএসঃ সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা, পিন- ৭০০ ১৫২	বাস্তু জমির EQM এর সমস্ত অংশ এবং পার্সেল এবং আবাসিক ভবন পরিমাপ নির্মাণ প্রায় কমবেশি ১ কোত্তাহ ১৩ চিতক ২৫স্কোর্গফুট. রূপান্তরের বাইরে নং ৪১ / ২১৬৩/ con/ BLLRO- SNP/ 18 BL এবং LRO সোনারপুর, পাড়া এবং অবস্থিত মৌজা - ধলুয়া নয়াবাদ রোড, হোল্ডিং নং ১৯৭৩, জেএল নং ৪৩, আরএস দাগ নং ২৬ (পি), আরএস খতিয়ান নং ৩৪৩, ডান এখন এলআর দাগ নং ২৭, এলআর খতিয়ান নং ৩৮৭৫ রাজপুরের অধীনে ৩ নং ওয়ার্ডের সীমানা সহস্তসোনারপুর পৌরসভা, পি.এস. - সোনারপুর, জেলা - এখতিয়ার সহ দক্ষিণ ২৪ পরগনা A.D.S.R অফিসে নিবন্ধিত - গড়িয়া।স্তসম্পত্তি দাঁড়িয়ে আছে শ্রীর নামে বিদ্যুৎ কুমার ভুঁইয়া, সি /ও. প্রয়াত হৃষীকেশ ভুঁইয়া ভিডিও রেজি. দলিল নং ১-০১১৪৯ / ২০১৬ যা পূর্বে ঘেরা - দ্বারাস্তলয ব্যানার্জির সম্পত্তি, পশ্চিম - দ্বারা খালি জমি, দক্ষিণ - নবীনের সম্পত্তি অনুসারে চন্দ্রা, উত্তর- ১২ ফুট কমন প্যাসেজ।	ক) ০৬.১১.২০২৩ খ) ০৫.০২.২০২৪ গ) ২৬,৭৪,৫৯৯.২২ টাকা (টাকা ছাব্বিশ লক্ষ চুয়াত্তর হাজার পাঁচশো নিরানব্বই টাকা বাইশ পয়সা)

তারিখ- ০৯।০২।২০২৪
স্থান- বারুইপুর

দেব আনন্দ শর্মা, চিফ ম্যানেজার ও অথোরাইজড অফিসার
পাঞ্জাব ন্যাশানাল ব্যাঙ্ক

রঞ্জি খেলায় অনিহা!

অবশেষে অনুশীলনে ফিরলেন ঈশান কিষাণ

বরোদা, ৮ ফেব্রুয়ারিঃ নিয়ম সকলের জন্যই সমান এবং একই। এ কথা পরিষ্কার করে জানিয়ে দিয়েছেন ভারতীয় দলের হেড কোচ রাহুল দ্রাবিড়। বিশাখাপত্তনম টেস্টের পর রোহিতদের হেড স্যার দ্রাবিড়ের সামনে ঈশান কিষাণেকে নিয়ে একঝাঁক প্রশ্ন করা হয়। তা বেশ ভালো ভাবেই সামলেছিলেন দ্রাবিড়। দক্ষিণ আফ্রিকা সফরে টেস্ট সিরিজের আগে হঠাৎ করে ঈশাণ কিষাণ দেশে ফেরেন। জানা গিয়েছিল, মানসিক অবসানের কারণে তরুণ উইকেট কিপার ব্যাটার এমন সিদ্ধান্ত নিয়েছিলেন। ঈশান কবে মাঠে ফিরবেন তা নিয়ে এতদিন জল্পনা চলছিল। এ বার তিনি অনুশীলন শুরু করেছেন। ক্রীড়া ওয়েবসাইট ক্রিকবাজের রিপোর্ট অনুযায়ী, বরোদায় কিরণ মোরের অ্যাকাডেমিতে ঈশান পান্ডিয়া ব্রাদার্সদের সঙ্গে অনুশীলন করছেন। এ বার প্রশ্ন জাতীয় দলে কবে ফিরবেন ঈশান? ইংল্যান্ড সিরিজের এখনও ৩টে ম্যাচ বাকি।

ভারতীয় টিম ঘোষণাও বাকি। তাতে কি সুযোগ পাবেন ঈশান কিষাণ? ক্রিকেট মহল বলছে, হয়তো না। কারণ, শোনা গিয়েছিল ইংল্যান্ড সিরিজের আগে ঈশানকে রঞ্জি খেলার পরামর্শ দেওয়া হয়েছিল। কিন্তু তিনি রঞ্জিতে খেলেননি। টিম ইন্ডিয়ার মিডল অর্ডারের তারকা ক্রিকেটার শ্রেয়স আইয়ারকেও রঞ্জিতে খেলার পরামর্শ দেওয়া হয়েছিল। তিনি রঞ্জিতে খেলেছিলেন। ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম দুই টেস্টেও খেলেছেন। কিন্তু ঈশান তেমনটা করেননি। যে কারণে অনেকেই মনে করছেন, ঘরোয়া ক্রিকেটে ঈশান যদি না খেলেন তা হলে এখনই তাঁর জাতীয় দলে ফেরা কঠিন হবে। এর আগে রাহুল দ্রাবিড় জানিয়েছিলেন, ঈশান বিশ্রাম চেয়েছিলেন। তাই তাঁকে বিশ্রাম দেওয়া হয়েছিল। দ্রাবিড় এও জানান, তিনি ঈশানকে বলেছিলেন, ''ও যখন রেডি থাকবে খেলার জন্য, তখনই খেলুক। এ বার ও কী করবে, পুরোটাই ওর ব্যাপার।'' আপাতত ক্রিকেট মহলের মতে, যদি ঈশান ঘরোয়া ক্রিকেটে না খেলেন তা হলে এখনই তাঁর ভারতীয় দলে ফেরা হবে না। তা-ই যদি হয় সেক্ষেত্রে এ বার তাহলে আসন্ন আইপিএলে তাঁকে খেলতে দেখা যাবে।

আন্তর্জাতিক কেরিয়ারে ১৫ বছর পূর্তি রবীন্দ্র জাডেজার

বেঙ্গালুরু, ৮ ফেব্রুয়ারিঃ দীর্ঘ ১৫ বছর পার এতদিনে ভালো খারাপ বহু মুহূর্তের সাক্ষী হয়েছেন রবীন্দ্র জাডেজা। আজ ৮ ফেব্রুয়ারি। আজকের দিনটা ভারতীয় তারকা অলরাউন্ডার রবীন্দ্র জাডেজার কাছে বিশেষ। কারণ দেড় দশক আগে আজকের দিনে জাতীয় দলের জার্সি গায়ে চাপিয়ে প্রথম বার খেলার সুযোগ পেয়েছিলেন জাড্ডু। ২০০৯ সালে শ্রীলঙ্কার বিরুদ্ধে কলম্বোতে ওডিআই ফর্ম্যাটে অভিষেক হয়েছিল রবীন্দ্র জাডেজার। ওই ম্যাচে ৬ ওভার হাত ঘুরিয়েও কোনও উইকেট পাননি। কিন্তু ব্যাট হাতে ৬০ রানের অপরাজিত ইনিংস উপহার দিয়েছিলেন জাডেজা। শেষ অবধি অবশ্য দলকে জেতাতে পারেননি। ৬৮ রানে ওই ম্যাচ শ্রীলঙ্কা জিতেছিল। কিন্তু ওই দিনটা স্মরণীয় হয়ে রয়েছে জাডেজার কাছে। আজ, বৃহস্পতিবার আন্তর্জাতিক ক্রিকেটে জাডেজার ১৫ বছর পূর্তি হয়েছে। এক মন ছুঁয়ে যাওয়া ভিডিয়ো শেয়ার করেছেন তিনি। সোশ্যাল মিডিয়া সাইট এক্স-এ ভারতীয় তারকা অলরাউন্ডার রবীন্দ্র জাডেজা দেশের হয়ে তাঁর খেলার পুরনো কয়েকটি ছবি দিয়ে একটি ভিডিয়ো শেয়ার করেছেন। সেই ভিডিয়োর ক্যাপশনে জাডেজা লিখেছেন, 'আমার স্বপ্নকে বাস্তবায়িত করার ১৫ বছর পার - প্রতিটা মুহূর্তের জন্য কৃতজ্ঞ!' ২০০৯ সালের ৮ ফেব্রুয়ারি জাডেজার টি-২০ ফর্ম্যাটেও অভিষেক হয়েছিল।

ভালো খবরের মাঝেও খারাপ খবর রোহিত শর্মার টিমে!

দুরন্ত বার্তা প্রতিবেদন

বিশাখাপত্তনমে সিরিজ ১-১ হয়েছে। রাজকোটে কি ভারত ২-১ করে ফেলবে সিরিজ? হায়দরাবাদ টেস্ট হারের পর ভারতীয় টিমকে তীব্র সমালোচনার মুখে পড়তে হয়েছিল। রোহিত শর্মার ক্যাপ্টেন্সি নিয়েও উঠে

গিয়েছিল প্রশ্ন। সে সব মিটিয়ে নিজে ফিরে এসেছেন তো বটেই, টিমকেও এনে দিয়েছেন জয়। রাজকোট টেস্টেও ভারত আত্মবিশ্বাস নিয়েই নামবে। কিন্তু একটা প্রশ্ন এখনও থেকে যাচ্ছে, বিরাট কোহলি কি তৃতীয় টেস্টে টিমে ফিরবেন? দ্বিতীয়বার বাবা হতে চলেছে বিরাট। যে কারণে জাতীয় টিম থেকে ছুটি নিয়েছেন, এমনই বলা হচ্ছে। সেই তিনিই রাজকোটে খেলবেন কিনা, সে দিকে নজর রয়েছে ক্রিকেট মহলের। কিন্তু যা শোনা যাচ্ছে, তাতে হয়তো ইংল্যান্ডের বিরুদ্ধে তৃতীয় টেস্টেও টিমে থাকছেন না বিরাট। পুরো সিরিজেই কি খেলবেন না? হায়দরাবাদে শুরুতেই সিরিজ ০-১ হয়ে যাওয়ার পর ব্যাপক চাপে পড়ে গিয়েছিল ভারত। বিরাটের খোঁজ শুরু হয়ে গিয়েছিল প্রবল ভাবে। বলা হচ্ছিল, বিরাট থাকলে এমনটা হত না। সেখান থেকে ফিরে এসেছে টিম। রাজকোটে ভারতকে ২-১ এগিয়ে দিতে চাইছেন রোহিত। অর্থা একটা জিনিস পরিষ্কার, বিরাট কোহলিকে রাজকোট টেস্টে পাওয়া যাবে না, ধরে নিয়েই অঙ্ক সাজাতে শুরু করেছে টিম ম্যানেজমেন্ট। দুটো জায়গা নিয়ে প্রশ্ন থাকছে। এক, শ্রেয়স আইয়ারকে কি এ বার বসানো উচিত? টেস্ট ক্রিকেটে একেবারে রানের মধ্যে নেই শ্রেয়স। তাতে চাপ বাড়ছে টিমের। মিডল অর্ডারে এমন কেউ থাকছে না, যিনি টিমকে প্রয়োজনীয় রান দিতে পারেন। যশস্বী জয়সওয়ালের মতো তরুণ রোজ রান করে দেবেন, এমনটা ভাবা মুশকিল। সেই সঙ্গে প্রশ্ন থেকে যাচ্ছে উইকেটকিপার শ্রীকর ভরতকে নিয়েও। উইকেটের পিছনে নির্ভরতা দিচ্ছেন ঠিকই, কিন্তু ব্যাটে রান নেই। তাঁর বদলে ধ্রুব জুলেরকে খেলানোর দাবি উঠে গিয়েছে। খারাপ খবরের মধ্যেও ভালো খবর, চোট সারিয়ে টিমে ফিরতে চলেছে দুই সিনিয়র ক্রিকেটার লোকেশ রাহুল ও রবীন্দ্র জাডেজা। রাহুলের টিমে ফেরা মানে ব্যাটিংয়ে ভারসাম্য বাড়বে। একটাই মাত্র টেস্ট খেলেছেন রজত পাতিদার। তাঁকে খেলিয়ে শ্রেয়সকে বসানো হবে কিনা, দেখার অপেক্ষায় ক্রিকেট মহল। জাডেজা ফেরায় স্বস্তি থাকছে। সেই সঙ্গে থাকছে অন্য অঙ্কও। রাজকোটের পিচও নিশ্চিত ভাবেই স্পিনিং সহায়ক হবে। কুলদীপ যাদব সে ক্ষেত্রে কি টিম থেকে বাদ পড়বেন?

বন্ধুর জন্য অন্য রূপে মাহি, আইপিএল-এর প্রস্তুতিতে মন ছুঁয়ে গেল থালার মনোভাব

রাঁচি, ৮ ফেব্রুয়ারিঃ এক হি তো দিল হ্যায় মাহি, কিতনে বার জিতোগে? (যার বাংলা তর্জমা করলে দাঁড়ায় একটাই তো হৃদয় মাহি, কতবার জিতবে?) এই কথাই মুখে মুখে ঘুরছে ধোনি ভক্তদের। মহেন্দ্র সিং ধোনিকে সব সময় ভালোবাসায় ভরিয়ে দেন তাঁর অনুরাগীরা। সাফল্যের শিখরে পৌঁছে গেলেও মাহির মধ্যে মাটির মানুষের ভাবটা এখনও যায়নি। বর্তমানে আইপিএলের অনুশীলনে মগ্ন ধোনি। প্রায়শই সোশ্যাল মিডিয়ায় তাঁর জিম সেশন, নেটে ব্যাটিং অনুশীলনের ভিডিয়ো ভাইরাল হচ্ছে। এ বার নজর কাড়ল ধোনির ব্যাট। কারণ সেখানে রয়েছে একটি স্টিকার। আর তাতেই রয়েছেন বিশেষত্ব। ক্রিকেটারদের ব্যাটে নামকরা ব্র্যান্ডের স্টিকার লাগানো থাকে। তার ফলে সেই ব্র্যান্ডের প্রচার হয়। এবং সকল ক্রিকেটার তাঁদের ব্যাটে লাগানো স্টিকারের ব্র্যান্ডের থেকে টাকাও পান। ধোনির কেরিয়ারে তাঁর ব্যাটের জন্য প্রথম স্পনসর এনে দিয়েছিলেন এক বন্ধু। এ বার তাঁর পাশে দাঁড়ালেন মাহি। সম্প্রতি ভাইরাল হওয়া ছবিতে দেখা গিয়েছে, ধোনির ব্যাটে রয়েছে 'Prime Sports' লেখা একটি স্টিকার। মাহির ছেলেবেলার বন্ধু পরমজিৎ সিংয়ের একটি খেলাধূলার



সরঞ্জামের দোকান রয়েছে। তার নাম 'Prime Sports'। ধোনি এ বার তাঁর বন্ধুর ওই দোকানের প্রচার করলেন একটু অন্যরকম ভাবে। যা করে তিনি ফের মন জয় করেছেন নেটিজেনদের। 'এমএস ধোনি-দ্য আনটোল্ড স্টোরি' এই বায়োপিকের মাধ্যমে সকলে জানতে পেরেছিলেন ধোনির সঙ্গে তাঁর বন্ধুদের সম্পর্কের কথা। মাহির ছেলেবেলার বন্ধু পরমজিৎ সিং সব সময় তাঁর পাশে থেকেছেন। তিনি ধোনিকে প্রথম স্পনসর পেতে সাহায্য করেছিলেন। এ বার ধোনি হয়তো সকলকে না জানিয়েই বন্ধুর পাশে দাঁড়ানোর প্রয়াস নিলেন। নেটদুনিয়ায় রীতিমতো ভাইরাল হয়েছে ধোনির ব্যাটে 'Prime Sports' লাগানো স্টিকারের ছবি। ও তাঁর বন্ধু পরমজিৎ সিংয়ের 'Prime Sports' দোকানের ছবি। ধোনি ভক্তদের সোশ্যাল মিডিয়া সাইটে ঘুরছে সেই ছবি।

কলকাতায় এসেই অসুস্থ মেসির প্রাক্তন সতীর্থ, ইস্টবেঙ্গলে ট্রায়াল লাইবেরিয়ান স্ট্রাইকারের

দুরন্ত বার্তা, কলকাতা, ৮ ফেব্রুয়ারিঃ ইস্টবেঙ্গল সমর্থকদের মধ্যে আচমকা দারুণ আগ্রহ ভিক্টর ভাসকুয়েজকে নিয়ে। যিনি দশ বছর আগে বার্সেলোনায় লিওনেল মেসির সঙ্গে খেলেছেন। কাতার থেকে কলকাতায় গত সোমবার গভীর রাতে এসেই মঙ্গলবার প্রস্তুতিতে নেমে পড়েছিলেন ভিক্টর। লাল হলুদ সমর্থকরাও অতি উৎসাহে তাঁর প্র্যাকটিস দেখতে চলে এসেছিলেন। কিন্তু একদিন যেতে না যেতেই ইস্টবেঙ্গল ফ্যানদের মন খারাপ। কারণ এদিন দলের অনুশীলনে লাল হলুদের নয়া বিদেশিকে দেখা যায়নি। কোচ কার্লোস কুয়াদ্রাত মিডিয়া প্রতিনিধিদের এসে জানিয়েছেন, ভিক্টর পেটের সমস্যায় একেবারে কাবু। ও হোটেলে বিশ্রাম নিচ্ছে। আজ সকালে ভিক্টর ডাক্তার দেখিয়েছে। আমাদের মনে হচ্ছে শনিবার নর্থ ইস্ট ম্যাচে ভিক্টরকে পেতে সমস্যা হবে না। লাল হলুদ কোচের ভাবনায় আবার এএফসি চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচও। যেহেতু সুপার কাপে তারা চ্যাম্পিয়ন হয়েছে তারা সেইজন্য সামনের বার তারা আন্তর্জাতিক টুর্নামেন্টে খেলতে নামবে। তাই দলের বিদেশি তারকাদের ঠিকমতো বাছাই করে নিতে চাইছেন কোচ। এদিন দলের অনুশীলনে দেখা গেছে লাইবেরিয়ান উইঙ্গার দ্যারিয়াস পেরউডকে। ২১ বছরের এই তরুণকে দেখে কোচের ভাল লেগেছে।

চেলসির জয়ে পচেত্তিনোর স্বস্তি, ক্ষমা চাইলেন সিলভার স্ত্রী

বর্মিংহ্যাম, ৮ ফেব্রুয়ারিঃ অ্যাস্টন ভিলার মাঠে গতকাল রাতে এফএ কাপ চতুর্থ রাউন্ডের 'রিপ্লে' ম্যাচে চেলসি মাঠে নামার আগেই ক্ষমা চেয়েছেন ইসাবেল সিলভা। তিনি বেলে সিলভা নামেও পরিচিত। চেলসি ডিফেন্ডার থিয়াগো সিলভার স্ত্রী, সেটাও তাঁর আরেক পরিচয়। রবিবার প্রিমিয়ার লিগে ঘরের মাঠে উলভারহ্যাম্পটনের কাছে চেলসির ৪-২ গোলে হারের পর স্টামফোর্ড ব্রিজের ক্লাবটির কোচের পদত্যাগ চেয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি পোস্ট করেছিলেন বেলে সিলভা। গত ২৬ জানুয়ারি এফএ কাপে চতুর্থ রাউন্ডে চেলসি-ভিলা ম্যাচটি গোলশূন্য ড্র হয়েছিল। এরপর গতকাল রাতে রিপ্লে ম্যাচে ভিলার মাঠে ৩-১ গোলের জয়ে পঞ্চম রাউন্ডে উঠেছে চেলসি। এই জয়ে কাঁধের ওপর চেপে বসা চাপটাও কমালেন দলটির আর্জেন্টাইন কোচ মরিসিও পচেত্তিনো। ভিলার মুখোমুখি হওয়ার আগে সব প্রতিযোগিতা মিলিয়ে সর্বশেষ তিন ম্যাচে জয়বঞ্চিত ছিল চেলসি। এর মধ্যে প্রিমিয়ার লিগে সর্বশেষ দুই ম্যাচেই হার। পচেত্তিনোর চাকরি নিয়ে টানাটানির ফিসফাসও শুরু হয়েছিল। আর্জেন্টাইন এই কোচ নিজেই জানিয়েছিলেন, চেলসিতে চাকরি টিকিয়ে রাখার ভাবনায় তিনি মাথার চুল ফেলবেন না। চেলসির মালিক নাকি ফোনে তাঁকে সমর্থন দিয়েছেন বলেও জানিয়েছিলেন পচেত্তিনো। ভিলার বিপক্ষে জয়ে পচেত্তিনোর ওপর থেকে চাপটা কিছুটা হলেও কমল। আর খেলোয়াড়দের

চেলসির হয়ে বিরতির পর গোল করেছেন এনজো ফার্নান্দেজ। বেন চিলওয়ালকে নিয়ে গোল উদযাপন আর্জেন্টাইন তারকার।

পারফরম্যান্সেও খুশি চেলসির কোচ। ম্যাচ শেষে সাংবাদিকেরা তাঁর কাছে জানতে চেয়েছিলেন, গত বছর জুলাইয়ে চেলসির দায়িত্ব নেওয়ার পর এটাই দলের সেরা পারফরম্যান্স কি না? পচেত্তিনোর উত্তর, ''আমি সেটাই মনে করি।'' পচেত্তিনো আরও যোগ করেন, ''পারফরমেন্সে আমি খুব খুশি। নিখাদ এবং ধারাবাহিকভাবে (ম্যাচে) ভালো খেলেছি। একটা তরুণ দলের জন্য এভাবে ভারসাম্য রেখে খেলাটা কঠিন।'' ভিলার বিপক্ষে প্রথমার্ধে চেলসিকে গোল এনে দেন কনোর গ্যালাঘার ও নিকোলাস জ্যাকসন। বিরতির পর গোল করেন চেলসির আর্জেন্টাইন তারকা এনজো ফার্নান্দেজ। উলভহ্যাম্পারটনের বিপক্ষে চেলসির হারের পর সামাজিক যোগাযোগমাধ্যমে করা পোস্টে পরোক্ষভাবে কোচের পদ থেকে পচেত্তিনোর ছাঁটাই চেয়েছিলেন সিলভার স্ত্রী বেলে, ''পরিবর্তনের সময় এসেছে। আপনারা যদি আরও অপেক্ষা করেন, তাহলে অনেক দেরি হয়ে যাবে।'' কিন্তু গতকাল রাতে চেলসি মাঠে নামার আগে ক্ষমা চেয়ে নিজের সুর পাল্টান বেলে, ''চেলসির সমর্থক হিসেবে নিজের ব্যক্তিগত আবেগ এতটা প্রভাব ফেলায় দুঃখিত। আমি দলকে ভালোবাসি। দলের জয় চাই, হারলে কষ্ট লাগে। আমরা সবাই একটি জয়ী দল চাই। জেগে ওঠো চেলসি!'' ভিলার বিপক্ষে ব্রাজিলিয়ান সেন্টারব্যাক সিলভাকে ম্যাচের শুরু থেকে খেলাননি পচেত্তিনো। তাঁকে বেঞ্চে বসিয়ে রেখে ৮১ মিনিটে বদলি হিসেবে মাঠে নামান। পচেত্তিনো জানিয়েছেন, গত মঙ্গলবার স্থানীয় সময় সকালে সিলভা নিজের স্ত্রীর পোস্ট নিয়ে তাঁর সঙ্গে কথা বলেছেন, ''আমরা যেভাবে কথা বলেছি সেসব নিয়ে মুখ খুলব না। গুরুত্বপূর্ণ ব্যাপার হলো সে এসে আমার সঙ্গে কথা বলেছে। আর সে আমাকে ১০ বছরের বেশি সময় ধরে চেনে, জানে আমি কেমন। আমাদের কথাবার্তাগুলো একদমই ব্যক্তিগত, তাই এগুলো ব্যক্তিগত রাখাই ভালো।'' এফএ কাপের পঞ্চম রাউন্ডে উঠলেও প্রিমিয়ার লিগে ভালো অবস্থানে নেই চেলসি। ২৩ ম্যাচে ৩১ পয়েন্ট নিয়ে তাদের অবস্থান ১১তম। যদিও চেলসির কোচ হিসেবে পচেত্তিনোর সামনে শিরোপা জয়ের সুযোগ আছে। ২৫ ফেব্রুয়ারি লিগ কাপ (কারাবাও কাপ নামে পরিচিত) ফাইনালে লিভারপুলের মুখোমুখি হবে তাঁর দল।

বিস্ফোরক বুমরাতে বিস্মিত

পাল্টা আঘাত হানতে আবু ধাবিতে শিবির করতে ছুটলেন বেন স্টোকসরা

দুরন্ত বার্তা প্রতিবেদন

ভারত নাকি জসপ্রীত বুমরা, কীসে সবচেয়ে বেশি ভয় ইংল্যান্ডের? প্রশ্ন এমন হলে উত্তর বোধহয় দ্বিতীয়টাই হবে। ভারতীয় স্পিনারদের সামলাতে এতদিন নানা ছক সাজিয়েছে ইংল্যান্ড। বাজবল দিয়ে পাল্টা আঘাত হানতে চেয়েছে। সুইপ, রিভার্স সুইপের বন্যা বইয়ে দিয়েছেন ইংরেজ ক্রিকেটাররা। কিন্তু বুমরা সিলেবাসে ছিলেন না। বিশাখাপত্তনম টেস্টের প্রথম ইনিংসে বিশ্বের এক নম্বর পেসারের মুখেই ধুয়ে-মুছে গিয়েছে ব্রেন্ডন ম্যাকালামের টিম। ৬ উইকেট নিয়েছিলেন। দ্বিতীয় ইনিংসেও তাঁর নামের পাশে ৩ উইকেট। সব মিলিয়ে ৯১ রানে নিয়েছেন ৯ উইকেট। ম্যাচের সেরা বুমরাকে ছাড়া আর কাউকে ভাবা যায়নি। এই বুমরার বিরুদ্ধেই ছক সাজাতে আবু ধাবি ছুটতে হল ইংল্যান্ডকে? বুমরা যে মাথা ব্যথার কারণ হয়ে উঠছেন,

তা স্বীকার করে নিয়েছেন ইংল্যান্ডের কোচ। এই বুমরাকে সামলাবেন কী করে বেন স্টোকসরা? ম্যাকালাম বলে দিয়েছেন, ''আমরা কোনও থিওরি খাড়া করার চেষ্টা করি না। টিমের সব ক্রিকেটার খেলার মতো জায়গায় আছে কিনা, সেটা দেখার পর ক্যাপ্টেনকে একটা ধারণা দেওয়ার চেষ্টা করি। ব্যাটাররা যথেষ্ট ব্যাটিং করে। ওরা জানে কী ভাবে পরিস্থিতি সামলাতে হয়। আমরা খুব ভালো করে জানি, কোথায় পৌঁছতে হবে। তবে এটাও মেনে নিতে হবে, এই সিরিজে জসপ্রীত অসাধারণ পারফর্ম করেছে। এই সিরিজে যা সেরা। কন্ডিশনের উপর অনেক কিছু নির্ভর করে। বল যখন সুইং করে, তখন কিন্তু ওকে সামলানো আরও কঠিন। সব ফর্ম্যাটেই ও দারুণ বোলার। অসাধারণ রিলিজ পয়েন্ট। জসপ্রীতকে নিয়ে কোনও দ্বিধা নেই।'' শোনা যাচ্ছে, রাজকোট টেস্টে খেলতে পারেন বুমরা। আর তা যদি হয়, তা হলে বুমরার জন্য ছক সাজিয়ে নামতে হবে ইংল্যান্ড টিমকে। ম্যাকালামের কথায়, ''গত ১৮ মাস ধরে আমরা ভালো বোলারদের সামলে এসেছি। ভালো বোলারদেরই খেলতে হবে। শেষ দুটো টেস্টে টিম ভালো খেলেছে। ১-১ স্কোরলাইন কিন্তু এটা প্রমাণ করে যে, সিরিজে প্রবল লড়াই চলছে।''

আফগানদের মাতৃভাষা জানেন শাহরুখ!

আবু ধাবি, ৮ ফেব্রুয়ারিঃ আইপিএল খেলতে ভারতে এসেছিলেন রহমনুল্লা গুরবাজ। কলকাতা নাইট রাইডার্সের হয়ে খেলা এই ক্রিকেটার প্রথম বার শাহরুখ খানকে সামনে থেকে দেখেন। তাঁর সেই অভিজ্ঞতার কথা জানালেন গুরবাজ। শাহরুখের মতো তারকার পরিচিত বিশ্বজুড়ে। আফগানিস্তানেও শাহরুখ ভক্তের ভিড়। গুরবাজ বলেন, ''কেকেআরের হয়ে খেলতে গিয়ে শাহরুখের সঙ্গে আলাপ। ছোটবেলায় সিনেমা দেখতাম শাহরুখের। সেই মানুষটা আমার সামনে দাঁড়িয়ে! শাহরুখ আমার সঙ্গে দেশ নিয়ে কথা বলে। আমার মাতৃভাষা দারি। সেই ভাষা শাহরুখ জানে। আমার সঙ্গে সেই ভাষায় কথা বলে। এমন ব্যবহার আমি ভাবতেই পারিনি। আমি কখনও ভুলতে পারব না ওই মুহূর্তটা।'' ইডেনে খেলা দেখতে এসেছিলেন শাহরুখ। সেই সময় মাঠে নেমে গুরবাজের সঙ্গে দেখা করেছিলেন। আফগান ক্রিকেটার এখন ব্যস্ত আবু ধাবির টি-টোয়েন্টি লিগে। গত বছর আইপিএলে গুরবাজ খেলেছিলেন নীতীশ রানার নেতৃত্বে।

এক জনের উইকেট নিতেই ভরতে এসেছেন রেহান

আবু ধাবি, ৮ ফেব্রুয়ারিঃ এক জনের উইকেট নিতেই ভারতে এসেছেন ইংল্যান্ডের স্পিনার রেহান আহমেদ। ভারতের বিরুদ্ধে প্রথম দুই টেস্টে নজর কেড়েছেন রেহান। কিন্তু যাঁর উইকেট নেওয়ার জন্য এসেছেন তাঁর বিরুদ্ধে বল করার সুযোগ রেহানের এখনও হয়নি। তৃতীয় টেস্টের আগে একটি সাক্ষাৎকারে রেহান বলেন, ''বিরাট খুব ভাল ব্যাটার। সেটা ওর পরিসংখ্যান থেকেই স্পষ্ট। ওকে আউট করা সহজ নয়। তাই ওর বিরুদ্ধে বল করা চ্যালেঞ্জের। আমি ওকে আউট করার লক্ষ্য নিয়েই ভারতে এসেছি। কিন্তু এখনও বিরাটের বিরুদ্ধে বল করার সুযোগ পাইনি। আশা করি তৃতীয় টেস্টে পাব।'' বিরাট ছাড়া আর এক জন ভারতীয় ক্রিকেটারের কথা বলেছেন রেহান। তিনি যশস্বী জয়সওয়াল। দ্বিতীয় টেস্টের প্রথম ইনিংসে দ্বিশতরান করেছেন যশস্বী। তাঁকে থামানো মুশকিল বলেই মনে করেন রেহান। তিনি বলেন, ''যশস্বী খুব আক্রমণাত্মক ব্যাটিং করে। ওর খেলার ধরনটাই ও রকম। আশা করছি, আমাদের বিরুদ্ধে ও আর রান করতে পারবে না। কারণ, যশস্বী বিপক্ষের হাত থেকে খেলা বার করে নিয়ে চলে যায়।''

নিজের বায়োপিকে নিজেই হিরো হতে চান মহম্মদ সামি

দুরন্ত বার্তা প্রতিবেদন

ভারতীয় তারকা পেসার মহম্মদ সামি কি চান তাঁকে নিয়ে একটি বায়োপিক হোক? আর তেমনটা হলে কোন অভিনেতার মুখ্য চরিত্রে থাকা উচিত? সম্প্রতি মহম্মদ সামিকে এই প্রশ্নের মুখোমুখি হতে হয়েছিল। এক সাক্ষাৎকারে এই প্রশ্ন এসেছিল অর্জুন পুরস্কার পাওয়ার সামির কাছে। তার উত্তরে মুচকি হেসে মহম্মদ সামি বলেন, ''আমি এখনই বায়োপিকের ব্যাপার নিয়ে কিছু ভাবিনি। তবে হ্যাঁ আমার বায়োপিক তো একটা হওয়া উচিত।'' অতীতে একাধিক ভারতীয় ক্রিকেটারের বায়োপিক হয়েছে। তার মধ্যে টিম ইন্ডিয়ার প্রাক্তন অধিনায়ক মহেন্দ্র সিং ধোনির বায়োপিক এমএস ধোনি দ্য আনটোল্ড স্টোরি সবচেয়ে

বেশি জনপ্রিয়তা পেয়েছিল। সেই বায়োপিকে মুখ্য চরিত্রে অভিনয় করেছিলেন বলিউডের প্রয়াত অভিনেতা সুশান্ত সিং রাজপুত। সত্যিই যদি সামির বায়োপিক হয়, তাতে কোন অভিনেতাকে মুখ্য চরিত্রে দেখা যাবে? সাক্ষাৎকারে এই প্রশ্নের উত্তরে সামি ফের হাসতে হাসতে বলেন, ''আমাকে দিয়েই মুখ্য চরিত্রে অভিনয় করিয়ে নেওয়া যায়। পরের দিকে তো (সামি তাঁর ক্রিকেট ছাড়ার পরের কথা উল্লেখ করেন) আমার আর তেমন কিছু করার থাকবে না। তা হলে নিজের বায়োপিকেই আমি কাজ করে নেব।'' দীর্ঘদিন মাঠের বাইরে রয়েছেন সামি। গোড়ালির চোটের কারণে দেশের মাটিতে ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজে খেলছেন না সামি। ৩৩ বছরের সামি আর কতদিন খেলা চালিয়ে যাবেন? এই প্রশ্নের উত্তরে সামি বলেন, ''যতদিন ভালো পারফর্ম করতে পারছি ততদিন খেলব। আমি ভেবেছি তারপর যখন মনে করব বিরক্ত বোধ করছি, তখন ক্রিকেট খেলা ছেড়ে দেব। আমার ওপর কারও চাপের প্রয়োজন নেই। আমাকে কেউ এটা বোঝানোর মতোও নেই। আমার পরিবারও এই নিয়ে কিছু বলে না। যে দিন আমার মনে প্রশ্ন আসবে যে সকালে উঠে আবার মাঠে যেতে হবে? সে দিন আমি ছেড়ে দেব খেলা। নিজেই টুইট করব।''

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর Ph. No. 033-2237-0488, 9830217166
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar E-mail: dailydurantabarta@gmail.com